বগুড়া জেলায় প্রাপ্ত পুরোনো বাংলা দলিলপত্র : বিবরণ ও বিশ্লেষণ

মোস্তফা আহাদ তালুকদার

403626

ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

Dhaka University Library
403626

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম.ফিল.- ডিগ্রির জন্য প্রস্তুত অভিসন্দর্ভ

মার্চ ২০০৬

Dhaka University Institutional Repository

বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৯৬৬১৯০০-৭৩/৪২০২; ফ্যাক্স: ৮৮০-২-৮৬১৫৫৮৩
ই-মেইল bangla@du.bangla.net

Department of Bangla
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Call : 9661900-73/4202; Fax : 880-2-8615583
E-mail : bangla@du.bangla.net

Date :

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে মোস্তফা আহাদ তালুকদার কর্তৃক উপস্থাপিত 'বগুড়া জেলায় প্রাপ্ত পুরোনো বাংলা দলিলপত্র: বিবরণ ও বিশ্লেষণ'-শীর্ষক অভিসন্দর্ভ আমার তত্ত্বাবধানে রচিত। এই অভিসন্দর্ভ বা এর কোনো অংশ গবেষক অন্য কোনো প্রতিষ্ঠানে বা বিশ্ববিদ্যালয়ে কোনো ডিগ্রির জন্য উপস্থাপন করেন নি।

403626

মুহম্মদ শাহজাহান মিয়া ৩০.০৩.২০০৬
(ড. মুহম্মদ শাহজাহান মিয়া)
গবেষণা তত্ত্বাবধায়ক ও প্রফেসর
বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।

Dhaka University Institutional Repository

মুখবন্ধ

'বগুড়া জেলায় প্রাপ্ত পুরোনো বাংলা দলিলপত্র : বিবরণ ও বিশ্লেষণ'- শীর্ষক অভিসন্দর্ভটি আমার বিগত দুই বছরের অবিরাম গবেষণার ফল। এম.এ. শ্রেণীর ছাত্রাবস্থায় বাংলা পাণ্ডুলিপির প্রতি গভীর কৌতূহলবশতই এমন একটি বিষয়ে গবেষণার সিদ্ধান্ত নেই। এছাড়া বাংলা গদ্যের আদিপর্বের ইতিহাস অনুসন্ধান, বিশেষত অঞ্চলভিত্তিক পুরোনো বাংলা গদ্যের বিক্ষিপ্ত ও বিলুপ্তপ্রায় উপকরণসমূহ (এসব দলিল-দস্তাবেজ) পুনরুদ্ধার ও যথাযথ পাঠোদ্ধারের মাধ্যমে তা সকলের দৃষ্টিগোচর করা এ গবেষণার অন্যতম উদ্দেশ্য।

সম্পাদিত গবেষণাকর্মটিতে বগুড়া জেলা থেকে প্রাপ্ত সর্বমোট ১৩৩টি 'পুরোনো বাংলা দলিল-দস্তাবেজ ও চিঠিপত্র' স্থান পেয়েছে। এখানে ১৩৩টি পত্রের প্রত্যেকটির মূল পাণ্ডুলিপি ও তার প্রতিবর্ণীকৃত পাঠ (আধুনিক বাংলালিপিতে) সংযোজিত হয়েছে। গবেষণাকর্মটিতে ভূমিকা ও একাধিক পরিশিষ্টের মাধ্যমে পুরোনো বাংলালিপি, ভাষা, সমাজ, সভ্যতা, সংস্কৃতি ও ইতিহাসের নানা উপাদান অধ্যয়ন, বিশ্লেষণ ও বিন্যাস করা হয়েছে।

গবেষণাকর্মটিতে সংযোজিত ও ব্যবহৃত সর্বমোট ১৩৩টি 'পুরোনো বাংলা দলিল দস্তাবেজ ও চিঠিপত্র' বিভিন্ন সময়ে বগুড়ার জেলা রেকর্ডরুম, জেলা ভূমি-রেজিস্ট্রি অফিস, বিভিন্ন পুরোনো জমিদার বাড়ি, শেরপুর ডি.জে. উচ্চ বিদ্যালয় ও ব্যক্তিগত সংগ্রহ থেকে সংগৃহীত। এই সংগ্রহের বিভিন্ন পর্যায়ে যাঁরা সাহায্য ও সহযোগিতা দান করেছেন তাঁদের নিকট আমার ঋণ অপরিসীম। এঁদের মধ্যে বিশেষভাবে উল্লেখ্য হলেন বগুড়ার তৎকালীন জেলা-প্রশাসক জনাব রফিকুল মোহামেদ, যিনি বগুড়া জেলা রেকর্ডরুমে সংরক্ষিত পত্রসমূহের জেরক্স কপি করার অনুমতি দিয়ে সহায়তা করেছিলেন; পত্রগুলো জেরক্স করে দিয়েছিলন রেকর্ডরুমের উচ্চমান সহকারী জনাব মো: আব্দুস সোবহান সেখ;তৎকালীন জেলা রেজিস্ট্রার জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান খন্দকার- যাঁর ব্যক্তিগত কৌতূহল, আগ্রহ ও সহায়তায় জেলা ভূমি রেজিস্ট্রি অফিসে রক্ষিত দলিলপত্রসমূহ উদ্ধার করা সম্ভব হয়েছে; শেরপুর ডি.জে. উচ্চবিদ্যালয়ের বর্তমান প্রধানশিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব রবীন্দ্রনাথ সরকার, প্রাক্তন প্রধানশিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব সদানন্দ লাহিড়ী, প্রাক্তন প্রধানশিক্ষক জনাব মো: আব্দুল হামিদ ও জনাব আহমদ আলী; এঁরা প্রত্যেকেই আমার সম্মানিত শিক্ষক। প্রায় দেড়শতাব্দী প্রাচীন 'স্কুল রেজলুশন্ বুক' থেকে বাংলা রেজলুশন্গুলোর জেরক্সকপি সংগ্রহে ও সুপ্রাচীন স্কুল লাইব্রেরী ব্যবহারে এঁরা এবং স্কুলের বর্তমান শিক্ষকবৃন্দ ও কর্মচারীগণ সকলেই সানন্দ-সহযোগিতা দান করেছেন। এঁদের সহায়তা এমুহূর্তে আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

ব্যক্তিগত সংগ্রহ থেকে পুরোনো পত্রসমূহের জেরক্সকপি প্রদান করে যাঁরা আমাকে সহায়তা করেছেন তাঁরা হলেন: বর্তমান বগুড়া জেলা রেজিস্ট্রার জনাব ওসমান গনি ও

Dhaka University Institutional Repository

শেরপুরের প্রখ্যাত পীর 'গাজী মিঞার' খাদেমগণের অন্যতম উত্তরাধিকারী জনাব মজনুর রহমান মজনু। এ প্রসঙ্গে উল্লেখ্য যে কিছু পত্র আমার নানামণি মরহুম ডা. হাফিজার রহমানের (মাতামহ) সংগ্রহে ছিল। এগুলো আমাকে সরবরাহ করেছেন তাঁর পৌত্রী মোছা: হাবীবা সুলতানা। এঁদের সকলের নিকট আমি বিশেষভাবে কৃতজ্ঞ।

আমার শ্রদ্ধেয় শিক্ষক, শেরপুর ডিগ্রিকলেজের প্রাক্তন অধ্যক্ষ, 'শেরপুরের ইতিহাস (অতীত ও বর্তমান)' গ্রন্থের প্রণেতা জনাব অধ্যক্ষ মুহম্মদ রোস্তম আলী। তিনি আমার গবেষণা-কর্মেও নানাভাবে উৎসাহ যুগিয়েছেন এবং প্রয়োজনীয় কতিপয় মূল্যবান পরামর্শ দিয়েছেন। এজন্য তাঁর কাছে আমি সবিশেষ ঋণী।

শেরপুরের প্রবীণ ও বিশিষ্ট ব্যক্তি দৈনিক উত্তরবার্তা পত্রিকার প্রাক্তন সম্পাদক মুহম্মদ আবদুল মতিন আমাকে তাঁর ব্যক্তিগত লাইব্রেরী ব্যবহার করার সুযোগ দিয়েছেন। শেরপুরের শতবর্ষজীবী প্রবীণ ব্যক্তি এবং প্রখ্যাত কবি ও সাহিত্যিক জনাব হোসেন-বিন-আব্বাস (জন্ম: ১৯০২) শেরপুর সম্পর্কে নানা গুরুত্বপূর্ণ তথ্য ও পরামর্শ দিয়ে আমাকে সহায়তা করেছেন। আমি তাঁদের কাছেও সমভাবে কৃতজ্ঞ।

গবেষণাকর্ম নির্বাহকালে আমার পারিবারিক সংগ্রহ এবং আমার গবেষণাতত্ত্বাবধায়ক মহোদয়ের বিপুল সংগ্রহ ছাড়াও আমি ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, বাংলা একাডেমী গ্রন্থাগার ও বগুড়া উডবার্ণ পাবলিক লাইব্রেরী ব্যবহার করেছি। এসব প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ ও কর্মচারিবৃন্দকে আমি ধন্যবাদ জানাই। এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়গ্রন্থাগারের জনাব মো: আমান উল্লাহর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের প্রভাষক স্নেহাস্পদ মুহা: মিজানুর রহমান এবং ফার্সি ও উর্দু বিভাগের প্রভাষক জনাব মো: আবুল কালাম সরকার আমার বিশেষ ধন্যবাদার্হ। পত্রসমূহে প্রাপ্ত বেশকিছু আরবি-ফারসি শব্দের উৎস-নির্ণয় ও যথাযথ অর্থঅনুধাবনে তাঁদের আন্তরিক সহযোগিতার কথাও এমুহূর্তে আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

গবেষণাকার্যের নানা পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শ্রদ্ধেয় শিক্ষকবৃন্দ আমাকে অনুক্ষণ বিভিন্ন পরামর্শ ও অনুপ্রেরণা দান করেছেন এবং প্রয়োজনীয় গ্রন্থাদি পাঠ করতে দিয়ে সহায়তা করেছেন। উল্লিখিত শিক্ষকবৃন্দ হচ্ছেন: প্রফেসর ড. রফিকুল ইসলাম, প্রফেসর ড. মোহাম্মদ মনিরুজ্জামান, প্রফেসর ড. আনিসুজ্জামান, প্রফেসর ড. ওয়াকিল আহমদ, প্রফেসর ড. আবুল কালাম মনজুর মোরশেদ, প্রফেসর ড. সৈয়দ আকরম হোসেন, প্রয়াত প্রফেসর ড. হুমায়ুন আজাদ, প্রফেসর ড. সাঈদ-উর-রহমান, প্রফেসর আবুল কাসেম ফজলুল হক, প্রফেসর আহমদ কবির, প্রফেসর ড. এস এম লুৎফর রহমান, প্রফেসর ড. বেগম আকতার কামাল, প্রফেসর ড. রফিকউল্লাহ খান, প্রফেসর ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ, প্রফেসর ড.

Dhaka University Institutional Repository

বিশ্বজিৎ ঘোষ, প্রফেসর ড. ভীষ্মদেব চৌধুরী, প্রফেসর মনোয়ারা বেগম, অধ্যাপক ড. সৌমিত্র শেখর দে, অধ্যাপক বায়তুল্লাহ কাদেরী, অধ্যাপক আমীনুর রহমান, অধ্যাপক সিরাজুল ইসলাম, অধ্যাপক মেহের নিগার। তাঁরা সকলে, সান্নিধ্য ও অনুপ্রেরণা দিয়ে, আমাকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করেছেন।

এপ্রসঙ্গে বিভাগীয় চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ আবু জাফরের পরামর্শ, প্রশাসনিক তৎপরতা ও সহায়তার কথা আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

গবেষণাকর্মের কোন কোন পর্যায়ে আমি পরামর্শ নিয়েছি প্রবীণ অধ্যাপক ড. কাজী দীন মুহম্মদ ও অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাইউমের। এজন্য তাঁদের কাছেও কৃতজ্ঞতাজ্ঞাপন করছি।

সর্বোপরি আমার শ্রদ্ধেয় শিক্ষক ও গবেষণাতত্ত্বাবধায়ক প্রফেসর ড. মুহম্মদ শাহজাহান মিয়ার পরামর্শ ও সহযোগিতার কথা আমি বিশেষভাবে উল্লেখ করতে চাই। পাণ্ডুলিপি সম্পর্কে তাঁর সুগভীর জ্ঞান ও পাণ্ডিত্য আমাকে মুগ্ধ করেছে। তাঁর দীর্ঘ অভিজ্ঞতা-ঋদ্ধ প্রজ্ঞা ও সাহচর্যে আমি উপকৃত হয়েছি। লিপিতাত্ত্বিক ও ভাষাতাত্ত্বিক সূক্ষ্ম বিষয়সমূহ নিয়ে তাঁর সঙ্গে দীর্ঘদিনের আলোচনা-পর্যালোচনা আমার এই দুরূহ গবেষণাকর্মকে অনায়াসলব্ধ করেছে। তাঁর কাছে আমার কৃতজ্ঞতা ও ঋণ অপরিমেয়। প্রসঙ্গত লায়লা ভাবীর অনুপ্রেরণা ও আপ্যায়নও বিশেষভাবে স্মরণীয়।

আমার শ্রদ্ধেয় পিতা অধ্যাপক নূর মোহাম্মদ তালুকদার ও মাতা মহিনূর বেগমের কথা এ প্রসঙ্গে না বললেই নয়। বিশেষত আমার পিতা তাঁর শত ব্যস্ততার মধ্যেও বেশকিছু দলিলপত্র সংগ্রহের কষ্টসাধ্য কাজটি করে দিয়েছিলেন। তাঁদের নিরন্তর উৎসাহ ও অনুপ্রেরণা গবেষণাকর্মে আমাকে সারাক্ষণ উৎসাহ ও উদ্দীপনা যুগিয়েছে। অগ্রজা প্রভাষক নূর মহল, অনুজ মেডিক্যাল পড়ুয়া মুস্তাফা আল্লামা তালুকদার, ভগ্নিপতি অধ্যাপক মো: সিরাজুল ইসলাম, ভাগিনেয়ীদ্বয় সিতি ও প্রিতি এবং আমার পরিবার-পরিজনবর্গকেও আমি আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। কারণ তাঁদের সকলের উৎসাহ-অনুপ্রেরণা ও সাহায্য-সহযোগিতা আমার শ্রমসাধ্য গবেষণাকার্যের পরিসমাপ্তিকে ত্বরান্বিত করেছে।

পরিশেষে এ.জেড. কম্পিউটার (১১১-১১২, বাকুশাহ হকার্স মার্কেট, নীলক্ষেত, ঢাকা-১২০৫) এর স্বত্বাধিকারী জনাব মো: জাকির হোসেন ও মুদ্রাক্ষরিক মো: কামাল হোসেনকে অভিসন্দর্ভটি মনোযোগ ও ধৈর্য সহকারে কম্পোজ করার কষ্টস্বীকার করায়, আমি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

মোস্তফা আহাদ তালুকদার

(মোস্তফা আহাদ তালুকদার) ৬০-৬৩-০৬

Dhaka University Institutional Repository

সূচী

ভূমিকা		**৭-২৮**
দলিলপত্রসমূহের তালিকা		**২৯-৪০**
দলিলপত্রসমূহের মূলপাঠ		**৪১-৩৯৭**
পরিশিষ্ট		**৩৯৮-৪৮৫**
পরিশিষ্ট-১	দলিলপত্রসমূহের কালানুসারী তালিকা	৩৯৮
পরিশিষ্ট-২	দলিলপত্রসমূহের বিষয়ানুসারী তালিকা	৪০৯
পরিশিষ্ট-৩	পত্রসমূহে প্রাপ্ত কতিপয় ব্যক্তিনামের বর্ণানুক্রমিক তালিকা	৪২২
পরিশিষ্ট-৪	পত্রসমূহে প্রাপ্ত স্থাননামগুলোর বর্ণানুক্রমিক তালিকা	৪৫৩
পরিশিষ্ট-৫	পত্রসমূহে প্রাপ্ত বিশিষ্ট আঞ্চলিকশব্দের বর্ণানুক্রমিক তালিকা	৪৬৫
পরিশিষ্ট-৬	পত্রসমূহে প্রাপ্ত আরবি, ফারসি ও হিন্দিশব্দের বর্ণানুক্রমিক তালিকা	৪৬৮
পরিশিষ্ট-৭	পত্রসমূহে প্রাপ্ত কিছু বিকৃত ইংরেজিশব্দের তালিকা	৪৭৬
পরিশিষ্ট-৮	পত্রসমূহে প্রাপ্ত কতিপয় সংক্ষেপিতশব্দের বর্ণানুক্রমিক তালিকা	৪৭৮
পরিশিষ্ট-৯	পত্রসমূহে প্রাপ্ত কতিপয় সাংকেতিকশব্দ, বর্ণ ও চিহ্ন	৪৮০
পরিশিষ্ট-১০	সহায়ক গ্রন্থপঞ্জি	৪৮১
নির্ঘণ্ট		**৪৮৬**

Dhaka University Institutional Repository

ভূমিকা

"তিন শ বছরের সচল ধারা ফেলে রেখে নতুন অভিভাবকতায় এভাবে বাংলা গদ্যের নবযাত্রা শুরু হয়েছিল উনিশ শতকের শুরুতে। এ যাত্রায় অনেক বিত্ত সংগৃহীত হয়েছিল সন্দেহ নেই, কিন্তু ঘরের অনেকদিনের সঞ্চয়ও হারিয়ে গিয়েছিল।"[১] -সেই হারানো ঐতিহ্যের অনুসন্ধান, বিশেষত, পুরোনো বাংলা গদ্যের আঞ্চলিক ইতিহাস ও ঐতিহ্যের পুনরুদ্ধার-প্রচেষ্টাতেই বর্তমান গবেষণাকর্মটি পরিচালিত হয়েছে।

'তত্ত্ববোধে ও যুক্তিজ্ঞানে পরিশীলিত'[২] আধুনিক বাংলা গদ্যের উদ্ভবের মূলে পাশ্চাত্য প্রভাব অনস্বীকার্য। বস্তুত কলকাতা ব্রিটিশ ভারতের রাজধানী হওয়ায় এবং ১৮০০ খ্রিষ্টাব্দে ইংরেজ কর্তৃক ফোর্টউইলিয়াম কলেজ প্রতিষ্ঠাই বাংলাগদ্যের নবযাত্রাকে ত্বরান্বিত করেছে। ১৮০১ খ্রিষ্টাব্দে উক্ত কলেজে বাংলা বিভাগ চালু হয় এবং এই বিভাগের ইংরেজ অধ্যাপক ও সংস্কৃতজানা বাঙালি পণ্ডিতদের উপরই আধুনিক বাংলা গদ্য রচনার দায়িত্ব ন্যস্ত হয়। স্বভাবতই তাঁদের সৃষ্ট গদ্যে ইংরেজি ভাষা ও সংস্কৃতির প্রভাব ছাড়াও সংস্কৃত ভাষার ব্যাপক প্রভাব পড়ে। এর ফলে সমকালীন গদ্য ভিন্নতর রূপপরিগ্রহ করে। পরবর্তী সময়ে সেই ভিন্নতর গদ্যে শিল্প-সাহিত্য রচিত হয়ে ক্রমশ জনপ্রিয়তা লাভ করে।

আধুনিক বাংলা গদ্যের এই ইতিহাস যেমন সত্য, তেমনি প্রাক্-উনিশশতকী বাংলা গদ্যের অবহেলার ইতিহাসও সমধিক সত্য। উনিশ শতকের পূর্বে তথা ষোল থেকে আঠার শতকের বাংলা গদ্যের নিদর্শন সীমিত ও ইতস্ততবিক্ষিপ্ত ইত্যাদি বলে মূলত অবহেলা ও অবজ্ঞাই করা হয়েছে। অথচ পাশ্চাত্য প্রভাবের পূর্বে মুসলিম শাসনামলে ভারতবর্ষে গদ্যচর্চার ও গদ্যরীতির সমৃদ্ধ ঐতিহ্য ছিল। এসব ঐতিহ্যের প্রামাণ্য নমুনা আজো সারাদেশে 'পুরোনো দলিল-দস্তাবেজ ও চিঠিপত্রে' ছড়িয়ে-ছিটিয়ে আছে। তাছাড়া উনিশ শতকের প্রথমার্ধে আধুনিক বাংলা গদ্যের নবযাত্রা শুরু হলেও গোটা উনিশ শতক জুড়েই তা কেবল কলকাতাকেন্দ্রিক সাহিত্যচর্চার মধ্যেই সীমাবদ্ধ ছিল। এগদ্য তখনো 'সর্বত্রগামী' হয়নি। বরং উনিশ শতকের শেষ পর্যন্তও বাংলাদেশের সর্বত্র (চিঠিপত্র ও দলিল-দস্তাবেজে) বাংলা গদ্যের পুরোনো রীতিই অনুসৃত হয়েছে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে পুরোনো গদ্যের এসকল প্রকৃষ্ট নমুনা আজও

Dhaka University Institutional Repository

অবহেলিত ও অনুদ্‌ঘাটিত। ইতস্ততবিক্ষিপ্ত ও বিলুপ্তপ্রায় এউপকরণগুলো একত্র করার চেষ্টা করা হয় নি। তেমন ভাবে উপাদান সংগ্রহের কাজও হয় নি। বিশেষ করে অঞ্চলভিত্তিক পুরোনো বাংলা গদ্যের উপকরণ সংগ্রহের কোন দৃষ্টান্ত নেই। অথচ বাংলাভাষা বা গদ্যের প্রাচীন নমুনা ছাড়াও এসব 'পুরোনো দলিল-দস্তাবেজ ও চিঠিপত্র' বাঙালীর সমাজ, সভ্যতা, সংস্কৃতি ও ইতিহাসের অনেক উপাদানে সমৃদ্ধ। সমকালীন বাংলালিপির (বাংলা হরফের) ইতিহাস আবিষ্কারেও এসব পুরোনো দলিলপত্র সমধিক গুরুত্বপূর্ণ।

বাংলাদেশের অন্যতম পুরোনো ও ঐতিহ্যবাহী জেলা বগুড়া। এদেশের সর্বপ্রাচীন নগরী (পৌণ্ড্রবর্ধন/ মহাস্থানগড়) এই বগুড়া। পৌণ্ড্রবর্ধন মৌর্যরাজ অশোকবর্ধনের (২৫২খৃ:পূ:) সাম্রাজ্যভুক্ত ছিল।[৩] এই সুপ্রাচীন নগরীর বহুবিধ ঐতিহ্যের ন্যায় 'পুরোনো দলিল-দস্তাবেজ ও' আজ বিলুপ্তপ্রায়। অযত্ন-অবহেলায় কালের গর্ভে হারিয়ে গেছে এসব পুরোনো ঐতিহ্য। অনেক চেষ্টা করেও উনিশ শতকের পূর্বের কোন দলিল-দস্তাবেজ সংগ্রহ করা সম্ভব হয় নি। বগুড়া জেলা রেকর্ডরুম, জেলা ভূমি-রেজিস্ট্রি অফিস, বিভিন্ন জমিদার বাড়ি ও ব্যক্তিগত সংগ্রহ থেকে প্রাপ্ত ১৮০১-১৯০০ পর্যন্ত অর্থাৎ উনিশ শতকের সর্বমোট ১৩৩টি বিনষ্টপ্রায় ও ইতস্ততবিক্ষিপ্ত 'পুরোনো বাংলা দলিলপত্রের' সংগ্রহ নিয়েই গবেষণাকর্মটি পরিচালিত ও সম্পন্ন হয়েছে।

বগুড়া জেলায় প্রাপ্ত এসব 'পুরোনো দলিলপত্র' একদিকে যেমন জেলার প্রাচীন ঐতিহ্যের ধারক, তেমনি ভাষা, সমাজ ও সংস্কৃতির ইতিহাসে অঞ্চলভিত্তিক নিদর্শনেরও প্রামাণিক দলিল। এগুলো আঞ্চলিক পুরোনো বাংলা গদ্যের উৎকৃষ্ট নমুনাও বটে। এসব দলিল অধ্যয়ন ও বিশ্লেষণে বগুড়া অঞ্চলের পুরোনো বাংলা লিপি, ভাষা, সমাজ,সভ্যতা,সংস্কৃতি ও ইতিহাসের নানা উপাদানের সঙ্গে পরিচিত হওয়া সম্ভব।

উনিশ শতকের ১৩৩টি দলিলপত্রের প্রতিটির মূল পাণ্ডুলিপি ও তার প্রতিবর্ণীকৃত পাঠ (আধুনিক বাংলালিপিতে) এখানে দেওয়া হয়েছে। প্রাপ্ত পত্রসমূহ উনবিংশ শতাব্দীতে রচিত হলেও, লিপিতাত্ত্বিক ও ভাষাতাত্ত্বিক বিচারে, এগুলোর গুরুত্ব অপরিসীম। বিশেষত বাংলালিপির বিবর্তন ও সমকালীন ভাষার বৈশিষ্ট্য বিচারে এগুলোর গুরুত্ব অনস্বীকার্য।

Dhaka University Institutional Repository

১

লিখিতভাবে মনের ভাব প্রকাশের জন্য যেসব চিহ্ন ব্যবহার করা হয়, তাকেই আমরা সাধারণত 'লিপি' বলে থাকি। লিপির উদ্ভব যেমন অকস্মাৎ একদিনে হয় নি, তেমন প্রাক-মুদ্রাযন্ত্র- কালে লিপির বিবর্তন ছিল ভাষার বিবর্তনের মতই সহজ ও স্বাভাবিক প্রক্রিয়া। ভারতীয় উপমহাদেশের প্রাচীনতম বর্ণমালা দু'টি-'খরোষ্ঠী' ও 'ব্রাহ্মী'। [ব্রাহ্মীলিপির পূর্ববর্তী কোন লিপি এ পর্যন্ত আবিষ্কৃত হয় নি।] ব্রাহ্মীলিপি থেকেই বাংলা লিপির উদ্ভব। খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকে সম্রাট অশোকের সময় প্রায় সমগ্র উপমহাদেশে ব্রাহ্মীলিপির প্রচলন ছিল। খ্রিষ্টপূর্ব ৩০০ অব্দ থেকে ১০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত প্রচলিত এই লিপি মোটামুটিভাবে অপরিবর্তিতই ছিল। এ লিপির বিবর্তন খ্রিষ্টীয় প্রথম শতক থেকে শুরু হয়।[৪] খ্রিষ্টীয় প্রথম শতক থেকে তৃতীয় শতক পর্যন্ত কুষাণ রাজাদের আমলে 'কুষাণলিপি' প্রচলতি ছিল। আবার খ্রিষ্টীয় চতুর্থ থেকে পঞ্চম শতকে গুপ্তবংশীয় রাজত্বকালে ভারতীয় উপমহাদেশে 'গুপ্তলিপির' প্রচলন ছিল। এভাবে রাজবংশের পরিবর্তনের সঙ্গে সঙ্গে লিপিরও পরিবর্তন সাধিত হয়েছে। তবে খ্রিষ্টীয় ষষ্ঠ শতক থেকে এই উপমহাদেশে বিভিন্ন লিপির উদ্ভব বা প্রচলন প্রধানত অঞ্চল ভিত্তিক। খ্রিষ্টীয় ষষ্ঠ শতকে ভারতীয় উপমহাদেশের পূর্ব, উত্তর ও দক্ষিণ অঞ্চলে বিভিন্ন আঞ্চলিক লিপির সন্ধান পাওয়া যায়। এগুলো হল পূর্বাঞ্চল লিপি, উত্তরাঞ্চল লিপি ও দক্ষিণাঞ্চল লিপি।[৫]

পরবর্তী প্রত্যেক শতকেই এমনকি সতের, আঠার ও উনিশ শতকেও, বাংলালিপির অঞ্চলভিত্তিক বিভিন্নতা (বর্ণ-বৈচিত্র্য) বিদ্যমান ছিল। বাংলালিপির এ বিবর্তন অশোকের ব্রাহ্মী-লিপি থেকে শুরু করে মুদ্রাযন্ত্রে উত্তরণ পর্যন্ত পরিলক্ষিত হয়। [দ্র: ড. মুহম্মদ শাহজাহান মিয়া, 'বাংলা পাণ্ডুলিপি পাঠসমীক্ষা', (বাংলা একাডেমী ঢাকা, ১৯৮৪) পৃ: ২১৯-২২৫]

বগুড়া অঞ্চলে প্রাপ্ত উনিশ শতকের লিপিতেও লিপিবিবর্তন (বর্ণবৈচিত্র্য) তথা একই লিপির বিভিন্ন রূপের 'প্রয়োগ-বৈশিষ্ট্যের' অস্তিত্ব লক্ষ্য করা যায়। এ অঞ্চলে একই হরফের দু-তিনটি এমনকি তার অধিক রূপ (আকৃতি) প্রচলিত ছিল।

পত্রসমূহে প্রাপ্ত বেশকিছু হরফের প্রতিটির একাধিক আকৃতির দৃষ্টান্ত নিচের চুকে দেওয়া হল:

আধুনিক বাংলা বর্ণ	দলিলপত্রে প্রাপ্ত আকৃতিসমূহ	সংশ্লিষ্ট দলিলগুলোর পর্যায়ক্রমিক সংখ্যা
অ		(১, ৮, ১৪, ২২, ৮১)
আ		(১, ৬, ২৪, ৮১)
উ		(৮২, ৮৭, ১০৩, ১১৪)
ও		(১,২২, ২৩, ৬৯,১১১, ১১৪, ১১৯)
ক		(১, ২, ৩, ৬, ১১, ৮১, ৯২, ১১২)
ঙ		(১, ৪৬, ৫১, ৭১)
চ		(৬৮, ৭২, ৭৩, ১১৬)
ছ		(৯, ১৮, ১৯,২০)
জ		(১৬, ১৯, ২৩, ২৫,৭৯)
ত		(৪, ১৩, ৪০, ৯২, ১২৮)
ৎ		(৪২, ৫৮, ৭৬, ৮৪, ১১২)
ঝ		(৫৪, ৭০, ৭৯)
দ		(৬, ৭৩, ৭৬, ১১৩)
ধ		(৮, ২০, ২৩, ৩৯, ৭২)
ন		(১, ৩, ১২, ৩০, ৭৯, ৮২)
ফ		(৩, ১০, ৪৩, ৮৪)
ব		(৩, ৭, ১৩, ৯৬)
ভ		(৮, ২২, ৪৩,৮৬)

Dhaka University Institutional Repository

আধুনিক বাংলা বর্ণ	দলিলপত্রে প্রাপ্ত আকৃতিসমূহ	সংশ্লিষ্ট দলিলগুলোর পর্যায়ক্রমিক সংখ্যা
র		(৩, ৬৫, ১১১, ১১২)
ল		(১, ২, ১৮, ২৩, ৮২, ১১৮)
শ		(১, ২, ২২,৬৮,৮১)
ষ		(৫, ৭৫, ১৫৩, ১২৮)
ড়		(২, ৪৫)
ং		(১, ১৩, ৪৩, ৪৭, ৫৮, ৫২, ১১২)
ঃ		(১৩, ৫৬,১০১)
ঁ		(৯, ২৪, ৬৫)

স্বরসংযুক্ত ব্যঞ্জন অথবা যুক্তবর্ণ	দলিলপত্রে প্রাপ্ত আকৃতিসমূহ	সংশ্লিষ্ট দলিলগুলোর পর্যায়ক্রমিক সংখ্যা
কু		(১, ৬, ৭, ১১, ১৮, ২৬, ৬৪, ৭৯)
ঙ্গ		(১৩,২৬ খ, ৪০, ১০১)
তু		(৪, ৩৪, ৪৭)
তে		(৪৬, ৪৭, ১১০)
দ্দ		(৫, ৫৪, ৬৬)
ট্ট		(১১, ১২, ৪৭, ৬৮, ৯০)
ন্ন		(৯৯)
পু		(৬, ৭, ৯৬ক)

স্বরসংযুক্ত ব্যঞ্জন অথবা যুক্তবর্ণ	দলিলপত্রে প্রাপ্ত আকৃতিসমূহ	সংশ্লিষ্ট দলিলগুলোর পর্যায়ক্রমিক সংখ্যা
ভূ		(৮, ২২)
মু		(১৬, ৪৬, ৫৩, ১২২)
যু		(১৩, ১৯, ৪৬, ৭০, ৮৩)
লু		(৩, ৩০, ৭৩, ৮৭)
শ্রী		(১৫ , ১৮,২৪, ২৫, ৪২, ৮৫, ৯১)
সু		(১, ৩, ২৮, ৪০, ৫২, ৭২, ৯১)
ষ্ণ		(৯, ৭২, ৭৯, ৮৪, ৮৫)
হ্ন		(৯৬ক)
কৃষ্ণ (একীভূত শব্দ)		(৮, ৯, ১৪, ১৯, ২০, ৩৭, ৪০, ৮১, ৯১, ১০৫)

পত্রসমূহের লিপিতাত্ত্বিক বৈশিষ্ট্য পর্যালোচনা করে দেখা যায়: এসব পাণ্ডুলিপি বহুরকম লিপি-বৈশিষ্ট্যে পরিপূর্ণ। এ লিপি-বৈশিষ্ট্যে শুধু বর্ণ বা হরফের (আ, ক, ন, ব, র, ল, শ, ং, ঃ, প্রভৃতি) আকৃতিতেই কেবল বৈচিত্র্য বিদ্যমান নেই, বহু স্বরসংযুক্ত বর্ণ ও যুক্তবর্ণের, (কু, দ্দ, ঙ্গ, ষ্ণ, হ্ন প্রভৃতি) বহু বিচিত্র-আকৃতিও (রূপ) পরিদৃষ্ট হয়। আবার সমরূপ বর্ণ ও যুক্তবর্ণও = সু. = খ, = তু, = ও, = কু,  = দ্দ ইত্যাদি) তখন প্রচুর পরিমাণে বিদ্যমান ছিল। 'সাদৃশ্য (analogy)-এর প্রভাবে পৃথক্ পৃথক্ আকৃতিবিশিষ্ট একাধিক হরফ, স্বর-সংযুক্ত ব্যঞ্জন ও যুক্তবর্ণ, একপর্যায়ে বহুবিধ সমরূপে আবির্ভূত হয়েছিল'। লিপিতাত্ত্বিকগণ একে 'সাদৃশ্য-মূলক প্রতিক্রিয়া'-বলে অভিহিত করেছেন। (দ্র: ড. মুহম্মদ শাহজাহান মিয়া, 'বাংলা পাণ্ডুলিপি পাঠ-সমীক্ষা', বাংলা একাডেমী, ঢাকা ১৯৮৪, পৃ: ১৬৭-১৮০)। এছাড়াও প্রাপ্ত দলিলপত্রসমূহের পাণ্ডুলিপিতে 'রেফ্' চিহ্নটির বিচিত্র ব্যবহারের প্রচলন ছিল। বেশকিছুসংখ্যক পত্রের পাণ্ডুলিপিতে 'একীভূত শব্দ'[৬]-ও লিখিত হতে দেখা যায়।

আধুনিক বাংলায় 'রেফ্'-চিহ্নটি 'র' নির্দেশে ব্যবহৃত হলেও পুরোনো বাংলালিপিতে রেফ্ চিহ্নের এক বৈশিষ্ট্যপূর্ণ প্রয়োগ লক্ষ্য করা যায়।[৭] যত্রতত্র প্রযুক্ত এসব 'রেফ'-চিহ্নকে কোনো ক্রমেই 'র'-নির্দেশক রূপে ধরে নেওয়া যায় না।

দলিলপত্রসমূহে প্রাপ্ত 'রেফ্' চিহ্নের নানামাত্রিক প্রয়োগের কতিপয় উদাহরণ:

(১) 'এতদর্থে আপন খুশীতে মালজামীনীপত্র লিখীয়া দিলাম' (৫৭)। -এখানে 'এতদর্থে' শব্দটিতে রেফ্চিহ্ন ব্যবহৃত হয়েছে বিশুদ্ধ শব্দের অপরিহার্য অঙ্গ হিসাবে।

(২) 'জর্দ্দপী বয় কি হেপা ও দান কি বিক্রয় করি তাহা ঝুটা বাতীল নামঞ্জুর' (৪০)। এখানে দ্বিত্বপ্রাপ্ত ব্যঞ্জন নির্দেশে রেফ্চিহ্ন প্রযুক্ত হয়েছে।

(৩) 'করজখত পত্রমীদং শন ১২৫৭ বারশও শাতার্ম্ব শালাব্দে লিখনং কার্য্যঞ্চআগে' (১০৭)। - এখানে 'ব'-ফলাযোগে গঠিত যুক্তবর্ণে রেফ্চিহ্ন প্রযুক্ত হয়েছে।

(৪) 'উক্ত মহাল বিক্রয় করার ঊর্দ্দত হওাতে তুমীতাহা জ্ঞাত হৈয়া(৫৪)।'  (কু) এবং  (দ্দ) যুক্তবর্ণ দুটির সাদৃশ্যজনিত বিভ্রান্তি দূর করতে-এখানে রেফ্ প্রযুক্ত হয়েছে।

(৫) 'ইর্চ্ছায় (ঈশ্বরের ইচ্ছায়) উক্ত গোকুল মুনী দাস্যা...... লোকান্তর হওয়াতে আমী তাহার তেজ্য সমস্তত সুর্ম্পত্যে দাখিলকার আছি (৬১)।' -এখানে প্রথম 'রেফ্' দ্বিত্ব নির্দেশক এবং দ্বিতীয় রেফ্টি সাদৃশ্যমূলক প্রতিক্রিয়া জনিত।

বাংলা পাণ্ডুলিপি পাঠে অন্যতম রহস্যপূর্ণ ও ব্যাখ্যাযোগ্য লিপি-বৈশিষ্ট্য হলো 'একীভূত শব্দ।''পুরোনো বাংলালিপির বৈচিত্র্য ও বৈশিষ্ট্যময় জগতে কোন কোন সময়ে এমন কিছু শব্দ পাওয়া যায়, যেগুলো লিপিগত কি আকৃতিগত বিচারে এক একটি যুক্তবর্ণই বটে, কিন্তু প্রকৃতিগত নিরিখে একাধিক একাক্ষর (monosyllable)–এরই স্তূপীকৃত একক বিপনী। যেমন- (কৃষ্ণ), (প্রভু), (কুণ্ড) ইত্যাদি।' বাংলা পাণ্ডুলিপিতে এগুলোকেই 'একীভূত শব্দ' হিসাবে নির্দেশ করা হয়েছে।

দলিলপত্রগুলোতে প্রাপ্ত 'একীভূত শব্দ' ব্যবহারের কতিপয় দৃষ্টান্ত এখানে দেওয়া হল:

(১) 'শ্রী  কীঙ্কর সরকার' (৮) [এখানে ব্যক্তিনামের ক্ষেত্রে ব্যবহৃত]

Dhaka University Institutional Repository

(২) 'শ্রী সুন্দর শর্ম্মর্ণ তালুকদার' (৩৭)।

(৩) 'রাম মজুমদার' (২১)।

(৪) ' মোহন তালুকদার' (৯১) (১০৫)।

(৫) ' পুর' (৩৫খ) [এখানে গ্রামনামের ক্ষেত্রে ব্যবহৃত]

আধুনিক বাংলায় 'চন্দ্রবিন্দু' (ঁ) হরফটির ব্যবহার-ক্ষেত্র সংকুচিত হয়েছে; অথচ বাংলা পাণ্ডুলিপিতে বর্ণটির বহুবিচিত্র ব্যবহার পরিলক্ষিত হয়। বগুড়া অঞ্চলে প্রাপ্ত এসব দলিলপত্রে 'চন্দ্রবিন্দু'-হরফটির নানামাত্রিক ব্যবহার চোখে পড়ার মত। 'আল্লাহ', 'ঈশ্বর', 'ভগবান-সহায়'-অর্থে শব্দের পূর্বে 'চন্দ্রবিন্দু' প্রয়োগ করা হত। কোন কোন ক্ষেত্রে তীর্থ বা পুণ্যস্থানের নামের পূর্বে 'চন্দ্রবিন্দুর' প্রয়োগ হত। আবার কখনও মৃতব্যক্তির নামের পূর্বে এবং সম্ভ্রান্ত বা সম্মানিত ব্যক্তির নামের পূর্বেও 'চন্দ্রবিন্দু' যোগ করার রেওয়াজ দৃষ্টিগোচর হয়।

সংশ্লিষ্ট দলিল-পত্রসমূহে 'চন্দ্রবিন্দু'-হরফের নানাবিধ প্রয়োগের নমুনা:

(১) ' শহায়' (৩০) [আল্লাহ-সহায়]

(২) ' না করেন' (৩০) [আল্লাহ না করেন]

(৩) ' গয়া' (৫৩) [পুণ্যস্থানের নামের পূর্বে]

(৪) ' গাজীমিঞা সাহেব'(২) [সম্মান প্রদর্শনে]

(৫) ' দেওান সূর্য্য নারায়ন মজুমদার' (৬১)। [মৃত ব্যক্তির নামের পূর্বে]

(৬) ' স্বারদিয় পুজা' (৬১)। [দুর্গাপূজা]

বেশ কিছু দলিলপত্রে আর একটি লিপিতাত্ত্বিক বৈশিষ্ট্য আমাদের দৃষ্টি আকর্ষণ করে। সেসব ক্ষেত্রে ঈ = কার (ী) কোথাও কোথাও আ-কারের (া) মত প্রযুক্ত হয়েছে।

উল্লিখিত বৈশিষ্ট্যের কতিপয় নমুনা:

(১)  = থাকী (২)।

(২)  = কীতা (২০)।

(৩)  = চীঠা (২২)।

(৪)  = জেষ্টী (২)।

(৫) = দাখীলা (৫)।

Dhaka University Institutional Repository

(৬)  = কীছু (৯)।

(৭) = কুঠী (৫৭)

(৮)= এক্তীয়ার (১২খ)।

২

বগুড়ায় প্রাপ্ত এইসব দলিলপত্রের ভাষায় সমকালীন সাহিত্যিক গদ্যের মান রক্ষিত না হলেও, পুরোনো বাংলাগদ্যের ঐতিহাসিক নিদর্শনস্বরূপ এগুলোর মূল্য কম নয়। ভাষাতাত্ত্বিক বিচারেও এ গদ্য বিশিষ্ট। ঐতিহাসিক নিদর্শন বলার কারণ হল : আধুনিক বাংলা গদ্য ইংরেজি ও সংস্কৃতপ্রভাবিত পরিবর্তিত রূপের ও রীতির গদ্য। মুসলিম প্রভাবে মধ্যযুগে 'আরবি-ফারসি' শব্দবহুল যে গদ্যরীতির ধারা সচল ছিল- আধুনিক গদ্য ভাবে ও ভাষায়, তা হতে সম্পূর্ণভাবে পরিবর্তিত হয়েছে। উনিশ শতক পর্যন্ত পুরোনোগদ্য ছিল 'আরবি-ফারসি' শব্দবহুল, এর বাক্য কাঠামো ছিল সরল এবং কেবল সাধারণ ভাবপ্রকাশের উপযোগী। এই ভাষাই ইংরেজ রাজত্ব স্থাপনের পঞ্চাশ-ষাট বছরের মধ্যে রীতিমত নতুন রূপ পরিগ্রহ করেছিল। এসময়ে গদ্যে আরবি-ফারসি শব্দের ব্যবহার কমে গিয়ে তাতে ব্যাপক সংস্কৃতায়ন ঘটে। জটিল ও যৌগিক বাক্য-কাঠামো জনপ্রিয়তা লাভ করে। ইংরেজি ভাষার প্রভাবও এর উপর পড়ে । ইংরেজির বাক্যকাঠামো, পদক্রম এবং যতিচিহ্ন ধীরে ধীরে বাংলাতেও দেখা দিতে থাকে। দৈনন্দিন কাজকর্মেও বাংলা গদ্যের ব্যবহার বাড়তে থাকে। এই নতুন ভাষায় সংবাদপত্র প্রকাশিত হতে থাকে। কয়েক দশকের মধ্যেই বিদ্যাসাগর, প্যারীচাঁদ মিত্র, বঙ্কিমচন্দ্র প্রমুখের সাহিত্যচর্চার মাধ্যমে এই গদ্য 'সাহিত্যিক গদ্যে' উত্তরণলাভ করে। এভাবে এই নব্যরীতির বাংলা ভাষা সৃজনশীলতার প্রশস্ত বাহন হয়ে ওঠে। আর ইতিহাসের অন্ধকারে হারিয়ে যায় কয়েক শত বছরের তিল তিল করে গড়ে ওঠা ও সচল হওয়া 'আরবি-ফারসি' শব্দবহুল পুরোনো বাংলা গদ্যের মূলধারা। কিন্তু লক্ষণীয় বিষয় হল বগুড়ায় প্রাপ্ত উনিশ শতকের এই দলিলপত্রগুলোর ভাষা পুরাতনেরই অনুসারী, বস্তুত সেগুলো, 'ভাবে' ও 'রীতিতে', অতীত ঐতিহ্যচারী। এ গদ্যে আধুনিকতার তেমন কোন স্পর্শ নেই। এ গদ্য আরবি-ফারসি শব্দবহুল এবং এর বাক্যকাঠামো সরল। এই ভাষা সাধারণ ভাবপ্রকাশের উপযোগী। যেমন :

'আরজদাস্ত ফিদ্বি শ্রীজয়কৃষ্ণগীর গোশাঞী

Dhaka University Institutional Repository

জমিদার ডিহি কচুয়াপাড়া ওগএরহ গরিব পরওর সেলামত
আমার আরজ এহি জে আমারদিগের গুরু গোশাঞী অভাবপর আমরা
দুই ব্রাতা এক হামতামে থাকিয়া গুরুমৌছুফের তের্য্য তাবত বস্তুতে দখিলকার
হইয়া সদর মালগুজারীর আনঞ্জাম করিয়া ভোগতছরূপ করিয়া আসিতেছিলাম আমার
গুরু ব্রাতা গোবর্দ্ধনগীর গোশাঞী কাসরোগে চিরকাহিল ছিলেন সেরোগ হইতে অব্যাহুতি
না হওয়া বিবচনাতে তাহার নিজ জমিদারী পরগনে মেহমানসাহির ডিহি কচুয়াপাড়া
ও বাজে তালুক ওগএরহ শ্বনামি ও বিনামী তাহার নিজহক জে ছিল এবং লাখিরাজ ওগএরহ
জে জমি ছিল নগদ দৌলত ও তেজারতি কারবারি খতখাতা শুরুত এবং আদালতে জে সকল
টাকা আমানতি পাওনাছে এবং সোনারূপা ও তামা কাঁশা পীতল ওগএরহ জেহরাত ও তৈজষাদি
ও বাড়িঘর ও হাতি ঘোড়া গোরূপ ও নৌকা সোওারী এবং রেশমি ও পশমিনা ও গএরহ জে কীছু
ছিল তাবত তাহার অভাবে আমার হক জানিয়া আপন শ্বকীয় ভাববুদ্ধে আমাকে হেবা করিয়া
হেবানামা লিখিয়া দিয়া ১২ মাঘ বেলা ১ প্রহর উদায় পঞ্চত্য পাইয়া লোকান্তর গমন করিয়াছেন
আমাদের জাইতের সবমোত আমি তাহার ক্রীয়াদি করিয়া তাহার তের্য্য তাবৎ বস্তুতে দখিল-
কার হইয়া সরকারের মালগুজারীর আঞ্জাম করিতেছী এওনাকারণ জোনাবে আরজ করিলাম ইতি
তারিখ ১৩ তেরঞী মাঘ" [পত্রসংখ্যা-৯]

উল্লিখিত পত্রের ভাষা সরল ও প্রত্যক্ষ। বাক্যে যতিচিহ্নের কোনো ব্যবহার নেই। শব্দ-চয়নে 'আরবি-ফারসি' শব্দের প্রাধান্য থাকলেও আঞ্চলিক শব্দের প্রভাবেরও স্বাক্ষর আছে (এক হামতাম, ভাব-বুদ্ধে, জাইত)। আবার দু'একটি শুদ্ধ সংস্কৃত শব্দের প্রয়োগও লক্ষণীয় (গোরূপ, পঞ্চত্য পাওয়া)। এখানে বাক্যের পদবিন্যাস একটু বিচিত্র। বাক্যে অসমাপিকা ক্রিয়ার পূর্বে 'না'-অব্যয়ের ব্যবহার পরিলক্ষিত (অব্যাহুতি না হওয়া)।
আবার কোন কোন ক্রিয়াপদে সম্প্রকর্ষ বা স্বরলোপ ঘটেছে (পাওনাছে)।

কতিপয় দলিলপত্রে বাক্যগঠন ও পদবিন্যাসে সর্বনাম ও ক্রিয়াপদের (সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের সর্বনাম ও ক্রিয়াপদের অনুজ্ঞা রূপের) বিশিষ্ট প্রয়োগও বিশেষভাবে লক্ষ্যযোগ্য যেমন :

"........ রিতীমোত জেলা রাজশাহীর কালেক্টরি শেরেস্তাতে আপন
নাম জারী করিয়া রাজস্য আদায় পূর্ব্বক পুত্রপৌত্রাদিক্রমে উপসত্য

Dhaka University Institutional Repository

ভোগ দখল করিতে থাকেন দানবিক্রীর সত্যাধিকারী আপনে ও

আপনকার ওয়ারিশান আমার ও আমার ওারিসানের সহীত

কোন ইলাকা নাহী ও কীছু শত্য থাকীলনা কালে কস্মীনে

আমী কিম্বা আমার ওারিশান কোন দাবি ও দরপেস

করি ও করে ঝুটা বাতীল নামঞ্জুর" [পত্রসংখ্যা-৬৬খ]

আবার কোন কোন পত্রে সর্বনাম পদে বহুবচনের দ্বিত্ব ও পরিলক্ষিত হয় :

"…….উক্ত জমীর দান বিক্রএর শত্তাধিকার তোমরা-

দ্বিগের ও তোমাদিগের ওয়ারিসানের তাহাতে আমরা ও

আমরাদ্বিগের উত্রাধিকারীগণ প্রস্তাবিত কবলাতে পরগনার

বিপরিত লিখিত হওার বিশয় বাজখাস্ত ও ওজর আপর্থ

কোনখানে করিব না ও করিবেক না …….।" [পত্রসংখ্যা-৬৯খ]

বহুবচনাত্মক ফারসিপ্রত্যয় 'আন'-যোগে গঠিত বহু শব্দও এসব দলিলপত্রে অবাধে ব্যবহৃত হয়েছে। ১৮৪৭ খ্রিষ্টাব্দে লিখিত ৫৩-সংখ্যক 'পত্তনিপত্রে', ১৮৫০ খ্রিষ্টাব্দে লিখিত ৭৯ ও ১০৭-সংখ্যক যথাক্রমে, ভূমিবিক্রয়কবলাপত্র ও করজখতপত্রে 'শাকিনান' [=সাকিনান (সাকিন+আন)] বহুবচনজ্ঞাপক শব্দটি ব্যবহৃত হয়েছে। এর অর্থ: ঠিকানাসমূহ বা 'নিবাসসমূহ'।

দরখাস্ত বা ব্যক্তিগতপত্রগুলোর সম্ভাষণ-রীতি 'আধুনিক, রীতিসিদ্ধ,সমাসবদ্ধ ও অলঙ্কৃত' হলেও, বিষয়, ব্যক্তি ও যোগ্যতা-অনুযায়ী তার প্রয়োগ-বিভিন্নতা পরিদৃষ্ট হয়। তবে ওই সম্ভাষণ-গুলোতে প্রযুক্ত সমাসবদ্ধ, অলঙ্কৃত ও গুণবাচক শব্দতালিকা কোথাও দীর্ঘ আবার কোথাও সংক্ষিপ্ত।

পত্রসমূহে প্রাপ্ত কতিপয় সম্ভাষণের দৃষ্টান্ত:

(১) "ইয়াদিকির্দ্দ শ্রীসোমতউল্বা বকসী সদাসয়েষু।" (১)

(২) "মহামহীম শ্রীযুত ˇ গাজী মিঞা সাহেব বরাবরেষু।" (২)

(৩) "মহামহীম শ্রীযুতা বাদাম বেওা স্তানে।" (৩)

(৪) "আরজদাস্ত ফিদ্বি শ্রীগোবর্দ্ধনগীর গোশাঞী জমিদার গরিব পরওর শেলামত।" (১০)

(৫) " মহামহিম শ্রীযুত ডেপুটী কালেকট্টর শাহেব জেলা বগুড়া বরাবরেষু।" (১৮)

Dhaka University Institutional Repository

(৬) " ধর্ম্মাবতার ।" (২১)

(৭) " মহামহিম শ্রীযুত বলরাম ময়ুমদার মহাশয় সমীপেষু ।" (২৮)

(৮) " মহামহিম শ্রীশ্রীযুক্ত মিঃ হেভির এস্টক বোর্ডড শুপ্রেনন্টেডেন্ট সাহেব হুজুর বরাবরেষু ।" (২৯)

(৯) " মহামহীমা শ্রীযুতা কাত্যায়নী দেব্যা মহাশয়া বরাবরেষু ।" (৪০)

(১০) " মহামহীম শ্রীযুত ভবানী সঙ্গর পাড়ে জমীদার মহাশয় বরাবরেষু ।" (৪৭)

(১১) " পরমকল্যানীয় শ্রীযুতা আল্হাদমুনী দাস্যা কল্যানবরেষু ।" (৬১)

(১২) " সকল মঙ্গলালয় শ্রীলোচনসাহা বরাবরেষু ।" (৭৬)

(১৩) " পরম পূজনিয় শ্রীযুক্ত হরিশ্চন্দ্রগীর গোসাঞ্চী মহাসএ বরাবরেষু ।" (৮৪)

(১৪) "মহামহিম শ্রীযুক্ত মেং জওজেফ উলিএমছ পেটর সাহেব মহাশয় বরাবরেষু ।" (১০)

(১৫) " শস্তি শকল মঙ্গলালয় ।" (৩৯)

(১৬) " শ্রীযুক্ত মহারাজা জগইন্দ্র বনয়ারিলাল বাহাদুর ।" (৬৪)

বগুড়া জেলায় প্রাপ্ত উনিশ শতকের এসব পত্রের আর একটি সাধারণ বৈশিষ্ট্য হল হিন্দু-মুসলমাননির্বিশেষে পত্রগুলোর লেখা শুরু হয়েছে "শ্রীশ্রীদুর্গা", "শ্রীশ্রীকালী", "শ্রীশ্রীহরি" ইত্যাদি দেবকীর্তনমূলক শব্দ দিয়ে। তবে ৯৪-সংখ্যক পত্রে এর ব্যতিক্রম লক্ষ্য করা যায়। এপত্রের লেখা শুরু হয়েছে- "শ্রীশ্রীজাহান" শব্দটি দিয়ে। সারাদুনিয়ার মালিক তথা 'আল্লাহ'-অর্থে ব্যবহৃত "শ্রীশ্রীজাহান" শব্দটি যেমন ব্যতিক্রান্ত, তেমনি এশব্দটি মুসলিম ঐতিহ্যের স্মারকও বটে।

পত্রগুলোতে প্রাপ্ত মঙ্গলসূচক দেবকীর্তনমূলক 'সূচনা-শব্দের' নমুনা:

(১) "ॅশ্রীশ্রীকালী" (১)

(২) "শ্রীশ্রীরাধা বনওারিজী শ্বরনং" (৫)

(৩) "ধম্মাবতার" (২২)

(৪) "৭শ্রীশ্রীরাম" (২৫)

(৫) "ॅশ্রীশ্রীদুর্গা" (৪২)

(৬) "শ্রীশ্রীহরি" (৩০)

(৭) "শ্রীগীরিজা" (৭২)

Dhaka University Institutional Repository

(৮) "৭শ্রীশ্রীকৃষ্ণ" (৭৫)

(৯) "শ্রীশ্রীজাহান" (৯৪)

উনবিংশ শতাব্দীর এসকল দলিলপত্রের শব্দভাণ্ডারের এক বিশাল অংশ জুড়ে রয়েছে "আরবি-ফারসি" শব্দ। সমকালীন ইংরেজি ও সংস্কৃত প্রভাবিত নব্যরীতির বাংলাগদ্য তৎকালীন গদ্য ধারাকে খুব সামান্য পরিমানেই প্রভাবিত করতে পেরেছিল । অন্যভাবে বলা যায় : সমাজ ও রাষ্ট্রীয় জীবনের সর্বস্তরে তখনও আধুনিক বাংলা গদ্যের ছোঁয়া লাগে নি। কিছু কিছু বিকৃত উচ্চারণের ইংরেজি শব্দের প্রয়োগ দেখা গেলেও, সংশ্লিষ্ট লিপিকরগণ পত্রসমূহে 'আরবি-ফারসি'-শব্দচয়নেই অধিকতর উৎকর্ষের পরিচয় দিয়েছেন। এমনকি কতিপয় আরবি-ফারসি শব্দের 'মূল উচ্চারণের কাছাকাছি প্রতিবর্ণীকরণ' করতেও তাঁরা সক্ষম হয়েছেন। সংশ্লিষ্ট শব্দগুলোর বাংলাদেশে প্রচলিত আধুনিক উচ্চারণই বরং বিকৃত। যেমন :

(১) 'আলাহিদা'<আলাহিদাহ্[৮] (আ) (৩), আলাদা।

(২) 'মজমুদার' <মজমুআদার (আ) (৫২), মজুমদার।

(৩) 'মোওাফিক' <মুয়াফিক (আ) (৭০), মাফিক।

(৪) 'তফাওৎ' <তাফাওৎ বা তাফাবুত (আ) (৭০), তফাত।

(৫) 'গোমাস্তা' <গুমাশ্‌তাহ্[৯](ফা) (৮৭), গোমস্তা।

আবার বর্তমানে অপ্রচলিত বেশ কিছু শব্দের প্রয়োগও দলিলগুলোতে লক্ষ্য করা যায়। কালের গর্ভে এ শব্দগুলো আজ বিলুপ্ত হয়ে গেছে। আধুনিক বাংলা গদ্যে এসব শব্দের অস্তিত্বও আজ প্রায় বিলীয়মান।

বর্তমানে অপ্রচলিত অথচ উনিশ শতকের দলিলপত্রে ব্যবহৃত শব্দের কতিপয় নমুনা:

(১) 'হিন-হিয়াত' (ফা) (১২) : জীবনকাল।

(২) 'মোলাহেজা' (আ) (১২) : পর্যবেক্ষণ।

(৩) 'মোকনসি' (আ) (১২) : উদ্ধার।

(৪) 'পাইকস্তা' (ফা) (৬৯) : বর্গাজমি।

(৫) 'সুকী' (বা) (৭০), সিকি $^{1}/_{8}$ ।

(৬) 'ফারখতি' (আ) (২৯) : সম্পর্কচ্ছেদ।

(৭) 'পোন্দ্রহী' (স) (১০৪) : পনের।

(৮) 'পঞ্চত্ব পাওয়া' (স) (৯) : মৃত্যু।

(৯) 'ওান' (ফা) (৫৫) : ভূমির পরিমাণ বিশেষ।

(১০) 'নিস্পী' (ফা) (৫৫) : অর্ধাংশ।

(১১) 'তহফিক' (আ) (৪৫) : তদন্ত।

(১২) 'তাদোমজিস্ত' (ফা) (৭৫) : সমগ্রজীবন।

(১৩) 'জেরবার' (ফা) (১১২খ) : পর্যুদস্ত।

উনিশ শতকের মাঝামাঝি সময়ের কিছুপূর্ব কাল থেকেই বগুড়াঅঞ্চলে ইংরেজি শব্দের অল্পবিস্তর প্রচলন লক্ষ্য করা যায়। ১৮৪৭ খ্রিষ্টাব্দে লিখিত ১-সংখ্যক পত্রে, 'আকট্যবর', 'সিএর'; ১৮৬১ খ্রিষ্টাব্দে লিখিত ৩-সংখ্যক পত্রে 'কমপুনী', ১৮৪৬ খ্রিষ্টাব্দে লিখিত ২৬ সংখ্যকপত্রে 'রেপট', 'রেবনিউ কমীশনরী' এবং ১৮৪৭ খ্রিষ্টাব্দে লিখিত ৫২-সংখ্যক পত্রে 'এপ্রেল' প্রভৃতি শব্দদৃষ্টে প্রতীয়মান হয় যে তখন এ-অঞ্চলে ইংরেজি ভাষা ততটা পরিচিতি পায়নি; বরং আরবি-ফারসি শব্দবহুল পুরোনো বাংলাভাষা ব্যবহারেই এ-অঞ্চলের সাক্ষর জনগোষ্ঠী বেশি স্বাচ্ছন্দ্য বোধ করেছেন।

৩

প্রাচীন বাঙালি সমাজের বিভিন্নস্তরের মানুষের প্রাত্যহিক জীবনযাত্রার ক্ষুদ্র-বৃহৎ নানা তত্ত্ব ও তথ্য এইসব 'চিঠি' ও 'দলিলে' পাওয়া যায়। এসব পুরোনো দলিল-দস্তাবেজের আলোকে বাঙালীর জীবনধারা তথা উনিশ শতকের বগুড়া অঞ্চলের সমাজ-জীবনের বাস্তব চিত্র খানিকটা হলেও আমরা জানতে ও বুঝতে পারব। এছাড়াও পত্রসমূহ পাঠে সমকালীন রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অবস্থা, প্রশাসনিক স্তর বিন্যাস, ভূমিব্যবস্থা ও ভূমি আইন সম্পর্কেও সম্যক্ ধারণা পাওয়া সম্ভব হবে।

উনবিংশ শতাব্দী ইংরেজ ঔপনিবেশিক শাসনের স্বর্ণযুগ।১৭৫৭ খ্রিষ্টাব্দে মুঘল সামন্ত শাসনের অবসান হলেও ইংরেজ ঔপনিবেশিক আমলে নব্য জমিদারতন্ত্রের উদ্ভব ঘটে। বিশেষত, লর্ড ক্লাইভ কর্তৃক ১৭৯৩ খ্রিষ্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তনের ফলে প্রাচীন

Dhaka University Institutional Repository

জমিদারদের বিলুপ্তি ও ক্ষুদ্র ক্ষুদ্র নব্য জমিদারের আবির্ভাব ঘটতে থাকে। বগুড়া অঞ্চলেও এরূপ বেশ ক'জন সম্ভ্রান্ত ও নব্য জমিদার, তালুকদার এবং তাঁদের জমিদারি ও তালুকদারি ব্যবস্থার পরিচয় এই দলিলগুলোতে পাওয়া যায়। জমিদারদের মধ্যে উল্লেখযোগ্য হলেন, বগুড়া জেলার পোলাদশী পরগনাধীন লাট ইন্যাতপুরের জমিদার, 'মহারাজা জগইন্দ্র বনয়ারীলাল বাহাদুর'; মেহমানসাহী পরগনাধীন ডিহি কচুয়াপাড়ার (বর্তমান শেরপুর) 'গীর-গোশাঞী' জমিদারদের মধ্যে 'ডোম্বরগীর গোশাঞী', 'রঘুনাথগীর গোশাঞী', 'রাজগীর গোশাঞী' গুরুদয়ালগীর গোশাঞী, গোবর্দ্ধনগীর গোশাঞী ও 'জয়কৃষ্ণগীর গোশাঞী'; [এঁরা সকলেই অকৃতদার সন্ন্যাসী জমিদার ছিলেন; এঁদের মধ্যে পরস্পর গুরু-চেলা সম্পর্ক বিদ্যমান ছিল। পূববর্তী গুরু যাঁকে লায়েক (যোগ্য) মনে করতেন তিনি তাঁকেই পরবর্তী জমিদার নিযুক্ত করে যেতেন (দ্র: পত্রসংখ্যা-১২)]; মেহমানসাহী পরগনাধীন (বর্তমান শেরপুর) মুনসী জমিদারদের মধ্যে 'রায় বাহাদুর কালী কিশোর মুন্সী', চন্দ্রকিশোর শর্ম্ম মুন্সী, 'মহেশ নারায়ণ মুন্সী' রাধারমন মুন্সী', শীবনারায়ণ শর্ম্ম মুনশী'; পরগনা শেলবর্ষের জমিদার 'শৈয়দ আশদজ্জমা চৌধুরী; চান্দনীয়ার (বর্তমান শিবগঞ্জ) জমিদার 'শৈয়দ একরাম হুসেন চৌধুরী', বগুড়ার তরফ বেহারের নাবালক জমিদার 'গোলাম গোফফর চৌধুরী', পরগণা ছিণ্ডাবাজু শেলবর্ষের তরফ পাওগাছার জমিদার 'শৈয়দ জয়গমজ্জমা চৌধুরী, ও পরগণা শেলবর্ষের জমিদার 'হামেদ আলী চৌধুরী' প্রমুখ। তালুকদারদের মধ্যে, 'কৃষ্ণসুন্দর শর্ম্মন ভাদুড়ী', 'গুরু প্রসাদ চক্রবর্ত্তী', 'তারিনীপ্রসাদ মুখয্যা', 'দিনবন্ধু তালুকদার', 'দুর্গাকান্ত শর্ম্ম রায়', 'ভিক্ষাকর শর্ম্ম তালুকদার', 'রামাঞী তালুকদার', 'দোস্তমামুদ চৌধুরী', 'দলেল মাহামুদ মুনশী', 'আলে মাহামুদ শরকার' প্রমুখের নাম উল্লেখযোগ্য।

এপ্রসঙ্গে বগুড়ার সম্ভ্রান্ত মহিলা জমিদারদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এঁদের মধ্যে বগুড়া জেলার পরগনা প্রতাপবাজুর অন্তর্গত ডিহি জাঙ্গীরাবাদের জমিদার 'সৈয়দানী আমিরন্বেছা চৌধুরানী', পরগনা শেলবর্ষের হিস্যা আট আনার জমিদার 'লতীফন বিবি চৌধুরানী', পরগনা শেলবর্ষের (অপর) আট আনার জমিদার 'শৈয়দানী ফয়জন্বেছা বিবি চৌধুরানী', পরগনা শেলবর্ষের তরফ কাথহালীর জমিদার 'আছদন্নেছা বিবি', পরগনা শেলবর্ষের পাকৈড়-এর

Dhaka University Institutional Repository

জমিদার 'শৈয়দানী মহবুবন্বেছা চৌধুরানী', তরফ রুদ্রবাড়িয়ার জমিদার 'জয়দুর্গা দাস্যা' ও 'বরদেশ্বরী দাস্যা' প্রমুখ ছিলেন অন্যতম।

প্রাপ্ত করজখতপত্রসমূহ পরিদৃষ্টে প্রতীয়মান হয় যে উনিশ শতকে বগুড়া অঞ্চলে ব্যাপকভাবে মহাজনী প্রথার প্রচলন ছিল। সমাজের অর্থশালী ব্যক্তিরা সুদে টাকা ধার দিতেন। সুদের হার ছিল প্রতি শ-তে সর্বোচ্চ ১ টাকা। এমনকি সমাজের বিত্তশালী মহিলারাও এ পেশায় জড়িত ছিলেন (দ্র: পত্রসংখ্যা ১০৯)। ১০১-সংখ্যক পত্রে উলিএমছ পেটর (মিস্টার উইলিয়ামস্ প্রেটার) নামক একজন ইংরেজ মহাজনের পরিচয় পাওয়া যায়, যিনি সুদে বড় অঙ্কের টাকা ধার দিতেন।

এসব দলিলপত্রে সমাজের উচ্চবিত্ত ছাড়াও গোমস্তা, আমলা, কারপরদাজ, বরকন্দাজ, নেওগী, মুনশী, পণ্ডিত, কৃষক, জেলে, মাঝি, চাপরাশি, চকিদার, খানসামা ইত্যাদি নানা পেশার মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও নিম্নবিত্ত শ্রেণীর লোকদের জীবন ও জীবিকার নানাবিধ পরিচয় বিধৃত হয়ে আছে। বিশেষত নিম্নবিত্ত 'ডাক'-সম্প্রদায়ের (যারা যাদুবিদ্যায় পারদর্শী) 'গওসী ডাক' (৬৫); হকার শ্রেণীর 'গুইয়া হকার' (৩৬), জিউনী বা জেলে সম্প্রদায়ের 'কামনা জিউনী' (১৮) প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়াও ১৮৫০ খ্রিস্টাব্দে লিখিত ৬৫-সংখ্যক পত্রে উল্লিখিত 'কশবে শেরপুর' ও 'রঙ্গরেজটোলা' শব্দ দু'টি বিশেষ তাৎপর্যবহ। 'কশবা' অর্থ: নগর। অত্যন্ত সুপরিকল্পিত নগরের নামের পূর্বে (১৭/১৮ শতকে) 'কশবা'-শব্দটি ব্যবহৃত হত। আর এসকল প্রাচীন নগরীতে ভিন্ন ভিন্ন পেশাজীবীদের জন্য ভিন্ন ভিন্ন পাড়া বা মহল্লা থাকত। 'রঙ্গরেজটোলা' নাম থেকে সহজেই অনুমেয় যে এটিও একটি নির্দিষ্ট পেশাজীবীদের অর্থাৎ যাঁরা রাজমিস্ত্রি এবং রঙের কাজ করতেন তাদের বসবাসের মহল্লা ছিল।

তৎকালে এ অঞ্চলে সরকারী চাকরিতে নিয়োগ পেতে, বিশেষ করে খাজাঞ্চীগিরি কর্মে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে, সম্ভ্রান্ত ব্যক্তি কর্তৃক সম্পত্তির মাল-জামানতির প্রয়োজন হত, (দ্র: পত্রসংখ্যা-৪৫)।

Dhaka University Institutional Repository

মুসলিম সমাজে বিয়েতে দেন-মোহরের প্রচলন ছিল। বিশেষত সম্ভ্রান্ত মুসলিম পরিবারের কনেকে বড় অঙ্কের টাকা দেন-মোহর প্রদানের রেওয়াজ ছিল। ৭৫-সংখ্যক পত্রে দেখা যায়, বগুড়ার অন্যতম জমিদার সৈয়দ জয়গমজ্জমা চৌধুরী ১২৫৭ সালের ৭ শ্রাবণ 'শৈয়দানী ফয়েজন্নেছা চৌধুরানীকে' ৩০,০০০ টাকা দেন-মোহরে বিয়ে করেন এবং উক্ত দেন-মোহরের অর্থ-নগদ আদায় করতে তিনি তাঁর বিভিন্ন এলাকার জমিদারি ও তালুকসম্পত্তি স্ত্রীকে লিখে দেন।

আবার সমাজের যে সকল সম্ভ্রান্ত ব্যক্তির সন্তান-সন্ততি ছিল না, বৃদ্ধাবস্থায় বা মৃত্যুর পূর্বে তাঁরা তাদের স্ত্রীদেরকে দত্তকপুত্র রাখার অনুমতি দিতেন এবং এজন্য তাঁরা রীতিমত অনুমতিপত্র লিখে দিতেন (দ্র: পত্রসংখ্যা-১১০)।

উনিশ শতকের শুরুতেও এ অঞ্চলে আধুনিক শিক্ষার (ইংরেজি) প্রসার তেমন ভাবে লক্ষ্য করা যায় না। পরিবারের পুরুষরাই প্রধানত লেখাপড়া করতেন। তবে কিছু কিছু সম্ভ্রান্ত পরিবারের দু'একজন মহিলাও সাক্ষর ছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য যে ১৮৫০ খ্রিষ্টাব্দের বেশকিছুসংখ্যক পত্রে নিরক্ষর ব্যক্তির 'টিপসহির' বিকল্পে 'কালীর নেশানী করা' এবং সাক্ষর ব্যক্তির ক্ষেত্রে তার 'স্বাক্ষরের' বিকল্পে 'আপন হরফ' প্রতিশব্দ দুটির প্রচলন ছিল, (দ্র: পত্রসংখ্যা-৫৩)।

১৮৪৮ খ্রিষ্টাব্দে বগুড়ার কালেক্টর মিস্টার ইউল সাহেবের উদ্যোগে বগুড়া শহরে সর্ব প্রথম বঙ্গবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।[১০] ১৮৬৮ খ্রিষ্টাব্দে বগুড়া জেলার শেরপুরে ইংরেজ সরকার ও স্থানীয় সম্ভ্রান্ত জমিদারদের (মুনসী জমিদার) প্রচেষ্টায় ও অর্থ সহায়তায় প্রতিষ্ঠিত হয় 'সেরপুর ইংরেজী উচ্চ বিদ্যালয়'(বর্তমানে শেরপুরে ডি,জে, হাইস্কুল)। শেরপুর থেকে প্রাপ্ত ১১৮-সংখ্যক পত্রে (স্কুলের একটি রেজলূশন্) ১৮৯৭ খ্রিষ্টাব্দে স্কুলের ছাত্রসংখ্যা ও তাদের তৎকালীন শিক্ষা ব্যবস্থার বাস্তব চিত্র প্রতিফলিত হয়েছে :

...... "স্কুলের ছাত্রসংখ্যা পর্যালোচনা করিয়া দেখা গেল ১৮৯২ সালের ফেব্রুয়ারী মাসে ছাত্রসংখ্যা ১৩২ জন তন্মধ্যে হিন্দু ১১৭ মুসলমান ১৫ জন। ১৮৯৩ সালের ফেব্রুয়ারী ১২৪ জনের মধ্যে হিন্দু ১০৮ মুসলমান ১৬। ১৮৯৪ সালের ফেব্রুয়ারী ১২২ জন মধ্যে হিন্দু ১৪৬ জন মুসলমান

Dhaka University Institutional Repository

১৬। ১৮৯৬ সালের ফেব্রুয়ারী ১০৪ জন মধ্যে হিন্দু ৮৪ জন মুসলমান ২০। ১৮৯৭ সালের ফেব্রুয়ারী মাসে মোটসংখ্যা ৮৫ জন মধ্যে হিন্দু ৭৯ ও মুসলমান ৬ জন। অতএব ছাত্রসংখ্যা ক্রমেই হ্রাস হইয়াছে এবং মুসলমান ছাত্রসংখ্যা অনেক কমিয়াছে দেখা যাইতেছে। ছাত্রসংখ্যা কম হইবার কারণ সম্বন্ধে আলোচনা করিয়া বুঝা যায় যে, বিদেশী ও ভিন্নস্থানীয় ছাত্র এখানে থাকিবার সুবিধা না থাকায় উচ্চ শ্রেণীর ছাত্রসংখ্যা কম হয়।"...

এখানে লক্ষণীয় যে তখনও এ অঞ্চলের মুসলমান সম্প্রদায় আধুনিক (ইংরেজি) শিক্ষায় হিন্দুদের তুলনায় অনেকটাই পশ্চাদ্‌বর্তী ছিল।

এসকল দলিলপত্রে সমকালীন অর্থনৈতিক অবস্থার একটি সম্যকচিত্র প্রতিফলিত হয়েছে। ১৮৫০ খ্রিষ্টাব্দে প্রতিবিঘা ধানি (ফসলি) জমির মূল্য ছিল ১০ টাকা (দ্র: পত্রসংখ্যা-৬৭)। অঞ্চলভেদে কিছুটা তারতম্য থাকলেও বর্তমানে বগুড়ায় প্রতিবিঘা ফসলি জমির বিক্রয় মূল্য প্রায় ১০০০০০ (এক লক্ষ) টাকা। প্রসঙ্গত ১৮৯৭ খ্রিষ্টাব্দের ১২৪-সংখ্যক পত্রে উল্লিখিত শেরপুর ডি,জে, হাইস্কুলের শিক্ষক-বেতন বাবদ মাসিক ব্যয়ের তালিকাটি উদ্ধৃত করা যায় :

(১)	"হেড মাষ্টার	-	৫৫
(২)	সেকেণ্ড মাষ্টার	-	৩৫
(৩)	থার্ড মাষ্টার	-	৩০
(৪)	ফোর্থ মাষ্টার	-	১৮
(৫)	ফিফথ মাষ্টার	-	১৪
(৬)	ছিকছথ মাষ্টার	-	১১
(৭)	ড্রইং মাষ্টার	-	১২
(৮)	হেড পণ্ডিত	-	২০
(৯)	সেকেণ্ড পণ্ডিত	-	১৫
(১০)	লাইব্রেরী	-	১"

এতালিকাদৃষ্টে তৎকালীন পেশাজীবী (শিক্ষক) শ্রেণীর অর্থনৈতিক অবস্থার চিত্রটি অনুধাবন করা সম্ভব।

Dhaka University Institutional Repository

তৎকালীন ভূমি-ব্যবস্থায় 'জমিদারিস্বত্ব' প্রথা চালু থাকলেও পূর্বের কিছু নিষ্কর ভূমি বন্দোবস্তের (আয়মা, মিলকিয়ত, লাখেরাজ প্রভৃতি) উপস্থিতিও লক্ষ্য করা যায়। আয়মা, মিলকিয়ত ও লাখেরাজ মূলত সমার্থজ্ঞাপক। 'আয়মা'-সম্পত্তি হল: পুরস্কার স্বরূপ বিনামূল্যে প্রাপ্ত জমি। মুসলমান নবাব বা সম্রাটগণ কর্তৃক ধর্মপ্রচারাদি সৎকর্মের জন্য বা পাণ্ডিত্যের পুরস্কার স্বরূপ ধর্মপরায়ণ মুসলিমগণকে প্রদত্ত নিষ্কর জমি। ৬২-সংখ্যক পত্রে প্রাপ্ত তথ্যে দেখা যায়, ১০৭১ সালে (=বঙ্গাব্দে) তৎকালীন মুঘল সম্রাট বাদশাহ আলমগীর 'হাজী আক্কেল মাহাম্মদ' নামক এক ব্যক্তিকে ১৮৫ ওান ভূমি 'আয়মা সম্পত্তিরূপে' দান করেছেন। তেমনি 'মিলকিয়ত' হচ্ছে, যে ভূ-সম্পত্তি নিষ্কর রূপে খরিদ করা হয়েছে। 'মিলিক' বা 'মিল্ক' (Milk) অর্থ-'নিষ্কর' লাখেরাজ কোন ভূ-সম্পত্তি'[১১] (দ্র: পত্রসংখ্যা-৪৫, ৪৬)। আর যে জমির জন্য খাজনা বা রাজস্ব দিতে হয় না, তাকে বলা হত 'লাখেরাজ' বা নিষ্করভূমি (দ্র: পত্রসংখ্যা-৫, ৬৪)। ইংরেজ আমলেও অনেক লাখেরাজ জমির অস্তিত্ব ছিল। ১৯৫০ খ্রিষ্টাব্দের 'জমিদারীস্বত্ব বিলোপ আইনের' পূর্ব পর্যন্ত 'আয়মা', 'মিলকিয়ত' ও লাখেরাজ' এরূপ বিভিন্ন নামে জমিদার ও প্রজাসাধারণের অধিকারে নিষ্কর ভূ-সম্পত্তি ছিল।

পত্রসমূহে ভূমির পরিমাণ নির্দেশে বিঘা, খাদা, পাখি, ওান প্রভৃতির প্রচলন লক্ষ্যযোগ্য। ১৮ ইঞ্চি = ১হাত এবং ৭৫ হাত বর্গে ১বিঘা, ১ বিঘার $^{৬৩৮২৫}/_{৬৪০০}$ = ১পাখি এবং ১ বিঘার $^{২২৫}/_{২৫৬}$ = ১ ওান (ওয়ান)[১২]।

অন্যতম প্রশাসনিক কর্মকেন্দ্রের নাম হিসেবে এককালে 'পরগনা'-শব্দের ব্যাপক প্রচলন ছিল। এই দলিলগুলোতেও বেশ কিছু পরগনার নাম পাওয়া যায়। 'আমরূল' (৫৪), 'কাটার-মহল্য' (৭১, ৭২), 'খাট্টা' (৪২) 'খেতলাল' (বর্তমান জয়পুরহাট জেলায়) (৪৮), 'চৌগাও' (২১, ১০৫), 'ছিণ্ডাবাযু' (৭৫), 'তালুকজয়' (১০১), 'তেগাছী' (৪০), 'দাথিয়া জাহাঙ্গীরপুর' (৫২, ৫৩), 'নশীরশাহী' (১০৯), 'পোলাদশী' (৫, ৩৮, ৩৯), 'প্রতাপবাযু' (৩০, ৩৪), 'ফতেজঙ্গপুর' (৫৮), 'বরণপুর' (৯৫), 'বড়বাযু' (৫০, ৯১), 'বরিস্বাকপালা' (৮৮), 'মেহমানসাহী' (৪, ৮, ১৩, ১৫, ১৬), 'লস্করপুর' (৪৮), 'শেলবর্ষ' (১২, ৮৭), 'শোনাবাযু'

Dhaka University Institutional Repository

(৭৮), ও 'সন্তোষ (৫৮)। উপরিউক্ত পরগনাসমূহ ঊনবিংশ শতাব্দীতে বগুড়া 'কালেক্টরীতৌজির' অন্তর্ভুক্ত ছিল।

এই সংগ্রহের দলিলপত্রসমূহে স্থাননামের উল্লেখকালে সাকিন (গ্রাম), মৌজা, তপ্পা, পরগনা, সরকার প্রভৃতি প্রশাসনিক এককের নামোল্লেখ পাওয়া যায়। পত্রগুলোর লিপিকাল উল্লেখ করা হয়েছে, বঙ্গাব্দ, খ্রিষ্টাব্দ ও দানিশাব্দে। কোন কোন পত্রে বঙ্গাব্দের বিকল্পে 'শন শদর' (১, ৩৯, ৪৪, ৪৮, ৫৩) ও খ্রিষ্টাব্দের বিকল্পে 'মছিহা' (৫) শব্দ দুটি প্রযুক্ত হতে দেখা যায়। 'মছিহা বা মছিহ' হলেন হযরত ঈসা (আ:)। অর্থাৎ যিশু খ্রিষ্টের স্মরণে প্রবর্তিত 'খ্রিষ্টাব্দের' প্রতিশব্দ হিসাবে 'মছিহা' শব্দটি এঅঞ্চলে প্রচলিত ছিল। পত্রসমূহে 'শন-শদর'-শব্দটি দিয়ে প্রধান সনকে নির্দেশ করা হয়েছে। তাই নিঃসন্দেহে বলা যায়: উনিশ শতকে এ অঞ্চলে (বগুড়া) বঙ্গাব্দই সরকারী অফিস আদালতসহ সর্বত্র প্রধান সন রূপে পরিগণিত হত।

বঙ্গাব্দ ও খ্রিষ্টাব্দের পাশাপাশি বগুড়া অঞ্চলে দানিশাব্দেরও প্রচলন ছিল। বেশ কিছুসংখ্যক পত্রে (৫, ৬০, ৬৩) সন হিসাবে দানিশাব্দের ব্যবহার বিশেষভাবে লক্ষণীয়। বাংলাদেশে বিভিন্ন সময়ে বিভিন্ন অব্দ (বর্ষ গণনাপদ্ধতি) প্রচলিত ছিল। পালাব্দ, চৈতন্যাব্দ, শকাব্দ, মহী, পরগনাতি ইত্যাদি বহু বিচিত্র অব্দের মত দানিশাব্দও আজ বিস্মৃতপ্রায়। দানিশাব্দ তাই ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ। দানিশাব্দ মুসলমানদের আবিষ্কার। মুসলিম ঐতিহ্য ও ঐশ্বর্যকে স্মরণীয় করে রাখতেই মূলত মুসলমানগণ ১৭৫০ খ্রিষ্টাব্দে ভারতবর্ষে দানিশাব্দের প্রচলন করেন। ৫-সংখ্যকপত্রে ৯৬ দানিশাব্দ (= ১৮৪৭ খ্রিষ্টাব্দ) এবং ৬০ ও ৬৩-সংখ্যক পত্রে ৯৭ দানিশাব্দ (= ১২৫৪) সাল এর উল্লেখ রয়েছে।

পরিশেষে পরিশিষ্টসমূহ সম্পর্কে দু'একটি কথা বলা আবশ্যক। এই সংগ্রহের পরিশিষ্ট-অংশে কয়েকটি প্রয়োজনীয় বিষয় স্থান পেয়েছে। এ অংশে রয়েছে দলিলপত্রগুলোর কালানুসারী ও বিষয়ানুসারী দুটো তালিকা। এছাড়া ৭টি বর্ণানুক্রমিক তালিকাও পরিশিষ্টে স্থান পেয়েছে। পত্রগুলোতে প্রাপ্ত 'আরবি-ফারসি-হিন্দি শব্দ', 'আঞ্চলিক শব্দ', 'সংক্ষেপিত শব্দ', 'সাংকেতিক চিহ্ন', 'বিকৃত উচ্চারণের ইংরেজিশব্দ' এবং বিভিন্ন 'ব্যক্তিনাম' ও 'স্থাননামের' ভিত্তিতে এ তালিকাগুলো প্রস্তুত করা হয়েছে। স্থাননামের তালিকায় সাকিন, কিশামত, তপ্পা, পরগনা

Dhaka University Institutional Repository

ইত্যাদির উল্লেখ নামের পাশে করা হয়েছে। প্রতিটি পত্রের সঙ্গে লিপিস্থল ও লিপিকালেরও উল্লেখ করা হয়েছে। বঙ্গাব্দের সঙ্গে খ্রিষ্টাব্দেরও সঠিক সন-তারিখ নির্দেশিত হয়েছে। সর্বোপরি এ পরিশিষ্টগুলো সামগ্রিক গবেষণাকর্মটি অনুধাবনে সহায়ক হবে। এদেশের পুরোনো (অঞ্চলভিত্তিক) ভাষা, সমাজ ও সংস্কৃতিকে জানা ও বোঝার ক্ষেত্রেও পরিশিষ্টগুলো সহায়ক ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

Dhaka University Institutional Repository

তথ্যনির্দেশ

১. আনিসুজ্জামান, 'পুরোনো বাংলা গদ্য' (কলকাতা, জানুয়ারী ১৯৯৪), পৃ: ১০১।

২. সুকুমার সেন, 'বাঙ্গালা সাহিত্যে গদ্য' (তৃতীয় সং., কলিকাতা, ১৩৫৬) পৃ: ৩।

৩. প্রভাষচন্দ্র সেন বি, এল, 'বগুড়ার ইতিহাস' (পুনর্মুদ্রণ, বগুড়া, ২০০০) পৃ: ১৮৮।

৪. মোহাম্মদ আব্দুল কাইউম, 'পাণ্ডুলিপি পাঠ ও পাঠ-সমালোচনা' (চতুর্থ সংস্করণ, ঢাকা, ২০০০) পৃ: ১৬২।

৫. মোহাম্মদ আব্দুল কাইউম, 'পাণ্ডুলিপি পাঠ ও পাঠ-সমালোচনা' (চতুর্থ সংস্করণ, ঢাকা ২০০০), পৃ: ১৬২।

৬. ড. মুহম্মদ শাহজাহান মিয়া, 'বাংলা পাণ্ডুলিপি পাঠসমীক্ষা' (বাংলা একাডেমী, ঢাকা ১৯৮৪) পৃ: ১৯।

৭. ড. মুহম্মদ শাহজাহান মিয়া, 'বাংলা পাণ্ডুলিপি পাঠসমীক্ষা', বাংলা একাডেমী, ঢাকা-১৯৮৪) পৃ: ৩।

৮. ড. মুহম্মদ ফজলুর রহমান, 'আধুনিক আরবি-বাংলা অভিধান', 'রিয়াদ প্রকাশনী, ঢাকা, ২০০০।

৯. 'ফার্সী-বাংলা-ইংরেজী অভিধান,' ইসলামী প্রজাতন্ত্র ইরানের সংস্কৃতিক কেন্দ্র, ঢাকা-২০০০)।

১০. প্রভাসচন্দ্র সেন বি. এল. 'বগুড়ার ইতিহাস' (পুনর্মুদ্রণ বগুড়া ২০০০), পৃ: ৩৫৪।

১১. ড. মুহম্মদ শাহজাহান মিয়া, 'পুরোনো বাংলা দলিলপত্র' জ্যোতিপ্রকাশন, ঢাকা-১৯৯১, পৃ: ১৮৬।

১২. প্রভাসচন্দ্র সেন বি. এল. 'বগুড়ার ইতিহাস' (পুনর্মুদ্রণ বগুড়া-২০০০), পৃ: ১৫৯।

Dhaka University Institutional Repository

দলিলপত্রসমূহের তালিকা

১। ব্যাঙ্কশেয়ার বিক্রয়পত্র (পত্রসংখ্যা-১):

জেলা- বগুড়া; লিপিকাল - ১২৫৪ সাল (১৮৪৭ খ্রি.)।

২। একরারপত্র (পত্রসংখ্যা-২):

থানা-শেরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৬০ সাল (১৮৫৩ খ্রি)।

৩। করজখতপত্র (পত্রসংখ্যা-৩):

থানা- শেরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৬৮ সাল (১৮৬১ খ্রি)।

৪। ইজারা পাট্টাপত্র (পত্রসংখ্যা-৪):

গ্রাম-মিঞাটোলা, থানা- শেরপুর, জেলা-বগুড়া; লিপিকাল-১২৭২ সাল (১৮৬৫ খ্রি)।

৫। পত্তনিপত্র (পত্রসংখ্যা-৫) :

পরগনে- পোলাদশী, জেলা- বগুড়া; লিপিকাল- দানিশাব্দ ৯৬ সাল (১৮৪৭ খ্রি)।

৬। পুষ্করিনী বিক্রয়পত্র (পত্রসংখ্যা-৬):

মৌজা-হোপ, পরগনা-ঘোড়াঘাট,জেলা-দিনাজপুর; লিপিকাল-১২৫৪ সাল (১৮৪৭ খ্রি)।

৭। মোক্তারনামা (পত্রসংখ্যা-৭):

মৌজা-হোপ, পরগনা-ঘোড়াঘাট,জেলা-দিনাজপুর; লিপিকাল-১২৫৪ সাল (১৮৪৭ খ্রি)।

৮। তদন্ত প্রতিবেদন (পত্র সংখ্যা-৮):

মৌজা- খোর্দ্দসীমলা, পরগনা-মেহমানসাহী, জেলা-বগুড়া; লিপিকাল- ১২৫২ সাল (১৮৪৫ খ্রি)।

৯। অবহিতকরণপত্র (পত্রসংখ্যা-৯):

ডিহি- কচুয়াপাড়া, পরগনা -মেহমানসাহী, জেলা-বগুড়া; লিপিকাল- ১২৪১ সাল (১৮৩৫ খ্রি)।

১০। অবহিতকরণপত্র (পত্রসংখ্যা-১০):

ডিহি- কচুয়াপাড়া, পরগনা - মেহমানসাহী, জেলা-বগুড়া; লিপিকাল- ১২৪১ সাল (১৮৩৫ খ্রি)।

১১। ভূমিবাটওয়ারা দরখাস্ত (পত্রসংখ্যা-১১):

Dhaka University Institutional Repository

বরাবর কালেক্টর, রাজশাহী জেলা; লিপিকাল- ১২৩৮ সাল (১৮৩১ খ্রি)।

১২। দরখাস্ত (পত্রসংখ্যা-১২):

বরাবর কালেক্টর, রাজশাহী জেলা; লিপিকাল- ১২৩৬ সাল (১৮২৯ খ্রি)।

১৩। তাহুত কিস্তীবন্দী (পত্রসংখ্যা-১৩):

ডিহি- কচুয়াপাড়া, পরগনা-মেহমানসাহী, জেলা- বগুড়া; লিপিকাল- ১২২৩ সাল (১৮১৬ খ্রি)।

১৪। নখিফর্দ (পত্রসংখ্যা-১৪):

বগুড়া জেলা কাচারী অফিস; লিপিকাল- ১২৫২ সাল (১৮৪৫ খ্রি)।

১৫। তাহুত কিস্তীবন্দী (পত্রসংখ্যা-১৫):

গ্রাম: মাটীয়ান, ডিহি-কচুয়াপাড়া, পরগনা-মেহমানসাহী, জেলা- বগুড়া; লিপিকাল- ১২২৩ সাল (১৮১৬ খ্রি)।

১৬। তাহুত কিস্তীবন্দী (পত্রসংখ্যা-১৬):

গ্রাম: মাটীয়ানী, ডিহি-কচুয়াপাড়া, পরগনা-মেহমানসাহী, জেলা- বগুড়া; লিপিকাল- ১২২৩ সাল (১৮১৬ খ্রি)।

১৭। হাশীলনামা (পত্রসংখ্যা-১৭):

ডিহি কচুয়াপাড়া, পরগনা-মেহমানসাহী; লিপিকাল- ১২৩৯ সাল (১৮৩২ খ্রি)।

১৮। অভিযোগপত্র (পত্রসংখ্যা-১৮):

মৌজা- তেথুলিয়া, থানা- শেরপুর, জেলা-বগুড়া; লিপিকাল- ১২৪৩ সাল (১৮৩৬ খ্রি)।

১৯। তদন্ত প্রতিবেদন (পত্রসংখ্যা-১৯):

মৌজা- তিরাইল, পরগনা-মেহমানসাহী; লিপিকাল- ১২৫১ সাল (১৮৪৫ খ্রি)।

২০। তদন্ত প্রতিবেদন (পত্রসংখ্যা-২০):

গ্রাম- পীরইল, পরগনা-মেহমানসাহী; লিপিকাল- ১২৫২ সাল (১৮৪৫ খ্রি)।

২১। রোবকারি (পত্রসংখ্যা-২১):

গ্রাম-পাকুড়িয়া, মৌজা- চৌগাঁও, পরগনা-মেহমানসাহী; লিপিকাল- ১২৫১ সাল (১৮৪৩ খ্রি)।

২২। তদন্ত প্রতিবেদন (পত্রসংখ্যা-২২):

Dhaka University Institutional Repository

মৌজা- সাগরপুর, পরগনা-মেহমানসাহী; লিপিকাল- ১২৫২ সাল (১৮৪৫ খ্রি)।

২৩। একরারপত্র (পত্রসংখ্যা-২৩):

সাকিন-কবচমাঝিড়া, তপ্পে-কুশম্বি, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৭ সাল (১৮৫০ খ্রি)।

২৪। অবহিতকরণপত্র (পত্রসংখ্যা-২৪):

ডিহি-কচুয়াপাড়া, জেলা-বগুড়া; লিপিকাল- ১২৪২ সাল (১৮৩৫খ্রি)।

২৫। মোক্তারনামা (পত্রসংখ্যা-২৫):

ডিহি-কচুয়াপাড়া, পরগনা-মেহমানসাহী; লিপিকাল-১২৩৮ সাল (১৮৩১খ্রি)।

২৬। মোকদ্দমা খারিজনামা (পত্রসংখ্যা-২৬):

রেভিনিউ কমিশনার, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫১ সাল (১৮৪৬খ্রি)।

২৭। করজখতপত্র (পত্রসংখ্যা-২৭):

গ্রাম- বনীপুর, পরগনা- শেলবর্ষ, থানা- আদমদিঘী, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৭১ সাল (১৮৬৫খ্রি)।

২৮। রেহেনখতপত্র (পত্রসংখ্যা-২৮):

থানা-শেরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৭১ সাল (১৮৬৫খ্রি)।

২৯। একরারপত্র (পত্রসংখ্যা-২৯):

গ্রাম- বারপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৭১ সাল (১৮৬৫খ্রি)।

৩০। উইল (পত্রসংখ্যা-৩০):

গ্রাম- শিবগঞ্জ, পরগনা- প্রতাপবাজু, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৬২ সাল (১৮৫৫ খ্রি)।

৩১। পত্তনিপত্র (পত্রসংখ্যা-৩১):

মৌজা- দোরবস্ত, পরগনা- সলকৌর; লিপিকাল- দানীশাব্দ ৯৭, ১২৫৪ সাল (১৮৪৮খ্রি)।

৩২। ডিক্রি বিক্রয়পত্র (পত্রসংখ্যা-৩২):

প্রধান সদর আমিনী আদালত, জেলা- রাজশাহী; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৩৩। মালজামানতিপত্র (পত্রসংখ্যা-৩৩):

মৌজা- বোলখুর, পরগনা- বার্ব্বকপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৩৪। বায়নানামা (পত্রসংখ্যা-৩৪):

গ্রাম: আচলাই, পরগনা- প্রতাপবাজু; লিপিকাল-১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৩৫। ভূমিবিক্রয় কবলাপত্র (পত্রসংখ্যা-৩৫):

গ্রাম- আচলাই, পরগনা- প্রতাপবায়ু; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৩৬। করজ উশুলপত্র (পত্রসংখ্যা-৩৬):

গ্রাম- আচলাই, তালুক-আলিগাও,পরগনা- প্রতাপবাজু; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৩৭। হেবানামা (পত্রসংখ্যা-৩৭):

গ্রাম- আচলাই, ডিহি- ভৌগুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৩৮। পত্তনিপত্র (পত্রসংখ্যা-৩৮):

লাট-ইনাতপুর, পরগনা-পোলাদশী, জেলা-বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৩৯। ভূমিবিক্রয়কবলাপত্র (পত্রসংখ্যা-৩৯):

গ্রাম-আচলাই, পরগনা-প্রতাপবাজু, থানা- শিবগঞ্জ, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৪০। করজখতপত্র (পত্রসংখ্যা-৪০):

গ্রাম-শোমস্পাড়া, পরগনা-তেগাছি, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৪১। করজখতপত্র (পত্রসংখ্যা-৪১):

মোকাম- বগুড়া, পরগনা-শেলবর্ষ; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৪২। কট কবলাপত্র (পত্রসংখ্যা-৪২):

গ্রাম- কুসুম্বী, পরগনা-খাট্টা, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৪৩। করজখতপত্র (পত্রসংখ্যা-৪৩):

গ্রাম-আচনাই, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৪৪। কিস্তীবন্দী (পত্রসংখ্যা-৪৪):

Dhaka University Institutional Repository

গ্রাম-গণ্ডগ্রাম, পরগনা-শেলবর্ষ, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৪৫। মালজামানতিপত্র (পত্রসংখ্যা-৪৫):

গ্রাম-শেরপুর, পরগনা-মেহমানসাহী, থানা- শেরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৪৬। একরারপত্র (পত্রসংখ্যা-৪৬):

গ্রাম-শেরপুর, পরগনা-মেহমানসাহী, থানা- শেরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৪৭। মালজামানতিপত্র (পত্রসংখ্যা-৪৭):

গ্রাম-শাঁখারিপাড়া, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৪৮। করজখতপত্র (পত্রসংখ্যা-৪৮):

গ্রাম-নওপাড়া প্রেমপুর, পরগনা- লস্করপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৪৯। করজখতপত্র (পত্রসংখ্যা-৪৯):

গ্রাম-রাজারামপুর, পরগনা- বিজাবগা, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৫০। করজখতপত্র (পত্রসংখ্যা-৫০):

গ্রাম-অলয়া, পরগনা- বড়বাজু, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৫১। করজখতপত্র (পত্রসংখ্যা-৫১):

মোকাম-বগুড়া, পরগনা- শেলবর্ষ; লিপিকাল-১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৫২। পত্তনিপত্র (পত্রসংখ্যা-৫২):

গ্রাম-মথুরামপুর, পরগনা- দাখিয়া জাহাঙ্গীরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৫৩। পত্তনিপত্র (পত্রসংখ্যা-৫৩):

গ্রাম-মথুরামপুর, পরগনা-জাহাঙ্গীরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৫৪। ভূমিবিক্রয়কবলাপত্র (পত্রসংখ্যা-৫৪):

গ্রাম-মালীগাঁতী, পরগনা- বড়বাজু, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৫৫। ভূমিবিক্রয়কবলাপত্র (পত্রসংখ্যা-৫৫):

গ্রাম-উদিসা, পরগনা- চৌগাও, জেলা- বগুড়া; লিপিকাল-১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৫৬। ভূমিবিক্রয়কবালাপত্র (পত্রসংখ্যা-৫৬):

গ্রাম-জালসা, পরগনা- ভাতোড়িয়া, জেলা- দিনাজপুর; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৫৭। মালজামীনতিপত্র (পত্রসংখ্যা-৫৭):

জেলা-বগুড়া; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৫৮। ভূমিবিক্রয় কবলাপত্র (পত্রসংখ্যা-৫৮):

গ্রাম-বাইগ্রাম, পরগনা-বার্ব্বকপুর, জেলা-রাজশাহী (বর্তমান বগুড়া); লিপিকাল-১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৫৯। ভূমিবিক্রয় কবলাপত্র (পত্রসংখ্যা-৫৯):

গ্রাম-ময়দান হাটা, পরগনা-কুঞ্জঘোড়াঘাট, জেলা- দিনাজপুর; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৮খ্রি)।

৬০। পত্তনিপত্র (পত্রসংখ্যা-৬০):

লাট-ইনাতপুর, পরগনা-পোলাদশী, জেলা- বগুড়া; লিপিকাল- ৯৭ দানিশাব্দ ১২৫৪, সাল (১৮৪৭খ্রি)

৬১। হেবানামা (পত্রসংখ্যা-৬১):

লাট- রায়পুর, মৌজা- তাহিরপুর, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৬২। ভূমিবিক্রয় কবলাপত্র (পত্রসংখ্যা-৬২):

গ্রাম-পীপড়া, মৌজা- দেহড়, পরগনা-শেলবর্ষ, জেলা- বগুড়া; লিপিকাল- ১২৫৪ সাল (১৮৪৭খ্রি)।

৬৩। পত্তনিপত্র (পত্রসংখ্যা-৬৩):

লাট-ইনাতপুর, চাকলে- দানিশনগর, জেলা- দিনাজপুর; লিপিকাল- ১২৫৪ সাল, ৯৭ দানিশাব্দ (১৮৪৭খ্রি)।

৬৪। বায়নানামা (পত্রসংখ্যা-৬৪):

চাকলে-দানিশনগর, পরগনা- পোলাদসী, জেলা- দিনাজপুর; লিপিকাল- ১২৫৫ সাল (১৮৪৭খ্রি)।

৬৫। হেবানামা (পত্রসংখ্যা-৬৫):

লিখিতং শ্রীআদিত রামশাহা পাইকাড় ও শ্রীরাধানাথশাহা শাকীনান গণ্ডগ্রাম পরগনে শেলবর্শ তরফ বেহার এলাকে থানা বগুড়া কিস্তীবন্দী পত্রমিদং শন ১২৫৫ শাল শালাব্দে লিখনং কার্য্যঞ্চাগে মহাশএর খরিদ কুঠী নওদাপাড়া মোতালকে কোম্পানী বাহাদুরের কারবার আমলাবধি আমী আদিতরাম শাহা কোত্তার পাইকাড়ী কর্ম্ম করিতেছিলাম সেমতে লাগাএদ শন ১২৫৪ সালের উক্ত কুঠীর কোত্তার কারবারি হিশাবি খাতায় আমার নামে মবলগে ৭২২৷৴১০ শাত শও বাইস টাকা পাঁচ আনা দসপাই কোম্পানী বাকী লিখাজায় ঐ বাকীর মবলগ মজকুরা আমার ওাজিরি দেনা এবং আমী রাধানাথ শাহা উক্ত আদিত রামের পুত্র বিধায় ঐবাকী আমারহ দেইন জথার্থ বটে অথচ নাচারি অবস্থা জন্য আদায় করনে অশক্ত এক্ষন ঐ বাকী পরিস্কার করার কারণ আমরা আপন ২ ইৎস্যা পুর্ব্বক মহাশএর সরকারের উক্ত কুঠীর কার্য্যকারক শ্রীকৃষ্ণকান্ত গঙ্গোপাধ্যায় মোক্তারের নিকট হাজীর আশীয়া আপন ২ নাচারি অবস্থা জানাইয়া ঐ বাকী মধ্যে কথেক রেয়াইত পাওার ও কথেক কিস্তীবন্দী দ্বারায় আদায় করার প্রার্থনা করাতে আমারদিগের নাচারি অবস্থা দৃষ্টে প্রার্থনানুজাই উক্ত বাকী মধ্যে মবলগে ৬১৭৷৴১০ ছয়শত সতের টাকা পাচ আনা দস পাই রেয়াইত দিলেন বাকী কোম্পানী ১৫০ [প্রকৃতপক্ষে ১০৫] একশও পাচ টাকা মধ্যে অদ্য আমরা ১৫ পোনের টাকা নগদ দাখীল করিলাম বক্রী মবলগে কোম্পানী ৯০ টাকা একজোগে দেওনে অশক্ত হৈয়া আমার এই কিস্তীবন্দী লিখীয়া দিতেছী জে নিচের তপঃশ্বীলের লিখীত কিস্তীবন্দী মোতাবেক কিস্তীর কিস্তী টাকা আদায় করিব কিস্তী খিলাপ করি মাফীক আইন কিস্তী খিলাপী সুদ দিব আর জখন জে টাকা দেই তাহা এই কিস্তীবন্দীর প্রষ্টে ওাশীল লিখীত দিব তাহা না করিয়া আলাহেদা কোন রশীদ কি শাক্ষী গুজরাই তাহা নামঞ্জুর এতদর্থে আপন ২ খুশীতে কিস্তীবন্দী পত্র লিখীয়া দিলাম ইতি শন শদর তারিখ ১৪ আশাড়

তপশীল কিস্তীবন্দী রূপেয়া		
শন ১২৫৫ শাল	-	১৫
মাহে আশাড়	-	
মাহ শ্রাবণ	-	১৫
মাহ ভাদ্র	-	১৫
মাহ আশ্বীন	-	১৫
মাহ কার্তিক	-	১৫
মাহ অগ্রহায়ণ	-	১৫
		৯০

মং নব্বই টাকা ইতি

[স্বাক্ষর অস্পষ্ট]

ইশাদ

শ্রীভাজনা হরকরা শাকীন রজবপুর
শ্রীজঙ্গু হরকরা শাং নওদাপাড়া
শ্রীশাতকড়ী হরকরা শাং শাখারিয়া
শ্রীগোবিন্দ দাস শাং গণ্ডগ্রাম

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইওন সাহেব রেজীষ্টর শমীপে খোদ আদিত রাম ও রাধানাথ শাহা হুযুরে ভৈরবচন্দ্র চৌধুরী মোক্তারের শনাছাইতে হাজীর হৈয়া এই দলীলে আপন ২ হাতে দস্তখত করা স্বীকার করিল এবং গোবিন্দ দাস শাক্ষী শপথ করিয়া ঐ দস্তখতের শত্যতা পক্ষে শাক্ষ দিল মোতে রেজীষ্টরি হৈল ইতি শন ১৮৪৮ ইং ১২ জুলাই মোং শন ১২৫৫ শাল তারিখ ৩০ আশাড়

ইষ্টাম্প মূল্য ।।০

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীশীবনারায়ণ শর্ম্ম মুনশী

মহামহীম শ্রীযুক্ত ডিপোটী কালেকটর সাহেব জেলা বগুড়া বরাবরেষু

লিখিতং শ্রীশীব নরায়ণ শর্ম্ম মুনশী ওলদে অনুপ নারায়ণ মুনশী শাকীন শেরপুর পরগনে মেহমানশাহী মোতালকে জেলা বগুড়া মালজামীনি পত্রমীদং শন ১২৫৪ শালাব্দে লিখনং কার্য্যাঞ্চাগে জেলা বগুড়ার মোতালক শেরপুর নিবাসী শ্রীগোবিন্দ চন্দ্র তরফদার জেলা বগুড়ার ডিপোটী কালেকট্টরির খাজঞ্চীগিরি কার্য্যে নিযুক্ত হৈল আমীহ শেইৎশা পূর্ব্বক খাজাঞ্চী মজকুরের মালজামীন হৈলাম খাজাঞ্চী মজকুর শর্ব্বদা বরউক্ত হাজীর থাকীয়া আপন ওাহাদার কার্য্য বাস্তী দুরস্তীতে আঞ্জাম দিবেক আর তাহার হিশাবের কাগজাত জখন তলবহয় গুজরাইবেক জদ্যপী তহবিলের টাকা আপনে তছরূপ করে কিম্বা অন্যকে তছরূপ করিতে দেন ওহিশাব বুঝাইতে ও তাহার কাগজাত দাখিল করিতে গাফিলী করে ও তাহাতে জেকিছু সরকারের খিয়ানত ও লোকশান হয় তবে বিনা ওজরে এতাবত বিসএর নিশাদিহী আমার জেম্যা ও আমী অভাবে আমীর ওারিশান ও উছীয়ানের জেম্মা আর এই শকল খিয়ানতের নিশা করার জৈন্যে আমার জে নিচের লিখীত মিলকিয়ত অন্যের বিনা সরিকিতে আমার দখলে আছে তাহা জামীনিতে রেহেন রাখিলাম আর মালজামীনির শর্ত্তসকল সম্পর্ণ্ন হওা পর্য্যন্ত ফলীতার্থ জে খাজাঞ্চী মজকুরির জেম্মার টাকা লোকশানী ও খিয়ানতীর নিশ্যাদিহীর বিশয় বটে বন্দক আছে অন্যকোন প্রকারে বয়হেবা ও বন্ধক এবং অন্য কোন গতীকে হস্তান্তর আমী কিম্বা আমার ওারিশান ও উছীআনের করার ক্ষেমতা নাহী এবং থাকিবেকনা জদ্যপী কখনহ আমী কিম্বা আমার ওারিশান ও উছীয়ান উপরের লিখীত কর্ম্ম করিওকরে তাহা বাতিল ও নামঞ্জুর ও খাজাঞ্চী মজকুরের খেয়ানত করি ও লোকশানী প্রকাস হৈলে তৎক্ষনাত খাজাঞ্চী মজকুরের লোকশানী ও খেয়ানতের টাকা আদায় করিব তাহা আদায় না করার পক্ষে সরকার বাহাদুরের ক্ষেমতা থাকিবেক জে এজামীনির বন্দকি বস্তু নিলামের দ্বারায় সরকারের টাকা আদায় না হয় তখন সরকারের ক্ষেমতা থাকিবেক জে আমার স্থাবর অস্থাবর নামী ও বিনামী জে কিছ জায়দাদ প্রাপ্ত হয় তাহা নিলামে বীক্রি কারইয়া সরকারের পাওনা খিয়ানতী টাকা ওয়াশীল করেন তাহাতে কোন প্রকারে আমী কি আমার ওয়ারিশান কি উছীআনের ওজর কোন স্থানে গ্রাহ্য ও শুনার জুগ্য হৈবেকনা এবং আমী ও আমার উত্রাধিকারী ও উছীদ্বিগের ক্ষেমতা থাকিবেক না এতদর্থে মালজামিনীপত্র লিখীয়া দিলাম ইতি তারিখ ১৭ আশাড় শন ১২৫৪ শাল

[স্বাক্ষর অস্পষ্ট]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

তপঃশীল মহাল

শীঙ্গড়া পভড়া	কিং নসরতপুর	ডিহী পানীকান্দা	শীমলা দেউড়ী
পং খাট্টা ১ ৯৬৪ ১১	পং খাট্টা ১২৩৸/	পং প্রতাপবাযু	পং মেহমানশাহী
ইশাদ		৫৬৯৲৴১১৷	৫৫৷৷৵১৷
শ্রীভস্তরা সরদার	শ্রীখোদাবকস পাইক		৯১৩৲৴৬
মোং শেরপুর	মোং তথা		

খোদ হাজীর হৈয়া আপন দস্তখত কবুল করিল শওাল কোন মহাল বন্দক রাখিল জওাব ডিহী পানীকান্দাদিগর জামীনিতে বন্দক রাখীলাম আর কাহার জামীনি বন্দক নাহী বগুড়ার কালেকট্টরিতে খাজানা দাখিল হয় অন্য কাহার জামীনিতে বন্দকি বস্তু রেহান নাহী হুকুম হৈল জে জামীনদার বিদায় রিতিমোত জামীনী তহকিকার আমলে আইসে ৩০ জুন শন ১৮৪৭ ইং

নং ৫৮২ [স্বাক্ষর অস্পষ্ট]

[ফারসি স্বাক্ষর]

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইওন রেজীষ্টর শাহেবের শমক্ষে ভস্তরা সরদার শাক্ষীর বাহলফ এজাহারে ও শীবনারায়ণ মুনশীর মোক্তার রাধা মোহন রাএর এজাহারে এই জামীনিতে শীব নারায়ণ মুনশীর শাক্ষর দস্তখত প্রমান জানীয়া রেজষ্টরি করা গেলে শন ১৮৪৮ ৮ শেতাম্বর মোং ১২৫৫ শন ২৫ ভদ্র

[স্বাক্ষর অস্পষ্ট]

ইস্টাম্প
৷৷০

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)



Dhaka University Institutional Repository

৪৬ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

মোতালকে
কালেক্টরি জেলা
বগুড়া

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীশীবনারায়ণ শর্ম্ম মুনশী
সাং শেরপুর
শ্রীগোবিন্দ চন্দ্র তরফদার
সাং তথা

লিখিতং শ্রীশীবনারায়ণ মুনশী শ্রীগোবিন্দ চন্দ্র তরফদার শাকীন শেরপুর পরগণে মেহমনশাহী মোতালকে জিলা বগুড়া একরার পত্রমীদং শন ১২৫৪ শালাব্দে লিখনং কার্য্যঞ্চআগে আমী গোবিন্দ চন্দ্র তরফদার জেলা বগুড়ার ডিপোটী কালেক্টরির খাজাঞ্চীগিরি কর্ম্মে নিযুক্ত হওনে আমার নিজ হকীয়ত একরারের দ্বারায় ও আমী শীবনারায়ণ মুনশী আপন হকীয়ত জামীনি দ্বারায় অর্থাত উভএ পুর্ব্ব দাখিলি জামীনি ও একরারের তপশীলের লিখীত মোট শদর জমা ২১০১৷৶৩ পাই মিলিকিয়ত উক্ত খাজাঞ্চীগিরি কর্ম্মের মাতবরিতে বেহাল রাখিয়াছী কিন্তু এ জামীনী ও একরারে ফৌজদারির তহবিল জে আমী গোবিন্দ চন্দ্র তরফদার খাজাঞ্চীর জিম্মা আছে তাহার কোন প্রশঙ্গ লিখা না থাকা হেতু আমাদ্বিগের স্থানে একরার তলব হৈয়াছে অতএব একরার দিতেছী জে জদিস্বাৎ ফৌজদারির তহবিল তছরূপাত ও তৎ সঙ্কান্তে কোন এক বিশয় আমী গোবিন্দ চন্দ্র তরফদার খাজাঞ্চীর জওাবদিহী হয় তবে আমার দ্বিগের পুর্বকার দাখিলী একরার ও জামীনির সরত মোতাবেক আমলে আশীবেক তাহাতে আমাদ্বিগের এবং আমাদ্বিগের ওারিস উত্তরাধি কারিগণের কোন ওজর আপত্য গ্রার্হ্যযুগ্য হৈতে পরিবেক না এতদর্থে একরার পত্র দিলাম ইতি তে ৪ চৈত্র শন ১২৫৪ শাল

ইশাদ

শ্রীদুখু চাপরাশী
মোং বগুড়া

শ্রীছোবান চাপরাশী
মোং তথা

খোদ শীব নারায়ণ মুনশী ও গোবিন্দ চন্দ্র তরফদার হাজীর হৈয়া আপন ২ দস্তখত এই একরারে করা প্রমান করিল মোতে হুকুম হৈল জে

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

৪৬ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

ইজারাতে আছে কিনা জওাব আমার দখলে আছে অন্য কাহার নিকট
বন্দক কি দখল কিম্বা ইজারাতে নাহী হুকুম হৈল জে বন্দকীয় বস্তুর
দখিলকারির বিশএ নাজীর নামে পরওানা দেওাজায় আর বন্দকিয় বস্তুর
বাবত কোন মোকদ্দমা কিম্বা অন্যে কাহার জামীনিতে আবদ্দ আছে কিনা
তাহার সবিশেষ লেখার কারণ বগুড়ার শদর আমীন মোনশেফ নিকট
ও রাজশাহীর জজ ও প্রধান শদর আমীন নিকট রোবকারি জায় আর
পুলীস মারফত অত্র জেলার মেজেষ্টর সাহেব জোগে এক ফেত্তা এস্তাহার
জারি হয় আর মহাফেজ শীরিস্তা তদন্ত পুর্ব্বক মালীয়ত ও মিলকীয়তের
কৈফিয়ত দেয় ইতি ১৮৪৭ শন তে ২০ যুলাই মোং ১২৫৪ শন ৫ শ্রাবন

নং- ৬৪১

[ফারসি স্বাক্ষর] [স্বাক্ষর অস্পষ্ট] [ফারসি স্বাক্ষর]

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইউন সাহেব রেজীষ্টর শমীপে
খোদ গোবিন্দ চন্দ্র তরফদার হযুরে হাজীর হৈয়া এই দলীলে আপন
দস্তখত স্বীকার করিল এবং দুখু চাপড়াশী শাক্ষী শপথ করিয়া উক্ত
তরফদারের শাক্ষর দস্তখত এবং তাহার হাজীরির শত্যতার বিশয়
শাক্ষ দিল মোতে রেজীষ্টরি হৈল ইতি শন ১৮৪৮ ডিশাম্বর
মোং শন ১২৫৫ শাল তারিখ ৩ পৌস

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প

১,

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

14

Book 3 page 14

Registered this 3rd March 1848 at 3 PM

Judge

[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

[চার স্যাঁব ইংরেজি লেখা]

শ্রীচন্দ্রমোহন শাহা
শাকীন শাঁখারিপাড়া
মোকাম বগুড়া

মহামহীম শ্রীযুত ভবানীসংঙ্গর পাড়ে জমীদার মহাশয়
বরাবরেষু

লিখিতং শ্রীচন্দ্রমোহন শাহা শাকীন শাঁখারিপাড়া তপ্পে ইছাহাক নগর মালজামীনী পত্রমীদং কার্য্যনঞ্চাগে পরগনে প্রতাপবাযুর ডিহী পানীকাঁধার অন্তপাতী তরফ নশীপুর অর্থাৎ নিজ নশীপুর ও মৌজে কোলাবাড়ি ও মৌজে মাজবাড়ি ও মৌজে চক কাতুলী ও মৌজে বাগুনী এহী পাচ দেহার হিস্যা ৷৷০ আট আনা জাহা অসৃপবিবি ও প্রাণবিবির জমীদারি হকীয়ত ছিল তাহা আপনে খোস কবালায় খরিদ করিয়া দখিলকার আছেন এই ক্ষনে ঐ মহালাতের রকম মজকুরা আপনার খরিদগী হকীয়ত ইস্তক শন ১২৫৫ শাল লাগাএদ শন ১২৬০ শাটি শাল মুদ্দত ৬ ছয় শনা মেয়াদে শেওায় সরঞ্জামী ফি সন শালিয়ানা ১৫০০।৵পোনের শত ছয় আনা টাকা জমাতে শাকীন কুচিয়ান মোতান শ্রীরামহরি শাহাকে মেয়াদি ইজারা বন্দবস্ত করিয়া দিয়া পাট্টা দিলেন ইজারাদার মজকুর ইজারার কবুলীয়ত মহাশএর নিকট দাখিল করিলেক আমী আপন শইচ্ছা পূর্ব্বক ইজারদার মজকুরের মাল জামীন হৈয়া জামীনীর মাতবরিতে নিচের তবসীলের লিখীত জায়দাদ রেহন রাখিয়া এই জামীনী নামা লিখিয়া দিতেছী জে ইজারদার মজকুর আপন দওা কবুলীয়তের সর্ত মোতাবেক আমলে আনীয়া বাস্তীদুরস্তীতে আমানত দিয়ানত বহাল রাখিয়া কার্য্য করিবেক পাট্টা কবুলীয়তের অন্যথা আচরণে খাজানা আদায় নাকরে তবে আমী নিজ আদায় নিশা করিব তাহা না করি তবে তপশীলের লিখীত আমার জায়দাদ নিলাম বিক্রীর দ্বারায় আদায় করিয়া লইবেন তাহাতে আমী ওজর আপত্য করিবনা জদি করি অগ্রাহ্য এই জামীনীর রেহেনের বস্তু ইজারার মেএাদ কোন রকমে হস্তান্তর করিতে পারিবনা জদি করি নামঞ্জুর এতদার্থে মালজামীনীপত্র লিখিয়া দিলাম ইতি শন ১২৫৪ বারোসও চৌয়ান্ব শাল তারিখ ৯ চৈত্র

তপশীল জায়দাদ

মোকাম বগুড়ার বাজারের মোহড়ার পশ্চীম দরওাজা জালানা মায় কপাট চৌকাট বারেন্ডাদি মূল্য আন্দাজ ২৫০০ আড়াই হাজার টাকা - ১

মং একটা দালান ইতি

ইশাদ
শ্রীজিতু শাহা শাকীন
এরুলীয়া
শ্রীশুকুর মামুদ শ্রীশফরা নস্য
শাং বিন্দাবন পাড়া শাং তথা

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইওন রেজষ্টর শাহেবের শমীপে পেস হৈল জেহেতু জিতু শাহা শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় ও চন্দ্রমোহন শাহার মোক্তার নিলকমল রায় মোক্তারের এজাহরে এই জামীনীতে খোদ চন্দ্রমোহন শাহার শাক্ষর দস্তখত প্রমান জানীয়া রেজষ্টরি করা গেল ইতি শন ১৮৪৮ ইং তে ৩১ মার্চ্চ মোং ১৯ চৈত্র শন ১২৫৪

[স্বাক্ষর অস্পষ্ট]

ইষ্টাম্প
১২

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)



Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৺শ্রীশ্রীদুর্গা

[চার সারি ইংরেজি লেখা]

মহর
শ্রীকৃষ্ণেন্দ্র নারায়ণ রায়
সাকীন নওপাড়া প্রেমপুর
পরগনে লস্করপুর থানা বিল
সাকিয়া মোকাম বগুড়া মূল্য
চারিহাজার টাকা কম্পানীকেল
লইলাম

ইয়াদিকির্দ্দ শাধু শ্রীচন্দ্র মোহন শাহা লিখিতং শ্রীকৃষ্ণেন্দ্র নারায়ণ রায় কস্য করজখত পাত্রমীদং শন ১২৫৪ বারোশও চৌত্তান্ন শালাব্দে লিখনং কার্যঞ্চাগে আমী তোমার স্থানে মবলগে ৪০০০ চারি হাজার টাকা কোম্পানী নগদ দস্তবদস্ত করজ লইলাম ইহার সুদ মাফীক আইন ফিসত মাশীক ১৲ একটাকা বরার্দ্দে দিব ওাদা শন ১২৫৫ সনের মাহো আস্বীন সুদ সমেত মবলগ মজকুরা আদায় করিব জদি এককালীন আদায় করিতে না পরিয়া ক্রেমে আদায় করি তবে জখন জে আদায় করিব তাহা এই তমঃসুকের প্রেষ্টে ওাশীল লিখিয়া দিব তাহা না করিয়া অন্য কোন রশীদ কিম্বা ওাশীলের বিশয় শাক্ষী শাক্ষ্যাদি গুজরাই তাহা নামঞ্জুর এতদর্থে করজাখত পত্র লিখিয়া দিলাম ইতি শন সদর তারিখ ২২ ফালগুন

ইশাদ

শ্রীসরূপ নস্য পোদ্দার	শ্রীখদি নস্য	শ্রীফেলু নস্য	শ্রীসরিতুল্যা সরদার
শাং কাটনার	শাং নিশীন্দরা	মোং বগুড়া	মোং বগুড়া
১	১	১	১

কৈফীয়ত এই তমঃশুক ২০ বিস টাকা দামের ইষ্টাম্পে লিখিত হওয়া বিধি কিন্তু এককীতা ইষ্টাম্প উক্ত মুল্যের নাপাওাতে মূল্য পুরূনার্থে ১৬ শোল টাকা দামের ইষ্টাম্পে ৪০০০ হাজার টাকার তমঃশুক দিয়া দিয়া এই ৪ চারিটাকা ইষ্টাম্প শামীল করিয়া দিলাম ইতি শন ১২৫৪ শাল তে ২২ ফালগুন

শ্রীকৃষ্ণেন্দ্র নারায়ণ রায় মহর

জেলা বগুড়া মেং জার্জ আভলী ইওন শাহেব রেজষ্টর শমীপে অত্র তমঃশুকের লিখীত সরূপ পোদ্দার শাক্ষীর শপথ পূর্ব্বক শাক্ষতায় এবং দস্তখত কারকের মোক্তার শীব কৃষ্ণ মজুমদার ও ঈশান চন্দ্র ভাদুড়ির এজহারে ইহাতে কৃষ্ণেন্দ্র নারায়ণ রাএর শাক্ষর দস্তখত ও মোহর প্রমান করিল মোতে রেজীষ্টরি হৈল ইতি ১৮৪৮ ইং ১৪ মার্চ্চ মোং ১২৫৪ শাল ২ চৈত্র

[স্বাক্ষর অস্পষ্ট]

ইষ্টাম্প মুল্য

২০৲

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)


Book 7 Page 1

Registered this 25th day of Jany 1848

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৺শ্রীশ্রীদুর্গা

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীকাশীশ্বরী দেব্যা শ্রীদুর্গাকান্ত শর্ম্মন
শ্রীশান্ত মনীদেব্যা মজমুদার
বং শ্রীদুর্গাকান্ত মযুমদার
মোক্তার
শাং রাজারামপুর পং বিজাকশা জেলা দিনাজপুর

ইয়াদিকীর্দ্দ

শ্রীচন্দ্রকীশোর চৌধুরী সচ্চরিতেষু করজখতপত্রমিদং শন ১২৫৪ চৌওান্ব শাল আবেদ (আব্দে) লিখনং কার্য্যঞ্চাগে আমরা তোমরা নিকট কোম্পানী মবলগে ১৯০০ ঔনীষ সও টাকা করজ লইলাম ইহার সুদ দরমাহা ফীশদ ৷|০ আট আনা বরার্দ্দে দিব ওাদা শন মজকুরের মাহ চৈত্রমাসে মাএ সুদ মবলগ মজকুর এককালীন শোদ করিয়া এহি তমঃসুক ওাপোষ লইব জদ্যপী এককালীন টাকা সোদ করিতে না পারি তবে জখন জে টাকা দেই তাহা এহি তমঃসুকের পৃষ্ঠে ওাসীল লিখীয়া দিব ওাসীল লিখীয়া না দিয়া আলাহেদা ওাসীলের শাক্ষী কীমবা রসীদ গুজরাই তাহা নামঞ্জুর এতদার্থে করজখত পত্র লিখীয়া দিলাম ইতি তারিখ ২১ আশ্বীন

ইশাদ

শ্রীরামকৃষ্ণ দাষ
শাং বালুভরা

শ্রীগএসা নষ্য
শাং বালুভরা
পং মহাসীংহপুর
শ্রীউমর শরদার
সাং তথা
পং খেতলাল
শ্রীছিদাম হকার
শাং হজরতপুর
পং খেতলাল

জেলা বগুড়া শ্রীযুত মেং জার্জ আডলী ইউন শাহেব রোজষ্টরের হুযুরে এই তমঃসুকের লিখীত রামকৃষ্ণ দাস শাক্ষীর হলফ দ্বারা শাক্ষতায় ও কাসীশ্বরি দেব্যাদিগরের মোক্তার রাধামোহন রাএর এজহারে দুর্গা কান্ত মযুমদার স্বহস্তে ও কাসীস্বরি দেব্যা ও শান্তমুনী দেব্যার নাম দস্তখত ঐ দুর্গাকান্ত মযুমদারের বকলমে দস্তখত করা প্রমান হইয়া রেজষ্টরি করা গেল ইতি ১৮৪৮ ইং তারিখ ২৫ জানওারি মোং শন ১২৫৪ শন তে ১৩ মাঘ

[স্বাক্ষর অস্পষ্ট]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)



Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৭শ্রীশ্রীহরি

[চার সারি ইংরেজি লেখা]

মহর

শ্রীজয় দুর্গা দাস্যা
শ্রীবরদেশ্বরি দাস্যা মাদরে শ্রীহরিহর গুহ
নাবালগং শাকীনান অলুয়া পরগণে বড়বাযু

মহামহীম শ্রীযুত চন্দ্রকিশোর মুনশী মহাশএ

বরাবরেষু

লিখিতং শ্রীজয়দুর্গা দাস্যা জওজে গুরুদাস গুহ মোতফা ও শ্রীবরদেশ্বরি দাস্যা জওজে ব্রজনাথ গুহ মোতফা মাদরে শ্রীহরিহর গুহ নাবালগ করজখত পত্রমীদং শন ১২৫৫ বারোশও পোচপন্ব শন শালাব্দে লিখনং কার্য্যাঞ্চাগে আমাদিগের পতী দ্বএর শাবেক অরক্ষিনি রিন পরিশোধার্থে মহাশএর তহবিল হৈতে আপনকার আমলা শ্রীজাদবচন্দ্র মুনসীর বদস্তে আমারদ্বিগের কারপরদাজ আমলা শ্রীরামাঞ্জী তালুকদারের মারফত নগদ দস্তবদস্ত কোম্পানী মবলগে ২০০০ দুই হাজার টাকা আমরা করজ লইলাম ইহার সুদ দরমাহা ফিশতো৷৵দস আনা হিসাবে দিব ওাদা শন মজকুরের চৈত্র মাসে এককালীন মায়সুদ পরিশোদ করিব তাহা না করিয়া ক্রেমে ২ টাকা শোদ করি তবে এই তমঃশুকের পৃষ্টে ওাশীল লিখিয়া দিব তাহা না দিয়া ওাশীলের আলাহেদা রশীদ কিম্বা শাক্ষী গুজরাই তাহা নামঞ্জুর এতদর্থে করজ খত পত্র লিখিয়া দিলাম ইতি তারিখ ১৫ বৈশাখ

ইশাদ

শ্রীরছুল মামুদ মণ্ডল	শ্রীইয়ার মামুদ সরকার	শ্রীশমজদি মণ্ডল	শ্রীআনন্দ বিশ্বাষ
শাং কুন্দেস	শাং তথা	শাং শীবপুর	শাং শেরপুর

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইওন সাহেব রেজীষ্টর তপশীলের লিখিত শমজদ্দী মণ্ডল শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় এবং কৃষ্ণমোহন তালুকদার মোক্তারের এজহারে এই তমঃশুকে জয়দুর্গা দাস্যার শাক্ষর দস্তখত ও মোহর এবং বরদেশ্বরি দাস্যার শাক্ষির দস্তখত প্রমান হৈয়া রেজীষ্টরি হৈল ইতি শন ১৮৪৮ ইং ১৭ মেই মোং শন ১২৫৫ শাল ৫ জৈষ্ঠী

[স্বাক্ষর অস্পষ্ট]

ইষ্টাম্প

১২

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)



Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

[চার সারি ইংরেজি লেখা]

মহর

মহর

[চার সারি ফার্সী লেখা]

ইয়াদিকির্দ্দ শ্রীমোহন শাহা শচ্চরিত্রেষু লিখিতং শ্রীভবানী শঙ্কর পাড়ে ও শ্রীভুলন মনী দেব্যা জওজে ভবানী শঙ্কর পাড়ে মজকুর শাকীনান আজীমগঞ্জ শহর মুরসুদাবাদ হাল মোকাম বগুড়া পরগনে শেলবর্শ করোজ খত পত্রমীদং শন ১২৫৪ চওান্য শন লিখনং কার্য্যাঞ্চাগে আমরা অর্থাৎ আমী ভবানী শঙ্ক পাড়ে স্বয়ং ও আমী ভুলন মনী দিব্যা আপন পতী উক্ত পাড়ের মারফতে আপনকার স্থানে মবলগে ৫০০ পাচশও টাকা কোম্পানী নগদ করোজ লইলাম ইহার সুদ মোতাবেক আইন দিব ওাদা শন ১২৫৫ সনের মাহে আস্বীন মবলগ মজকুর মায়সুদ পরিশোদ করিব জদ্দপী এককালীন শোদ করিতে নাপারিয়া ক্রমে ২ শোদ করি তবে জখন জে টাকা শোদ করিব তাহা এই তমঃসুকের প্রষ্টে ওাশীল লিখিয়া দিব তাহা না দিয়া আলাহেদা রশীদ কিম্বা শাক্ষীআদি গুজরাই তাহা নামঞ্জুর এতোদথ্যে করোজ খত পত্র লিখিয়া দিলাম ইতি তারিখ ৯ নওই চৈত্র

ইশাদ

শ্রীজিতু শাহা	ও শ্রীপীরূ নষ্য	শ্রীফেলু প্যাদ
শাং এরুলীয়া	শাং নিশীন্দারা	মোং বগুড়া

জেলা বগুড়া মেং জার্জ আদলী ইস্তন রেজষ্টর শাহেবের শমীপে জিতু শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় ও ভবানী শঙ্কর ও ভুলন মনী দেব্যার মোক্তার তিনকড়ী সরকারের এজহারে এই তমঃশুকে ভবানী শঙ্কর পাড়ে দস্তখত ও মহর করা ও ভুলন মনী কেবল মহর করা প্রমান জানীয়া রেজষ্টরি করা গেল শন ১৮৪৮ । ১ মার্চ্চ মোং শন ১২৫৪ তারিখ ১৯ চৈত্র

[স্বাক্ষর অস্পষ্ট]   ইষ্টাম্প

৪্

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Book 1 Pages 31 & 32

Registered the 29th April 1848 at 3 PM

[illegible]

Judge

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৺শ্রীশ্রীরাম

শত্য

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীনন্দগোপাল মজমুদার
সাকিনান হাটি পরগনে
কাটার মসন্ত

নং ১৩

শাধু শ্রীখোত্তাজ প্রামানীক তথা শ্রীকেমদী আকন্দ তথা শ্রীতাজু প্রামানীক শচ্চরিতেষু মিরাস জোত পট্টক পত্র মিদং শন ১২৫৪ সন শালাব্দে লিখনং কার্য্য ঞ্চাগে আমার তালুক পরগনে দাথিয়া জাহাঙ্গীরপুরের অন্তঃপাতী কিসামত মথুরা পুরের মধ্যে গাঁড়াখোলার চড়ায় মওজী ৩।।০ সাড়ে তিন বিঘা বাহীরা বাড়ির চড়ায় মোওাজী ৬।/ সাড়ে ছয় বিঘা একুনে মোওাজী ১০ দস বিঘা জমী ফিঁবিঘা।৴৪ সাত আনা শোল কড়া নিরিখে মুসক্কস মোক্তা মবলগে ৪।।০সাড়ে চারি টাকা মকররি জমা ধার্য্য করিয়া দিয়া ঐ মহলের খাজানা বাকীর কারণ মহাল লাটে থাকা প্রযুক্ত উক্ত মকররি জোতের পোনবাহা মবলগে ৩৮ আটত্রিস টাকা নদগ দস্তবদস্ত তোমাদিগের পাস বুঝিয়া পাইয়া মোওাজী মজকুরা মোকররি মক্তা মবলগে ৪।।০ সাড়ে চারি টাকা জমাতে তোমাদিগের মিরাস জোত পত্তন করিলাম তোমরাহ সেৎসাপুর্ব্বক কবুল করিয়া কবুলীয়ত লিখিয়া দাখিল করিলা মোওাজী মজকুরাতে দাখিলকার হৈয়া উক্ত মকররি জমা সন্নত সনবসন কিস্তী বকিস্তী আমার সরকারে মালগুজারি আদায় পুর্ব্বক পুত্রপৌত্রাদিক্রমে ভোগ করিয়া মোত্তাজী মজকুরা হাজাসুকা পতীত পলাতকা জিম্মা তোমার দিগের এবং প্রজা বসত ও হার নিরিখের কমবেস ও জলাসয় ইত্যাদির সত্যাদিকারি তোমরা এবং মোওাজী মজকুরার বাবদ আদালত ফৌজদারি কোন বিসয় উপস্থীত হয় জিম্মা তোমাদিগের আমার শহীত কোন এলাকা নাহী কালে কস্মীন আমীও আমার ওয়ারিশান উক্ত মকররি জমার পরবেশী তলব করিতে পারিবনা ও পরিবেক না এবং জোত মজকুরা ছাড়াইতে পারিবনা ও পারিবেক না ও তোমরাও তোমা দিগের ওারিশান উক্ত মকররি জমার কমির আপত্য করিতে পারিবানা ও পারিবেক না এবং মোত মজকুরা ছাড়িতে পারিবেক না এবং পারিবানা জদি কখন

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

আমি ও আমার ওয়ারিশান এবং তোমরা ও তোমার দিগের ওয়ারিশান এই-
[illegible] এখতেয়ার করিয়া ওয়ারেছান এবং [illegible] [illegible]
সেই সম্পর্কে সব দিলাম ইতি সন [illegible] তারিখ ১০ পৌষ।।

ইসাদ। ——

শ্রী [illegible] আকন্দ। — শ্রী [illegible] প্রামানিক — শ্রী রহিম [illegible]

সাকিন [illegible] — সাকিন ঐ — [illegible]

শ্রী রহিম প্রামানিক। —— শ্রী আলম আকন্দ —

সাকিন [illegible] —— সাং ঐ। ——

[illegible] [illegible] নীলাম। —
আলম আকন্দ [illegible] এবং [illegible] —
[illegible] এই [illegible] —
[illegible]
[illegible] ৫৫ সাল [illegible] —— ১৮ বৈশাখ। —

ইস্তফানামা [illegible] ৭৭০

Dhaka University Institutional Repository

৫২ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

আমী ও আমার ওারিশান এবং তোমরা ও তোমারদিগের ওারিশান এই সরতের অন্যথা করি ও করে এবং করহ ও করে তাহা নামঞ্জুর এতদর্থে মিরাস জোত পট্টকপত্র দিলাম ইতি শন সদর তারিখ ১০ পৌষ

ইশাদ

শ্রীকোকণ আকন্দ শাকীন শুজাপুর	শ্রীমানীক প্রামানীক শাকীন তথা	শ্রীরহমত উল্যা সরকার শাং কুমরৌল
শ্রীরহীম প্রামানীক শাকীন শুজাপুর	শ্রীআলম আকন্দ শাং তথা	

জেলা বগুড়া মেং জার্জ আডনী ইউন শাহেব রেজীষ্টর শমীপে আলম আকন্দ শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় এবং দস্তখত কারকের মোক্তার রাজীবলোচন দাসের এজহারে এই পাট্টায় নন্দ গোপাল মজুমদারের শাক্ষির দস্তখত প্রমান হৈয়া রেজীষ্টরি হৈল ইতি ১৮৪৮ই ২৯ এপ্রেল মোং শন ১২৫৫ শাল তারিখ ১৮ বৈশাখ।

[ইংরেজি স্বাক্ষর]

ইষ্টাম্প মূল্য
।।৹

Dhaka University Institutional Repository

৫৩ক

(মূল দলিলের প্রতিলিপি)

Book I pages 33 a 34

Registered this 29th April 1784 at 3 PM

[illegible] Judge

[illegible]

Dhaka University Institutional Repository

৫৩ ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৺শ্রীশ্রীরাম

|চার সারি ইংরেজি লেখা|

কাজির নেশানী   কাজির নেশানী
(টিপসহি)   (টিপসহি)
শ্রীমাধবনাথ শ্রীসুদেবী শ্রীহেমলতা
রায় দাস্যা দাস্যা
সাকিনান হাটা পরগনে কাটারমহ্ল

নং ১৪

শাধু শ্রীখোত্তাজ প্রামানীক তথা শ্রীকেমদী প্রামানীক তথা শ্রীতাজু প্রামানীক শচ্চরিত্রেষু মিরাস জোত পট্টক পত্রমীদং শন ১২৫৪ শালাব্দে লিখনং কার্য্যঞ্চাগে আমাদ্বিগের তালুক পরগনে দাথীয়া জাহাঙ্গীরপুরের অন্তর্গত কিসামত মথুরাপুরের মধ্যে কিশামত গাঁড়াখোলার চড়ায় মওাজী ৭ বিঘা ও বারিয়াবাড়ীর চড়ায় মওাজী ১৩/বিঘা একুনে মওাজী ২০/ বিস বিঘা জমী ফি বিঘা।৶৪ শাত আনা চারিগন্ডা নিরিখে মুশককস মোক্তা মবলগে ৯ নও টাকা কোম্পানী মকররি জমা ধার্য্য করিয়া দিয়া আমরা৺গয়া তির্থের দাইথার এবং ঐ মহালের খাজানা বাকীর কারণ মহাল লাটে থাকা প্রযুক্ত উক্ত মকররি জোতের পনবাহা মবলগে ৭৫ পোছাত্তর টাকা কোম্পানী নগদ দস্তবদস্ত তোমারদিগের পাস বুঝিয়া পাইয়া মওাজী মজকুরা মকররি মোক্তা মবলগে ৯ নও টাকা জমাতে তোমাদ্বিগেক মিরাস জোত পওন করিলাম তোমরাহ শেৎসা পুর্ব্বক কবুল করিয়া কবুলিয়ত লিখিয়া দাখিল করিয়া মওাজী মজকুরাতে দখিলকার হৈয়া উক্ত মকররি জমা সুরূত সনবসন কিস্তীবকিস্তী আমাদ্বিগের সরকারে মালগুজারি আদায় পুর্ব্বক পুত্রপৌত্রাদীক্রমে ভোগ করিবা মওাজী মজকুরার হাজাসুকা পতিত পলাতকা জিম্মা তোমাদ্বিগের এবং প্রজাবসত ও হার নিরিখের কমবেস ও জলাসয় ইত্যাদির স্বত্ত্বাধিকারি তোমরা এবং মওাজী মজকুরার বাবত আদালত ফৌজদারি কোন বিসয় উপস্থীত হয় জিম্মা তোমদ্বিগের আমাদ্বিগের শহীত কোন এলাকা নাহী কালে কস্মীন আমরাও ও আমা দ্বিগের ওারিশান উক্ত মকররি জমার পরবেশী তলব করিতে পারিবনা ও পরিবেকনা এবং জোত মজকুরা ছাড়াইতে পারিবনা এবং পারিবেকনা ও তোমরা

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

ও তোমা দিগের তাবিনায় উক্ত মসজিদ জমা করিয়া আপনে কিম্বা :।—
দাবিদারা এবং দাবে কোন এবং কোন মামলা হুজ্জতে দাবিদার ও মনিজোন
বাদি কখন আমরা ও আমা দিগের তাবিনায় এবং তোমরা ও তোমা —
দিগের তাবিনায় এই সবতের অথবা কর উজরে এবং করিব উজরে
তাহা নামঞ্জুর — এজন্য মিরাস কেত সহকে পত্র দিলাম ইতি সন —
সদর তারিখ —— ১০ পৌষ ।। ——

ইসাদ :—

শ্রী কোকন আখন্দ — শ্রী শরীফ আমিনিকর — শ্রী বিহারেশ্বর সরকার —
সাং শিমুলখর ।— সাং ঐ ।—— সাং শিবরাম কৌর ।—

শ্রী বিরাম আমিনিকর — শ্রী আলম আখন্দ —
সাং ঐ ।—— সাং ঐ ।——

লেখা হওয়া পি: ক্রমে আর্টুরা ইউনি সাহেব রেজিস্টার সমীপে —
আলম আখন্দ সাকিন সাং শিমুলখর লাখিতান এবং দস্তখত ।—
আমীরা সাহেব মেওলা বক্স যোঘ দাতার হাজির করে এই দাতাগণ
সাবিদ সাং তাহার পাঞ্জা দস্তখত এবং শুনাইবা দাখার ও ফিরত ।—
দাখলা কাগজ দেখিয়া কেম রোমান হৈনর বিদ্যার্থী হৈল ইতি ।—
সাল ৪৮ হৈতে ২৭ এপ্রিল সৌ সালার ৫৫ সাল পৌষ ১৮ ইসাদ —

ইসাদ সহ ——
১৲

Dhaka University Institutional Repository

৫৩ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

ও তোমাদ্বিগের ওারিশান উক্ত মকররি জমা কমীর আপত্য করিতে
পরিবানা এবং পারিবেকনা এবং জোত মজকুরা ছাড়িতে পারিবানা ও পারিবেকনা
জদি কখন আমরা ও আমাদ্বিগের ওারিশান এবং তোমরাও তোমা
দ্বিগের ওারিশান এই সরতের অন্যথা করি ও করে এবং করহ ও করে
তাহা নামঞ্জুর এতদর্থে মিরাস জোত পত্তক পত্র দিলাম ইতি সন
সদর তারিখ ১০ পৌস

ইশাদ

শ্রীকোকন আকন্দ	শ্রীমানীক প্রামানীক	শ্রীরহমত উল্যা সরকার
শাকীন সুজাপুর	শাকীন তথা	শাং কুমরৌল
শ্রীরহীম প্রামানীক	শ্রীআলম আকন্দ	
শাং তথা	শাং তথা	

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইউন সাহেব রেজীষ্টার শমীপে
আলম আকন্দ শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় এবং দস্তখত
করনীয়া গণের মোক্তার রাজীব লোচন দাসের এজাহেরে এই পাট্টার
মাধবনাথ রাএর শাক্ষর দস্তখত এবং সুদেবি দাস্যা ও হেমলতা
দাস্যার কালীর নেশানী করা প্রমান হৈয়া রেজীষ্টরি হৈল ইতি
শন ১৮৪৮ ইং ১৯ এপ্রেল মোং ১২৫৫ শাল তারিখ ১৮ বৈশাখ

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প মূল্য

১৲

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

শ্রীদুর্গা

[তিন সারি ইংরেজি লেখা]

শ্রীঈশ্বর চন্দ্র চক্রবর্ত্তী
শাকীন সাতীগাতী
পরগনে বড়বাযু

সকল মঙ্গলালয় শ্রীবিমলা দেব্যা জওজে গুরু প্রশাদ চক্রবর্ত্তী লিখিতং শ্রীঈশ্বর চন্দ্র চক্রবর্ত্তী ওলদে বিশ্বনাথ চক্রবর্তী এবনে শীবানন্দ চক্রবর্তী ভুমী বিক্রয় কবালা পত্রমীদং শন ১২৫৫ শন শালান্দে লিখনং কার্য্যঞ্চাগে পরগনে আমরুলের অন্তপাতী ডিহী ব্রজপুর ও ডিহী ভাগ সুন্দরের মোতালক মৌজে কাসুন্দা ও মৌজে গোবিন্দবাটী ও মৌজে জয়নাথবাটী জাহা তোমার পতির নিলাম খরিদা পত্তনী তালুক আমার নিকট খোস কবালাতে বিক্রয় করিয়াছীলা আমী উক্ত মৌজাহায় বাস নছরত কর গ্রহণ আবাদ পত্তন ও রাজস্য দেওয়া অশক্ত হৈয়া উক্ত মহাল বিক্রয় করার উদ্দত হওাতে তুমী তাহা জ্ঞাত হৈয়া মহাল মজকুর আপন স্ত্রী ধনের দ্বারা অস্যোচিত পোনবাহা ২০০০ দুই হাজার টাকা দিয়া.... করিলা আমীহ ইছাপুর্ব্বক সকিয় ভাববুদ্ধে বহাল তবিয়তে বিনা জোর জবরে রাজী বগরতে শজনপদে সবাট বিটবে সব্রক্ষ কান্বনে সছন্দহন্দে জলকর ও ফলকর ও নলকর ও বনকর ও বিল ও ঝিল ও খাল ও খন্দক ও তালাব ও পুস্কন্বি তামাম ও কামাল দরোবস্ত আমী বাহুস বহাল তবিয়তে আমী স্বইছাতে অস্যোচিত পোনবাহা মবলগে কোম্পানী ২০০০ (দুই) হাজার টাকা নগদ দস্তবদস্ত পুরা ওজনে একুজোগে এক কালীন তোমার স্থানে বুঝী[য়া] লইয়া আপন কাবেজ তছরূপে আনীয়া বিক্রয় করিয়া আপন দস্তখতের শাত এহী কবালা লিখীয়া দিলাম তুমী দখিলকার হৈয়া শদরজমা মবলগে কম্পানী ৪৭২৸১৫ চারিসও বার.... টাকা পোনে তের আনা মালীকে জমীনের নিকট মালগুজারি অদায় পুর্ব্বক পুত্র পৌত্রাদি ক্রমে ভোগ তছরপ করিতে থাকীয়া ইহার দান বিক্রয় শত্তাধিকারি তুমী ও তোমার ওরিশানেরা আমীও আমার ওয়ারিশান কেহ কোন দাবি ও দরপেস করি ও করে তা হা নামঞ্জুর এতদর্থে ভুমীবিক্রয় কবালা লিখীয়া দিলাম ইতি তারিখ ৮ শ্রাবণ

ইশাদ

শ্রীলতিপ প্রাং	শ্রীভস্তর মন্ডল	শ্রীইমাম নস্য
শাকীন কাসুন্দা	শাকীন রোহানী	শাকীন চন্ডীজান

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইউন সাহেব রেজীষ্টর শমীক্ষে

নিচের লিখীত ভস্তর মন্ডল শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় এবং দস্তখত

করনীয়ার মোক্তার রাজীব লোচন দাশের এজহারে এই কবালায় ঈশ্বর চন্দ্র

চক্রবর্ত্তীর শাক্ষর দস্তখত প্রমান হৈবায় রেজীষ্টরি হৈল ইতি ১৮৪৮ ইং তা

৪ শেতাম্বর মোং শন ১২৫৫ শাল তারিখ ২১ ভাদ্র

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প

১২

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

শ্রীশ্রীদুর্গা

[illegible] 35

Registered the 25th May 1848 at 5 [illegible]

[illegible] Judge

[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)
৺শ্রীশ্রীদুর্গা

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীদুর্গা প্রসাদ শর্ম্ম ভাদুড়ি
শাকীন উদিসা পরগনে চৌগাও

সকল মঙ্গলালয়া শ্রীলতীফন বিবি চৌধুরানী জমিদার পরগনে শেলবর্স হিস্যা আটআনা লিখিতং শ্রীদুর্গা প্রসাদ ভাদুড়ি ওলদে গৌরিদেব ভাদুড়ি এবনে হরদেব ভাদুড়ি মোতফিয়ান ব্রহ্মত্তর ভূমী বিক্রয় কবালা পত্রমিদং শন ১২৫৫ শালাব্দে লিখনং কার্য্যনঞ্চাগে শাহেবান জমীদারি উক্ত হিস্যার অধিন আখিরাইল পরিশেষ গ্রামে আমাদ্বিগের পৌত্রক ব্রহ্মত্তর ধানী ও বাস্তু ৪৩ ।৵তেতাল্লিস ওান নয়পোন জমীন জাহা কালীশঙ্কর ও হরিশঙ্কর ভাদুড়ির নামে জমীদারি কাগজে ব্রহ্মাত্তর লিখে তাহার নিস্পী সরিক বাদে বাকী নিস্পী ধানী ও বাস্তু ২১ ৸ ১০ একইস ওান সাড়ে বারো পোন জমীনে ওারিসী সুরূত আমী দখিলকার ও ভোগবান আছী এহীক্ষণ মহাজনান দায়ক্রমে এবং মপস্বল আবাদ পত্তুনের সরবরাহ করিতে না পারিয়া আমার নিজহক ঐ ৪৩ ।৵পোনের নিস্পী মোত্তাজী ২১ ৸ ১০ পোন জমীন ধানী ও বাস্তু মুছল্যম চতুশীমা বচ্ছিন্ব বিনা জোর জবরে স্বকীয় ভাববুদ্ধে বহাল তবিয়তে আপনকার নিকট বিক্রী করিয়া তাহার পোনবাহা মবলগে ৩৮ আটত্রিস টাকা কোম্পানী আপনকার আমলা শ্রীমহীন্দ্র নারায়ণ সরকারের মারফত নগদ বুঝিয়া পাইয়া আপন কাবেজ তছরূপে আনীলাম আপনে উক্ত ২১ ৸ ১০ একইস ওান সাড়ে বারো পোন জমীনে কিতাবকিতায় মায় হাশীল ও পতীতে দখিলকার হৈয়া আপনকার সেরস্থায় আপনকার নামে খরিদা ব্রহ্মত্তর লিখাইয়া ওারিশান ক্রমে ভোগ ও তছরূপ করিতে থাকেন দান বিক্রয়ের শত্যাধিকারি আপনে ও আপনকার ওারিসানের আমী কি আমার ওারিশানের কোন এলাকা নাহী কালে কস্মীন আমী কি আমার ওারিশানে কোন দাবি দরপেস করি ও করে নামঞ্জুর ছালীয়ন হাল মসুহক কেহ পএদা হয় জেম্মা আমার এতদর্থে ব্রহ্মত্তর ভূমী বিক্রয় কবালাপত্র লিখিয়া দিলাম ইতি শন সদর তারিখ ৪ জৈষ্টী

ইশাদ

শ্রীমেরূ দপথরি শাকিন	শ্রীবহদ্দী পাইক শাকীন	শ্রীআলম পাইক শাকীন
শুতরাপুর পরগনে সেলবর্স	ফুলবাড়ি পরগনে তথা	ফুলবাড়ি পরগনে তথা
শ্রীমোনা পাইক	শ্রীপাচকৈড়ি পাইক শাকীন	শ্রীরছুলদ্দী নস্য শাং
শাকীন তথা	নিসীন্দরা পরগনে তথা	শাখপালা পরগনে সেলবর্স

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইওন সাহেব রেজীষ্টর শমীপে তপশীলের লিখীত রছুলদী নস্য শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় এবং দস্তখতকারকগনের মোক্তার ভৈরব চন্দ্র চৌধুরীর এজহারে এই কবালায় দুর্গাপ্রসাদ ভাদুড়ির শাক্ষির দস্তখত প্রমান হৈয়া রেজীষ্টরি হৈল ইতি শন ১৮৪৮ ইং তারিখ ২৫ মেই মোং শন ১২৫৫ তারিখ ১৩ জৈষ্ঠী

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প মুল্য ।।৹

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

Book 1 Page 86
Registered the 14th June
1948 at 5 pm

Judge

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৺শ্রীশ্রীকৃষ্ণঃ

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীনন্দ কুমার ভাদুড়ি
শাকীন হালসা
পরগনে ভাতোড়িয়া

শ্রীবিশ্বনাথ ভাদুড়ি
শাকীন হালসা
পরগনে ভাতোড়িয়া

নং ১৬

সকল মঙ্গলালয় শ্রীসিবানন্দ চৌধুরী ওলদে রামানন্দ চৌধুরী এবিনে আত্মারাম চৌধুরী লিখিত শ্রীনন্দকুমার ভাদুড়ি এবিনে রুদ্ররাম ভাদুড়ি এবিনে রাজারাম ভাদুড়ি ও শ্রীবিশ্বনাথ ভাদুড়ি ওলদে কাশীনাথ ভাদুড়ি এবিনে রুদ্ররাম ভাদুড়ি মোতফা শচ্চরিত্রেষু ভুমী বিক্রি কবলা পত্রমীদং শন ১২৫৫ বারসও পোচপন্ব শালাব্দে লিখনং কার্য্যঞ্চাগে আমার দিগের খরিদা তালুক পরগনে খাট্টার অন্তঃপাতী কিশমত কোচকুড়ি তাহার শদরজমা শালীয়ানা ৩৫৸৴১১ পাই কোম্পানী আমী নন্দ কুমার ভাদুড়ির নামে জেলা রাজশাহীর কালেক্টরিতে ৯৭১ নম্বরে তালুক লিখাজায় তাহাতে আমরা দখিলকার থাকীয়া শদর মালগুজারি আদায় পূর্ব্বক ভোগবান আছী এহীক্ষণ মহল মজকুরের প্রজা ফেরার হৈয়া আবাদ পত্তন ও মাল গুজারির সরবরাহ করিতে নাপারিয়া এবং মহাজনান দাএ ক্রমে সেৎছা পুর্ব্বক শ্বকীয় ভাববুদ্ধে বিনা জোর জবরে সেওায় কদিমি দেবোত্তর ও ব্রহ্মত্তর ও লাখেরাজ ও পীরপাল বাকী দরোবস্ত কিসমত মজকুরের নিস্পী রকম সদর জমা ১৭৸৴৫।। সতর টাকা পোন্দর আনা সাড়ে পাচপাই কোম্পানী সজলস্থলে সজনপদে সব্রক্ষ কাননে সরাট বিটবে হাশীল ও পতীত ফলকর ও জলকর ও তালাব ও বাগাত ও খাল খন্দক ঝিল ও বিল মুচ্ছল্যম আরাজীয়াত চতুঃশীমা বচ্ছিন্ব তামাম-কামাল আপনকার নিকট আমরা বিক্রি করিয়া তাহার পোনবাহা মবলগে ২০০ দুই শও টাকা কোম্পানী পুরোজন রায়জনওক্ত আপনকার স্থানে নগদ দস্তবদস্ত বুঝিয়া পাইয়া আপন কাবেজ তোসরফে অনীঞা এহী কবালা লিখিয়া দিলাম আপনে মহাল মজকুরার রকম মজকুরে দখিলকার হৈয়া উক্ত জেলার কালেকট্টরিতে সাবেক নাম শামীল আপন নাম জারি করিয়া মালগুজারি আদায় পুর্ব্বক পুত্রপৌত্রাদিক্রমে ভোগ তছরূপ করিতে থাকিবেন দান বিক্রির সত্যাধিকারি আপনে এবং আপনকার ওারিশান মহাল মজকুরা আমারদিকের শহীত কোন এলাকা নাহি কালে কস্মীন এ বিসয় আমরা কিম্বা আমারদিগের ওারিশান কেহ কোন দাওা দরপেস করি ও করে তাহা নামঞ্জুর নসুহক কেহ পএদা হয় জিম্বা আমারদিগের এতদর্থে ভুমীবিক্রয় কবলা পত্র লিখিয়া দিলাম ইতি তারিখ ১ আশাড়

ইশাদ

শ্রীকরু পাইক
শাকীন হামীন্দপুর ১
শ্রীঅস্থীরা সরদার
শাকীন তথা ১
শ্রীরামধন জুগী
শাকীন ধিয়ার ১
শ্রীজয়নাথ সরকার
শাকীন ডোমরি গ্রাম ১

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইউন সাহেব রেজীষ্টর শমীপে শ্যয়ং নন্দকুমার ও বিস্বনাথ ভাদুড়িদ্বয় হুযুরে রাম লোচন মযুমদার মোক্তারের পরিচতায় হাজীর হৈয়া এই কবালায় আপন ২ দস্তখতের শত্যতা জানাইল এবং রামধন জোগী শাক্ষী শপথ পুর্ব্বক ঐ দস্তখতের সত্যতার প্রতি শাক্ষ দিল মোতে রেজীষ্টরি হৈল ইতি শন ১৮৪৮ ইং ১৪ জুন মোং শন ১২৫৫ শাল বাঙ্গলা তারিখ ২ আশাড়

[স্বাক্ষর অস্পষ্ট]

ইষ্টাম্প
২.

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

শ্রীহরি—

[illegible]

[illegible]

২৭ [illegible]

[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৭শ্রীশ্রীহরি

[চার সারি ইংরেজি লেখা]

মহামহীম শ্রীযুত বাবু শ্রীকান্ত রায় জমীদার মহাশয় বরাবরেষু।
নং ২৭

লিখিতং শ্রী মেস্তর উলীএমছ পেটর সাহেব মোকাম কুঠী নিজ বগুড়া মোতালকে জেলা বগুড়া
কস্য মালজামীনতি পত্রমীদং কার্য্যনঞ্চাগে মহাশএর পৌত্রিক জমীদারি জেলা মুরশীদাবাদের
কালেক্টরিভুক্ত তরফ কালুয়ার তাহুতের শামীলি মহাল জেলা বগুড়ার অন্তরগত পরুানে
বার্ব্বকপুর মধ্যে মৌজে বনখুড় ১ মৌজা জাহাতে মহাশএর হিস্যা রকম ।। আট আনা ঐ....
রকম মজকুরা আমার নিজ জায়দাদের মাল জামীনির মাতবরিতে মোকাম উক্ত কুঠী নিজ বগু[ড়া]
শ্রী মেস্তর জার্জ রুবেল শাহেবকে মপস্বলী তালুক বন্দবস্ত করিয়া দিলেম পত্তনীদার সাহেব মৌ....
আত্ম শেৎস্যা পুর্ব্বক জে কবুলীয়ত দাখিল করিলেক তাহার সরত শকল আমলে আনীয়া কা....
করিবেক আমীহ আত্ম শেৎস্যা পুর্ব্বক উক্ত পত্তনী বন্দবস্তের মালজামীনি হৈয়া এই স্বরতে
জামীনিনামা লিখিয়া দিতেছী জে পওনীদার মজকুর আপন কবুলতীর সরায়তের বরখেলা পে
আর্থ্যাৎ নিরপীত মালগুজারি ইং শন ১২৫৫ বারোসও পঞ্চান্ন শাল লাগাইদ শন ১২৬৭ শাত
শট্টী শাল মুদ্দত তেরসন বসদি বন্দবস্তী সুরূত ও শন ১২৬৮ শাল হৈতে পুরাজমা মবলগে
২২৫ দুইসও পচীস টাকা কোম্পানী শনসনাত কবুলতীর কিস্তীবন্দী অনুজায় পুত্রপৌত্রাদি
ক্রেমে দাখিলের ব্যাঘাত করে কিম্বা কবুলতীর সরতানুজায় জে কোন রকম খেতী ও খেসা[র]ত
মহাশএর দৃষ্ট হয় শর্ব্বতোভাবে মালগুজারির বাকী টাকা ও খেতী খেসারতের দাইক
আমীও আমার ওয়ারিশান ও উত্তরাধিকারীগণ হৈবো ও হৈবেক রিতীমোত আমারও
আমার ওয়ারিশানের জাত জায়দাদ হৈতে আদায় করিয়া লইবেন তাহতে আমার
ও আমার ওয়ারিশানআদির কোন বাবতে উজর আপত্য করনের ক্ষেমতা থাকীবেনা।
এতদর্থে আপন খুশীতে মালজামীনী পত্র লিখীয়া দিলাম ইতি শন ১২৫৫ শাল তারিখ
২৭ শ্রাবন ঃ

শ্রীপবণ সরকার	শ্রীদলু মণ্ডল	শ্রীবদি সরকার	শ্রীরফীক খলীফা
শাং আএড়া	শাং বামুনীয়া	শাং আএড়া	শাং আএড়া
			শ্রীদুর্গা চরন চাকী
			শাকীন কোঙরপুর।

জেলা বগুড়া মেং জার্জ আডনী ইউন সাহেব রেজীষ্টর
মেং উলীএমছ পেটর হুযুরে হাজীর হৈয়া এই জামীনীনামা শেতস্যা পুর্ব্বক
শ্বয়ং দস্তখত করা স্বীকার করনে এবং তপশীলের লিখীত দুর্গা চরণ শাক্ষী....
করিয়া ঐ দস্তখতের শত্যতা জানাইবায় রেজীষ্টরি হৈল ইতি শন ১৮৪৮ ইং তে
১০ আগষ্ট মোং শন ১২৫৫ শাল তারিখ ২৭ শ্রাবন

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প

৪

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

69

Book 1 page 69
Registered this 21st September
1848 at 5 ...
[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৭শ্রীশ্রীরামঃ

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীশ্রীধর শর্ম্ম পণ্ডীত
শাং শীবপুর

সকল মঙ্গললায় শ্রীব্রজকিশোর শাহা ওলদে কৃষ্ণ চন্দ্র শাহা ইবনে শ্রীকৃষ্ণ শাহা খরিদিগী কওলা দাদে শ্রীশ্রীধর শর্ম্ম পন্ডীত উলদে লক্ষন পন্ডীত ইবনে হরেকৃষ্ণ পন্ডীত শাকীন শীবপুর পরগনে জাহাঙ্গীরপুর ব্রম্মত্তর জমী জড় খরিদ কত্তলা পত্রমীদং শন ১২৫৫ বারসও পাচপান্ন শাল লিখনং কার্য্যঞ্চাগে জেলা রাজশাহীর মতালকে পরগনে বার্ব্বকপুরের অন্তঃপাতী মৌজে বাই-গ্রাম গ্রামের মধ্যে মওাজী ২০/ বিসবিঘা ও মৌজে আখিট্টা গ্রামের মধ্যে মওাজী ৮৸২ আট বিঘা শোতর কাঠা একুনে ২৮৸ ২ আঠাইস বিঘা শোতর কাঠা জমী আমার পৌত্রীক ব্রম্যত্তর ভোক্তভূগী আছে চিঠাপৈঠা ও গবরমনী কাগজ পত্রেও লিখে আমীহ্ ক্রেমে ভোগ দখল করিয়া আশীতেছী এইক্ষণে আমার মহাজনান দায় প্রযুক্ত উপরের লিখীত দুই গ্রামের উক্ত ব্রম্যত্তর মওাজী ২৮৸২ আঠাইস বিঘা শোতর কাঠা জমী মজকুরা আপন সইৎস্যাতে শঙ্গানে স্থীর বুদ্ধে সবিজে সবিক্ষে সপ্রেজে সসস্যে তোমার নিকট মবলগে কুম্পানী ২০০ দুইশও টাকা পোনবাহা ধাজ্য করিয়া অদ্যকার তারিখ হৈতে আপন সত্ত্যা ত্যাগ করিয়া পোনবাহার মবলগ মজকুর নগদ দস্তবদস্ত কওলার মজলীসে বুঝিয়া লইয়া জড় খরিদ বিক্রী করিলাম তুমীই অদ্যকার তারিখ হৈতে জমী মজকুরা আপন কাবেজে আনীয়া দখিলকার হৈয়া পুত্র পৌত্রাদি ক্রেমে ভোগ দখল করিতে থাকিবা জমী মজকুরা দান বিক্রীআদি সত্ত্যাধিকারি তোমার উক্ত ব্রম্যত্তর জমীর শহীত আমার কোন এলাকা থাকীলনা কালে কস্বীন আমী কিম্বা আমার ওরিশান কেহ দাবিদরপেস করে ও করি তাহা ঝুটা ও বাতিল এতদর্থে ব্রর্ম্যত্তর জমী জড় খরিদ বিক্রির কওলাপত্র লিখীয়া দিলাম ইতি তারিখ ২৮ আঠাইসা ভাদ্র

ইংসাদ

শ্রীঈশ্বর চন্দ্র শর্ম্মনঃ পন্ডীত শাকীন ধর্ম্মপুর পরগনে সন্তোস শ্রীরামকৃষ্ণ শাহা শাং কাদিবাড়ি পং সন্তোস	শ্রীনন্দরাম ঘোস শাং কাদিবাড়ি পং সন্তোস শ্রীঅজজুন সরদার শাং শীমীলা পং ফতেজগপুর	শ্রীআরিব সরদার শাং শীমলী পংফতেজঙ্গপুর শ্রীনগর মন্ডল শাং শীমলী পরগনে তথা	শ্রীশীদুপাইক সাং জোমীন শ্রীমমীনা নস্য শাং কাদিবাড়ি পং সন্তোস

নবিশীন্দা

শ্রীরাধানাথ সরকার শাং দেওলী পং ফতেজঙ্গপুর	শ্রীফেলান জোগী শাং কাদিবাড়ি পং সন্তোস	শ্রীমলুক চন্দ্র শাহা শাং কাদিবাড়ি পং তথা	শ্রীহরি প্রশাদ জোগ শাং কাদিবাড়ি পং সন্তোস

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইউন সাহেব রেজষ্টর শমীক্ষে
তপশীলের লিখীত অর্জুন সরকার ও মমীনা নস্য শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় এবং
দস্তখত কারকের মোক্তার রাম কমল চৌধুরির বক্তীতায় অত্র কবালায় শ্রীধর পন্ডীত স্বহস্তে
দস্তখত করা প্রমান হৈবায় রেজীষ্টরি হৈল ইতি শন ১৮৪৮ইং ২১ শেতাম্বর মোং
শন ১২৫৫ বাঙ্গলা তারি ৭ আস্বীন

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প

২

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)


70

Book 1 pages 70 & 71
Registered this 22d Sept
1848 at 3 P.M.

Dhaka University Institutional Repository

৫৯ ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৭শ্রীশ্রীকৃষ্ণজী

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীকৃষ্ণ চন্দ্র গোস্বামী
শাকীন শান্তিপুর পাড়া রামনগর
পরগনে শান্তিপুর জেলা নদিয়া হাল মোকাম
ময়দানহাটা পরগনে কুঞ্জ ঘোড়াঘাট
জেলা দিনাজপুর।

সকল মঙ্গলালয় শ্রীসুন্দরি দাস্যা জওজে শ্রীগোবিন্দ চন্দ্র চাকী শাকীন শীঙ্গার গাড়ি পরগনে পোনাদসী হিস্যে ।।৵নওানা জেলা দিনাজপুর ও বগুড়া লিখিতং শ্রীকৃষ্ণ চন্দ্র গোস্যামী ওলদে রত্নন্মনী গোস্যামী এবনে গৌরচন্দ্র গোস্যামী শাকীন শান্তীপুর পাড়া রামনগর পরগনে শান্তীপুর মোতালকে জেলা নদিয়া হাল মোকাম ময়দানহাটা পরগনে কুঞ্জ ঘোড়াঘাট মোতালকে জেলা দিনাজপুর ব্রহ্মউত্তর জমী বিক্রী খোস কবালা পত্রমিদং শন ১২৫৫ বারোসও পচপন্ন শাল লিখনং কার্য্যঞ্চাগে জেলা দিনাজপুর ও বগুড়ার মোতালকে পরগনে পোনাদশী হিস্যে।৵নওানার অন্তপাতী মৌজা কালীকা তলা গ্রামে মওাজী ২৫।৷০সাড়ে পচীস বিঘা ও মৌজে জমী ধামাহার গ্রামে মওাজী ৬।৷০ সাড়ে ছয় বিঘা ও মৌজে মরিচাই গ্রামে ৭ শাত বিঘা একুনে মওাজী ৩৯৴ উন চল্লীস বিঘা জমী ব্রহ্মউত্তর আমার পীতামোহ গৌরচন্দ্র গোস্বামীর জেষ্ট ভ্রাতা রাধাকৃষ্ণ গোস্বামীর নামে গবরমনী মুজরাই আছে রাধাকৃষ্ণ গোস্বামী গৌরচন্দ্র গোস্বামী বল্যরিকান্ত গোস্বামী ইহারা শহদর তিন ভ্রাতা একান্নে থাকিয়া এজমালীতে উক্ত ব্রর্ম্মউত্তর জমীর শর্ত্তভোগী ছিলেন রাধাকৃষ্ণ গোস্বামী লোকান্তর হওাতে তস্যপুত্র নিলাম্বর গোস্বামী ও তস্য কনীষ্ট ভ্রাতা গৌরচন্দ্র গোস্বামী ও বল্যরিকান্ত গোস্বামী ইহারা প্রথক হৈয়া সমান তিন স্ময়ংসে উক্ত ব্রহ্মউত্তর ঐ ৩৯৴উন্বচল্লীস বিঘা জমীর য়ংস ৵৬৭ পাচআনা পোনে শাত গন্ডা রকমে মোওাজী ১৩৴৹তেরো বিঘা জমীন এক হিস্যা আমার পীতামোহ গোরচন্দ্র গোস্বামী প্রাপ্ত হৈয়া ক্রোমে পীতা পীতামোহ হৈতে নিরাপদে উক্ত জমীতে ভোগ বনে দখিলকার আছী এইক্ষনে পৈত্রিক রিন পরিশোদার্থে আমার দখলী মত্তাজী ১৩৴ তেরোবিঘা জমীর পোন.... মবলগে ৯০ নব্বই টাকা কোম্পানী শীককা আপনকার শহীত সুস্থীর করিয়া মত্তাজী মজকুরার চতুস্বীমা বৎছির্ন্যি শজলস্থল শশস্য সবিজ ব্রক্ষাদি সমেত আপনকার নিকট বিক্রয় করিয়া পোনবাহা মবলগে ৯০ নব্বই টাকা কোম্পানী নগদ রোক দস্তবদস্ত হাজীরান মজলিসে আপনকার পাস বুঝিয়া পাইয়া আপন কাবেজে আনীয়া স্থীর বুদ্ধে সকিয় স্বভাবে উক্ত জমী মজকুরা বিক্রয় এই খোস কবলা পত্র লিখীয়া দিলাম অদ্য হইতে মত্তাজী মজকুরায় আমার ও আমার ওারিশান

[স্বাক্ষর অস্পষ্ট]

Dhaka University Institutional Repository

৫৯খ

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible] সর্ত বহাল রৈয়া আপনকার এবং আপনকার উত্তরাধিকারি [illegible] —
[illegible] আপন মর্জি মত [illegible] দখিলকার রৈয়া [illegible] —
[illegible] —
[illegible] —
[illegible]
ইতি তারিখ ——— ২৪ তাং : ।। ————

ইসাদ । ————

শ্রী [illegible] খাঁ শ্রী [illegible] নাথ শ্রী [illegible] নাথ শ্রী [illegible]
সাকিন [illegible] সাকিন [illegible] — সাকিন [illegible] সাং [illegible] । —

[illegible] । —
[illegible] —
[illegible] । —
[illegible] —
ইং ১৮৪৮ । ২২ সেপ্তেম্বর ১২৫৫ । ৮ আশ্বিন । ——

[illegible]

Dhaka University Institutional Repository

৫৯ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

মসুহকের শত্ত রহীত হৈয়া আপনকার এবং আপনকার উত্রাদিকারির সত্ত
বর্জ্জিল অতএব আপনে মওাজী মজকুরে দখিলকার হৈয়া পুত্র পৌত্রাদিক্রমে
শত্তভূগী হৈবেন আমী ও আমার ওারিশানগণ কেহ ঐজমীনের প্রতী কোন
আপত্য ও দাওা দরপেস করি ও করে তাহা নামঞ্জুর এতোদর্থে বাহোস বহাল
তবিয়তে উক্ত ব্রম্মউত্তর জমী বিক্রয় খোস কবালা পত্রলিখীয়া দিলাম
ইতি তারিখ ২৪ ভাদ্র

শ্রীখেতাব খাঁ	শ্রীমির বকঃস নস্য	শ্রীগএসা নস্য	শ্রীফকির চন্দ্র সরকার
শাকীন কৃষ্ণপুর	শাকিন বানীয়াইল	শাকিন ধামাহার	শাং বানীয়াল

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইউন সাহেব রেজীষ্টর শমীক্ষে
তপশীলের লিখীত ফকির চন্দ্র সরকার শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায়
এবং দস্তখত কারকের মোক্তার হারাধন সরকারের বক্তৃতায় অত্র
কবালায় কৃষ্ণ চন্দ্র গোস্বামীর শাক্ষর দস্তখত প্রমান হৈবায় রেজীষ্টরি
হৈল ইতি ১৮৪৮/২২ শেতাম্বার ১২৫৫/৮ আশ্বীন

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প মূল্য

১৲

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)



Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

শ্রীশ্রীবনয়ারিজি

শহায়

[চার সারি ইংরেজি লেখা]

মওজী একদেহার কাত জমা শালীয়ানা
মবলগে চারিশও আঠারো টাকা
কোম্পানী মালগুজারি করিয়া দাখিল
হইতে থাকিবা ইতি
[ইংরেজি স্বাক্ষর]

শ্রীবনয়ারি রাম চট্টপাধ্যায়

ইয়াদিকির্দ্দ শ্রীমখমল সরকার শ্রীভেখারি সরকার শচ্চরিত্রেষু
লিখনং কার্য্যনঞ্চাগে আমার পত্তনী তালুক লাট ইনাতপুর পরগনে পোলাদশী হিস্যা মামুলে ময়মনত বুনীয়াদ চাকলে দানীসনগর মতালকে চাকলে নিত্যানন্দ আবাদ সরকার বনয়ারিজি শামীলে জেলা রংপুর ও জেলা দিনাজপুর ও জেলা বগুড়া আমার পত্তনী লাট মজকুর মধ্যে মাফিক তফশীল জএল মৌজে হেয়াতপুর ১ এক দেহাতে এক লাট করিয়া তোমার দিগের দরখাস্ত মতে শেওায় সরঞ্জমী শালীয়ানা মবলগে ৪১৮ চারিশও আঠারো টাকা কোম্পানী জমাতে মবলগে ৪১৮ চারিশত আঠার টাকা কোম্পানী পনে তোমারদিগের দরপত্তনী তালুক পত্তন করিয়া পনবাহার মবলগ মজকুর বেবাক পাইলাম দরপত্তনী তালুক লাট মজকুর মধ্যে মালীকে জমীনের খরিদা লাখিরাজ ও বাগাত ও তালাব ও জমীন ও বৃক্ষাদি জে আছে আর আমার পত্তনী বিলির পুর্ব্ব মালীকে জমীনের সনদে জে শকল বগীচা ও জমীনআদি কাহকে দেওা হৈয়াছে তাহাতে দস্তান্দাজ হৈতে পারিবানা তদশে.... জমীন মাল ও খামার ও চাকরান ও হাশীল ও পতীত শেওায় নামজদ জলকর জাহা মৌজা ভূক্ত জলকর ও ফলকর ও জঙ্গল ও বাগাত ও তালাব ও বিল ও ঝিল ও পয়স্তী হস্বদবহস্বর্দ হকুক জমীদারি দরপত্তনী তালুক মজকুরে জে আছে তাহা দখল করিয়া কবুলীয়ত কিস্তী বন্দী মতাবক বাআদায় মালগুজারি পুত্র পৌত্রাদিক্রমে পরম সুখে ভোগ দখল করিবা খাজানার টাকা আমার বরাবর দাখিল করিয়া দাখিলা লইতে থাকিবা প্রজালোককে রাজী সাকের রাখীয়া আবাদ বসতে মহাল গোলজার করিবা জে জমায় তোমাদিগের নামে দরপত্তনী তালুকদারিতে বহাল করা গেল এজমাতে কখন কমীবেসী হৈবেকনা শকল কার্য্য মতাবক কবুলীয়ত করিবা ইতি দানীশাব্দ ৯৭ শাল মতাবক শন ১২৫৪ শাল তারিখ ১৭ আশ্বীন
তপশীল

আশামী	দেহা	কাতজমা শালীয়ানা মালগুজারি		ইশাদ
শামীলে জেলা রংপুর দরপত্তনী তালুক লাট হেয়াতপুর মৌজে নিজ হেয়াতপুর	১	৪১৮	মওজী এক দেহার কাতজমা মবলগে চারিশও আঠারো টাকা কোম্পানী ইতি	শ্রীমাদারি মণ্ডল শাং বাইগনী শ্রীমলাম পাইক শাং সিকৃষ্ণপুর

মওাজী এক দেহার কাতজমা শেওায় সরঞ্জামী শালীয়ানা কোম্পানী
মবলগে চারিশও আঠারো টাকা মালগুজারি করিবা ইতি

জেলা বগুড়া মেং জার্জ আডলী ইউন সাহেব রেজীষ্টর শমীপে মাদারি শাক্ষীর শপথ পুর্ব্বক শাক্ষতায় এবং রঘুনাথ মযুমদারের বক্তৃতায় বনওারিরাম চট্টপাধ্যায় এই দলীলে দস্তখত করা প্রমান হৈয়া রেজীষ্টরি হৈল ইতি ১৮৪৮/২২ শেতাম্বর মোং ১২৫৫ শাল ৮ আশ্বীন

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প ৪৲

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

No 268 [illegible]
Registered this the Fifth (5th) day of
October 1847 [illegible] Vol 9 Page [illegible]
[illegible]
Registr

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৭শ্রীশ্রীদুর্গা

নং ২৬৮ শন ১৮৪৭ শাল

[চার সারি ইংরেজি লেখা]

মহরের অক্ষর
পাঠ করা জায়না
ফারসী অক্ষর

পরম কল্যানীয় শ্রীযুতা আল্হাদমুনী দাস্যা

নং ১০ কল্যাণবরেষু

লিখিতং শ্রীতারামুনী দাস্যা জৌজে ৺দেওান ষুর্য্যনারায়ণ মজুমদার মোতফা
শাকীন ঝাউবাড়ীয়া মোতালকে জেলা মুরশীদাবাদ হেবানামা পত্রমীদং শন ১২৫৪
শালআব্দে লিখনং কার্য্যনঞ্চাগে আমী পতীপুত্র বিহীনা ও তুমী কন্যামাত্র
বর্ত্তমানা জানীয়া তুমী ভিন্য আমার আর কেহু উত্তরআধিকারি না থাকা
হেতু আমার দখলী স্থাবর অস্থাবর তাবৎ বিশয় শন ১২৫১ সালের ২ আশ্বীনে
তোমাকে রিতীমোত হেবা করাতে তদনুজায় তুমী আমার নাম পরিবর্ত্তে শদর
মফস্বলে আপন নাম জারি করিয়া দখিলকার আছ পরন্ত আমার স্বপত্নি পুত্র
বধু ৺গকুলমুনী দাশীর নামে অশীর্দ্ধ পুস্য পুত্র বদ্দ বাবত তাহার
দখিলকারি জেলা বগুড়া সংক্রান্ত লাট রায়পুর মৌজে তাহীরপুর পুনট্টী
জমীদারি রকম।৹ চারিআনা ও জেলা মুরশীদাবাদ সংক্রান্ত কিসামত রামচন্দ্র
পুরের রকম ৵৹ এক আনা ও মৌজে গোবিন্দপুরের নিজ অংস ও ভদ্রাসন
পোক্তা বাটী ও বাগীচা ইত্যাদি বাবত জেলা মুরশীদাবাদের দেওানী আদালতে
নালীস করিবাতে ঐ মোকদ্দমা দাএর থাকা কালীন ৺ইর্চ্ছায় উক্ত গকুল
মুনী দাস্যা শন ১২৫৩ সালের পোস মাসে তাহার তাবত বস্তুতে আমাকে
উত্তরাধিকারিনী রাখিয়া লোকান্তর হওাতে আমী তাহার তেজ্য সমস্তত
সম্পর্ত্যে দখিলকার আছী এবং ঐ মোকদ্দমা এ পর্যন্ত বিচারাধিন আছে
কিন্তু সংপ্রতি আমী সারিরিক পীড়াতে আছী এবং সরির অনীত্য জদ্যপী
তুমি আমার উত্তরাধিকারিনী বিধায় সকল বিসএর হকদার অধিকান্ত পোস্য
পুত্র গ্রহন জন্য তোমাকে তোমার স্বামীর অনুমতী আছে তথাপী উত্তরকাল
কোন আগুন্তক বিরোধ না হওয়া বিবেচনায় তোমাকে উক্ত মোকদ্দমাতে আমার
নাম পরিবত্তে বাদিনী হউন জন্য এবং আমার কৌলীক ৺স্বারদিয়
পুজা প্রভৃতি জে ২ দেবকার্য্য আছে এবং আমার পতীর ও আমার বংস্বের
ষুর্থা সম্ভাবোনা শ্রীর্দ্ধ পীণ্ডাদি পারলৌকীকী ক্রিয়া নির্বাহ পুর্ব্বক সমস্ত

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Bogra Registry Office
Book 1 pages 24 & 25
8th April 1848

[illegible]

Dhaka University Institutional Repository

৬১ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

বিশএে ভোগবতী থাকা জন্য উক্ত গকুল মুনীর তেজ্য সমস্ত সম্পত্য অথাত জেলা বগুড়া সংক্রান্ত লাট রায়পুর মৌজে তাহীরপুর ওগয়বহর জমীদারি রকম ।০ আনা ও জেলা মুরশীদাবাদ শামীল কিসমত রামচন্দ্র পুরের রকম ৵ আনা ও গোবিন্দপুর ইত্যাদি স্থাবরাস্থাবর জাহা আমার দখলে আছে তাহা তোমাকে হেবা করিয়া হেবানামা লিখিয়া দিয়া প্রতীঙ্গা করিতেছী জে তুমী অদ্দকার তারিখ হৈতে হেবার লিখীত উক্ত বস্তু শকলে দখিলকার হৈয়া দান বিক্রএর সত্যাধি কারিনী হৈয়া আমার নাম পরিবত্তে আপন নাম কালেক্টরি সেরেস্থাতে জারি করিয়া রাজস্য আদায় পুর্ব্বক পুত্র পৌত্রাদিক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকাহ কস্বীন কালে আমী কিম্বা আমার ওারিস কহিয়া কেহ উক্ত বস্তুতে দাবি দরপেস করি ও করে সে অগ্রয্য এতদর্থে স্বেছা পুর্ব্বক সঙ্গান ও স্থীর বুদ্ধীতে হেবানামা লিখিয়া দিলাম ইতি শন সদর তারিখ ১৪ আস্বীন

ইশাদ

শ্রীরামচন্দ্র মিত্র	শ্রীবিশ্বনাথ সরকার	শ্রীবেচুরাম সরকার হাল
শাং গঙ্গারামবাটী	শাং হাল শাশ্রীকুলা	শাহানা শাং শাশ্রকুলী
শ্রীসনাতন ঘোস	শ্রীমাধব দাস	শ্রীগঙ্গাধর বিশ্বাস
শাং ঝাউবাড়িয়া	শাং শাশ্রীকুল	শাং কার্ত্তিকের পাড়া
শ্রীরাইচরন পরামানীক	শ্রীমদন ঘোস	শ্রী সফরু শেখ
শাং হাল শাশ্রীকুলী	শাং শাইকুলী	শাং পোড়াবাড়ী

× নিশানশহী

শন ১৮৪৭ শাল ইঙ্গরেজী তারিখ ৫ আকটোবর মঙ্গলবার দিবা দুই প্রহরের শময় শহর মুরসীদাবাদের রেজষ্টর শ্রীযুত মেং একিল শাহেবের হুজুরে হেবা দাইকার মোক্তার শ্রীগঙ্গাগোবিন্দ ঘোষ এই হেবানামার লিখীত রাইচরন পরামানীক ও মদন ঘোস শাক্ষীগণ সম্বলীত হাজীর হৈয়া হেবানামার মুহর আপন মওক্কলাকৃত হওা স্বীকার করিলেক এবং শাক্ষীগণ মজকুরেন শন ১৮৪০ সালের পাঁচ আইনানুসারে সপথ পুর্ব্বক উপরুক্ত মুহর হওা বিশয় শাক্ষী দিলেক একারণ এই হেবানামার নকল রেজষ্টরি নবম বহীতে লিখীত হৈল ইতি

[তিন সারি ইংরেজি লেখা]

[ইংরেজি স্বাক্ষর]

এই দস্তাবেজ শন ১৮৪৭ সালের
নবম বহীর ১০৬/১০৭ প্রষ্ঠায়
লিপী পূর্ব্বক মোক্তারের হাওলা
করা গেল ইতি

[ইংরেজি স্বাক্ষর]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

Book 1 pages 26 & 27

Registered this 20th April 1848 at 4 P.M.

[illegible]

Dhaka University Institutional Repository

৬২ ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

ঁশ্রীশ্রীহরির

[চার সারি ইংরেজি লেখা]

হস্তাক্ষরি
শ্রীভিকা সরদার
শ্রীজিয়াব সরদার
সাং দেহড়

নং ১১

সকল মঙ্গলালয় শ্রীশেখ আলীমদ্দীন উলাদে শ্রীশেখ আমীরুদ্দীন কাজী এবনে মাহাম্মদ হোল্বাছ লিখিতং শ্রীভিকা সরদার ও শ্রী জিয়াব সরদার আএমা ফরমানী ভুমী বিক্রয় কবালা পত্রমীদং শন ১২৫৪ শালাব্দে লিখনং কার্য্যনঞ্চাগে পরগনে শেলবার্শ মোতালক মৌজে দেহড় ও পীপড়া গ্রামে মোতাবেক ফরমান জোন্য ছোবহান শাহ আলমগীর বাদশাহার দত্তা শন ১০৭১ বাঙ্গলার ফরমানের লিখীত হাজী আক্কেল মাহাম্মদের নামে ১৮৫ ওান জমীন লিখাজায় তাহার ওারিশান জমীর মিঞার স্থানে ঐ ফরমানী জমীনের মধ্যে আমার পীতা আরিব সরদার পুস্কন্বী দেওার জন্বে ৫ পাচ ওান জমীন খরিদ করিয়া ছিলেন তম্মধ্যে পুস্কন্নীর পাহাড় বাদে ১৷৷৶দেড় ওান জমীনে অন্বের বিনা আপত্তে দখিলকার ও ভোগ তছরূপ করিয়া আশীতেছী সংপ্রতি রফিক প্রামানীক ওগএরহের নালীসী আমারদ্বিগের নামে এহী বগুড়ার মনছফ আদালতে শন ১৮৪৭ ইংরেজীর ১১৩ নম্বরে ডিগরি জারির মোকদ্দমায় আমারদ্বিগের অস্থাবর মাল বিক্রী করিয়া ১২ টাকা আদায় করিয়া ডিগরিদার লইয়াছে তাহাতেহ ঐ ডিগরির টাকা শোদ না হওাতে ঐ জমীন ক্রোক করাইয়াছে প্রযুক্ত ঐ ডিগরির টাকা আদায় না হওাতে আর কোন হেতু না পাইয়া আমরা আপন ২ সইস্বা পুর্ব্বক স্বকীয় ভাব বুদ্ধে বাহাল তবিয়তে ঐ ১৷৷৶দেড় ওান জমীন মবলগে১৮৲টাকা কোম্পানী পোনবাহাতে আপনকার নিকট বিক্রয় করিয়া পোনবাহার মবলগ মজকুর নগদ দস্তবদস্ত বুঝিয়া পাইয়া আপন ২ কবজ তছরূপে আনীয়া এহী কবালা লিখিয়া দিলাম আপনে এহী কবালা সুরূত উক্ত লাখেরাজ মওাজী মজকুরাতে মোতাবেক চোহুদ্দী সজলস্থলে শজনপদে সবাট বিটবে সব্রক্ষ

কাননে জমী মজকুরাতে দখিলকার হৈয়া শদর মপস্বলের চিঠাদি কাগজে আমর দ্বিগের নাম পরি* বর্ত্তে আপন নামে লাখেরাজ লিখাইয়া পুত্রপৌত্রাদিক্রমে পরম

[*'পরি' শব্দটি বাদ পড়ায় লিপিকর পরে উপরে লিখে দিয়েছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

৬২ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সুখে ভোগকরিতে রহ মোতাবেক চৌহুদ্দী জমী মজকুরার বাঁস ব্রক্ষাদি
ছেদন কর্ত্তন করার সত্যাধিকারি আপনকার ও আপনকার ওারিশানের আমার
দ্বিগের শহীত কোন এলাকা নাহী কালে কস্মীন আমরা কি আমারদ্বিগের
ওরিশান কেহ দাবি ও দরপেষ করি ও করে ঝুটা ও বাতীল ছালীয়ন হাল কেহু
মসুহক পএদা হয় জেম্মা আমারদিগের এতদর্থে কবালা পত্র লিখিয়া দিলাম
ইতি তারিখ ১৯ চৈত্রী

১ চিঠার ইহার তদ রহমত মন্ডলের বাস্তু তও পুস্কন্বী তপুঐ
৭ দাগে ঐ রহমত মন্ডলের জমীন তপ ভিকা সরদারের বাস্তু ইতি

ইশাদ

শ্রীযুগাই নস্য	শ্রীশেএখ খোদা বক্কস	শ্রীআদু মন্ডল
শাং দেহড়	শাং চক লোকমান	শাং বারপুর
শ্রীনিচিন্দা প্যাদা	শ্রীশেখ তিতাই মন্ডল	
শাং চান্দপুর	শাং চান্দপুর পাড়া	

জেলা বগুড়ার রেজষ্টর শ্রীযুত জার্জ আডলী ইউন শাহেবের হুযুরে তিতাই
শাক্ষীর হলফ দ্বারায় শাক্ষতায় ও বিক্রীকারকগনের মোক্তার উজীর
মন্ডলের এজহারে বিক্রীকারকগন এই কওালাতে হাত শহী দেওপ্রমান
হওাতে রেজীষ্টরি করা গেল ইতি শন ১৮৪৮ইং ২০ আপরেল
শন ১২৫৫ তারিখ ৯ নএী বৈশাখ

[স্বাক্ষর অস্পষ্ট] ইষ্টাম্প মুল্য
।।০

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)



Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

শ্রীশ্রীবনয়ারিজী শ্বহায়

মতাজী চারিদেহার কাত জমা শালীয়ানা
কোম্পানী মবলগে দুইসও আশী
টাকা মালগুজার করিবা ইতি

[ইংরেজি স্বাক্ষর]

[চার সারি ইংরেজি লেখা]

শ্রীবনয়ারিরাম চট্টপাধ্যায়
পত্তনী তালুকদার

টাকা মুল্যের স্থাবর অস্থাবর মোছল্লম বস্তুর তৃতিয় অংসের এক অংস অর্থাত
স্থাবর বস্তু উক্ত কিসামত গছাইলের রকম চারি আনা সোল আনা করারে রকম
৵৬।।৴ক্রান্তী সদর জমা ১৭৸৴৮ পাই ও কিং তালদিঘী হিস্যা ।।০ আনা সোল
সোল আনা করারে রকম৴৬।।৴ক্রান্তী সদর জমা ১৬৸৫ পাই একুনে ৩৪ ৸ ১ পাই
সদর জমার বস্তু মুল্য আন্দাজ ৩৩৩৴৪ পাই ও উপরের লিখিত অস্থাবর বস্তুরহ রকম
৴৬।।৴ক্রান্তি মুল্য আন্দাজ ১৬৬।।৴৮ পাই একুনে ৫০০ পাচ সত টাকা মুল্যের
স্থাবর অস্থাবর বস্তু উক্ত তারা বিবি মজকুরা বক্রী উপরের লিখিত মহাল দ্বয়ের
রকম।।৴৬।৴ক্রান্তি অর্থাত উক্ত কিসামত গসাইলের রকম।।৴১৩৴ক্রান্তী সদর
জমা ৩৩৸৴৮ পাই ও কিসামত তালদিঘী হিস্যা ।।০ আনা ক্রান্তী সদর জমা ৩৩।।১০ পাই
একুনে ৬৯।।২ পাই মুল্য আন্দাজ ৬৬৬।।৴৮ পাই ও কথিত অস্থাবর বস্তরহ রকম।।৴১৩।৴ক্রান্তী
মুল্য আন্দাজ ৩৩৩ ৪ পাই একুনে ১০০০ এক হাজার টাকা মুল্যের স্থাবর অস্থাবর বস্তু
আমরা অমিরন ও আরজান বিবি তুল্যাংশে হকীয়ত মিমাংসা করিয়া লইলাম ও দিলাম
এবং আপন ২ অংসের দান বিক্রীর সত্বাধিকারী আমরা তিনেই থাকীলাম একের সহীত
অন্যের অংসের কিছু এলাকা ও ছরকার নাহি আর সরকার মৌছফের রাখাপুস্য পুত্রদ্বয়
আমারদিগের দুই জোনেরি অন্তর্ভুক্ত থাকীল আমরা অভাবে আমারদিগের প্রাপ্য
অংস উক্ত পুস্য পুত্রদ্বয়র হক দুই জোনেই তুল্যাংসে দখল ভোগ করিবেক এতভীন্ব
আমারদিগের প্রাপ্ত ঐ অংসে উক্ত পুস্যপুত্রদ্বয় সেওায় অন্ব কাহাক হেবা করিতে
পারিবনা বরং পুস্যপুত্রদ্বয় মধ্যে সরিতুল্বা মজকুর বলগীয়তে পহছিয়াছে বিসেস
গ্রহস্তালির তদবির তদারক ইত্যাদি কর্ম্মের আঞ্জাম করার জুগ্য মোতে আমরা আমার
দিগের প্রাপ্য উক্ত তালুকাত এবং গৃহস্তালির তদবির তদারকআদি কর্ম্মের
ভার সরিতুল্বা মজকুরের প্রতি অর্পন করিলাম আমারদিগের অভিপ্রায় মোত
সকল কর্ম্ম আঞ্জাম করিবেক আর সরকার মৌছফের নামক উপরুক্ত মোকররি জোত
হায় তারা বিবি মজকুরার কোন সত্ব থাকীলনা জদিচ তারা বিবি মজকুরা ঐ জোতেরহ
হকদার বটে কীন্ত সে আপন খুসীতে উক্ত জোত হায়ব আপন সত্ব ত্যাগ করত
জোত মজকুরা মোছল্লম আমারদিগেক ছাড়িয়া দিলেক আমরা উক্ত জোত হায়র বাজষ্য
আদায় পুর্ব্বক ভোগদখল করিতে থাকীব পরং তেজারতি কারবারের নগদ
তহবিল ও তমঃসুক ও ডিগরি ইত্যাদি জে কিছু ছিল তাহা
আমরা তিনজোনেই আপসে উপরের লিখীত অংস
মোত আলাহিদা বন্টক করিয়া লইলাম বিচার পতি
আমারদিগেক এতাবত হুজুরে এত্তালা দেওা আবস্যক
মোতে অত্র দরখাস্ত দ্বারা সরেওার নিবেদিত হৈয়া প্রার্থীত জে
আমারদিগের এই দরখাস্ত মেলোহেজা পুর্ব্বক সেরেস্তায় রাখীতে
আজ্ঞা হএ তারা বিবি মজকুরাহ তাহার আপন অংস বুঝিয়া পাওার বিসএ দ্বিতীয়
একখন্ড দরখাস্ত দাখীল করিলেক ধর্ম্মাবতার কর্ত্তা নিবেদন ইতি শন ১২৬১ শাল
তারিখ ২৭ আশাঢ়

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)



Dhaka University Institutional Repository

১১৩

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৺শ্রীশ্রীদুর্গা

নং ৪৪

নাম্বর [সিল মোহর]

[স্বাক্ষর অস্পষ্ট]

মৌজে মহিসাবানের

প্রজা কর্মচারি সুচরিতেষু আগে

তথাকার ইয়ার সরকারের নামে সেরস্তায় ১৵৬ একখাদা একপাখি ছয় গণ্ডা জমির কাত ২৪ চব্বিশ টাকায় জে জোত জমা লেখা জায় তাহার এক চতুর্থাংসের মায় খোদ ফসলী ।৩৵চারি পাখি শাড়ে তের কানী জমির কাত ৬ ছয় টাকার জমায় সে দখিলকার থাকিয়া পলতকা হওয়ায় উক্ত পলতকা অংস পত্তন করা আবশ্যক বিধায় সহরত দেওয়ায় ঐ সাকিনের শ্রীরহিম উদ্দীন * আকন্দ পত্তন হইতে প্রার্থিত হওয়ায় তাহার প্রার্থনা মঞ্জুর করিয়া পলাতকা অংসের তপসীলের লিখিত ।৩।৵চারি পাখি সারে তের কানী জমির কাত ৬ টাকার জমায় তাহাকে পত্তন করা গেল তোমরা তাহার নিকট হাল বকয়া খাজনাদি আদায় করিয়া লইবা উক্ত জমি জমাতে তাহাকে দখল দেওইবা ও সনবসন তলব শুরত রাজস্ব আদায় করিতে থাকিবে কিন্তু জদি বকয়া ও লাগাএদ বর্ত্তমান শালের খাজনাদি অগ্রে আদায় না করে তবে উপরুক্ত জমিজমাতে তাহাকে দখল দেওয়াইবানা ইতি শন ১২৯৪ শন আখিরি তারিখ ২ জৈষ্ঠ

তপসীল

চৌহদ্দী

৬৪৩ দাগে ।৵৬ কাত ৵৩। ধানী		উত্তরে ছবের আকন্দ দক্ষীনে বিদাসী মন্ডল দ্বীগর পুর্ব্বে নিজ পশ্চীমে কুরানু এই চৌহদ্দীর মধ্যে স্থিতি ভূমির সিকি অংস
৬৪৮ দাগে ৵৹৸ কাত /২৴ধানী		দক্ষিনে মজি পাইকার উত্তরে জমুন আকন্দ পুর্ব্বে খোজু মন্ডল দ্বিগর পশ্চীমে নিজ অংসে এই চৌহদ্দীর মধ্যে স্থিতি ভূমির সিকি অংস
৮৪৬ দাগে ৵৬৸কাত ৫।৯	খোদ ১৵ পালনে ৶ কাত ।।৷	উত্তর দক্ষীণে পশ্চীমে হালট পুর্বে আনে সাখী দার এই চৌহদ্দীর মধ্যস্থিত ভূমির খোদ ও ধানী জমির সিকি অংশ এবং খোদের মধ্যে অম্র কাঠাল বাষ জাহা আছে তাহার শীকি অংস
.... ।৩৵	ধানী ২৸৯	

মং চারি পাখি
শাড়ে তের কানী মাত্র

[* উদ্দীন শব্দটি লিপিকর পরে উপরে লিখেছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

[illegible]

[illegible]

১। [illegible]

[illegible]

সম্পাদক।

২। [illegible]

[illegible]

সম্পাদক

Dhaka University Institutional Repository

১১৪
(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্বাহক
সভার অধিবেশন। ১৮৯৫। ২০ শে ফেব্রুয়ারী

উপস্থিত

শ্রীযুক্ত বাবু ভবানী নাথ চক্রবর্ত্তী সম্পাদক
" " কালী কিশোর মুন্সী
" " ব্রজ কিশোর মৈত্র
" " মুকুন্দ মোহন সান্যাল
" " কিশোরী মোহন মৈত্র।

১। ৪র্থ শিক্ষকের পদের জন্য যে সকল আবেদন আগত হইয়াছে তাহা পাঠাতে সর্ব্ব সম্মতিক্রমে স্থিরীকৃত হইল যে বাবু মহেন্দ্র দাস গুপ্তকে ঐ কার্য্যে নিযুক্ত করা যায় তিনি আসিতে অসম্মত হইলে বাবু রাম ব্রহ্ম লাহিড়ী ও তাঁহার অসম্মতিতে বাবু কেনাব লাল বসুকে নিযুক্ত করা হইবে (অভি)প্রেত ব্যক্তির ১লা মার্চ্চ হইতে কার্য্যে উপস্থিত হওার প্রয়োজন।

শ্রীভবানী নাথ চক্রবর্ত্তি
সম্পাদক

২। বিগত অধিবেশনে দ্বিতীয় পন্ডিত সম্বন্ধে যে মন্তব্য লিপিবদ্ধ হইয়াছে তাহার পরিবর্ত্তন ও সংশোধন হওয়া কর্ত্তব্য এই মর্ম্মে অদ্যকার কমিটীর নোটীশে একটী বিষয় ছিল। সম্পাদক মহাশয় ভ্রম ক্রমে এ বিষয় নোটীশে বাহির হইয়াছে প্রকাশ করায় তৎসম্বন্ধে কোন বিবেচনা করা গেলনা

শ্রীভবানী নাথ চক্রবর্ত্তি
সম্পাদক

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

[illegible]

১। [illegible]

২। [illegible]

Dhaka University Institutional Repository

১১৫ক
(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্বাহক
সভার অধিবেশন। ১৮৯৫। ১৫ই মার্চ

উপস্থিত

শ্রীযুক্ত বাবু ভবানীনাথ চক্রবর্ত্তী সম্পাদক
" " কালীকিশোর মুন্সী
" " মুকুন্দনারায়ণ মুন্সী
" " ব্রজকিশোর মৈত্র
" " মুকুন্দমোহন সান্যাল
" " যজ্ঞেশ্বর কুণ্ডু
" " ব্রজনাথ সান্যাল
" " কিশোরীমোহন মৈত্র

১। স্কুলসমূহের শ্রীযুক্ত ইনস্পেকটার সাহেব বাহাদুর ১৮৯৫ সালের ২রা মার্চ্চের ৮৮০ নং ঃ মোমো ও তৎসহ ...... শ্রীযুক্ত ডিপুটী ইনস্পেকটার মহাশয়ের চিঠির নকল...... সর্ব্ব সম্মতি ক্রমে স্থিরীকৃত হইলে যে ইতিপূর্ব্বে শিক্ষকদিগের বেতন প্রভৃতি সম্বন্ধে যে নির্দ্ধারণ করা গিয়াছিল তাহা রহিত হইয়া শ্রীযুক্ত ইনস্পেকটার সাহেব বাহাদুরের অভিপ্রায় মত কেবলামাত্র তৃতীয় পণ্ডিতের পদের সুপারিশ হয়। অন্যান্য সকল শিক্ষক আপনাপন কার্য্যে নিযুক্ত থাকিবেন এবং তাঁহাদের বেতন পূর্ব্ববৎ পাইবেন। কাহারও বেতনহ্রাস হইবেনা। মাসিক ২০ টাকা বেতনে একজন অতিরিক্ত শিক্ষক নিযুক্ত হইবেন। উপযুক্ত লোক দেখিয়া সম্পাদক মহাশয় তাহাকে নিযুক্ত করিতে পারিবেন। তৃতীয় পণ্ডিতের পদের বেতন ১০ ও চাঁদা সংগ্রহ করিয়া বাকী ১০ টাকা আয় করিয়া তাঁহার বেতন সংকুলন করা যাইবে।

২। অত্রত্য মুন্সী জমীদার মহাশয়দের বিনা অপর কাহারার কোন চাঁদা এই স্কুলে নাই। তাঁহারা স্থানীয় বড় লোক তাঁহাদের সাহায্য ব্যতিত স্কুল চলিতে পারে না। চাঁদা দেওার জন্য বিশেষ অনুরোধ সহকারে তাঁহাদিগকে চিঠী লিখা হইবে ও তাঁহাদের চাঁদা হওয়ার জন্য উপযুক্ত মত চেষ্টা করা যাইবে।

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

৩। [illegible]

Dhaka University Institutional Repository

১১৫ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৩। স্কুলঘর মেরামত হইয়াছে। স্কুলের তহবিলে যে টাকা মজুদ আছে শ্রীযুক্ত ইনস্পেকটার সাহেবের মঞ্জুরী গ্রহণে তন্মধ্য হইতে আবশ্যকীয় টাকা দ্বারা ঘর উপযুক্ত মত মেরামত করা যাইবে। শ্রীযুক্ত মাজিষ্ট্রেট সাহেব বাহাদুর শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুন্সী মহাশয়ের নিকট শ্রীযুক্ত বাবু মহেশ নারায়ণ মুন্সী মহাশয়ের প্রদত্ত স্কুল ঘর প্রস্তুতের খরচ বাবদ যে টাকা আমানত রাখিয়াছেন ঐ টাকা দাওয়ার জন্য উক্ত সাহেব বাহাদুরের নিকট আবেদন করা হইবে এবং ঐ টাকা পাওয়া গেলে তদ্দারা ও স্থানীয় চাঁদা সংগ্রহ করিয়া দ্বিতীয় একখানি ঘর করগেট আয়রণ দ্বারা প্রস্তুত করা যাইবে।

শ্রীভবানিনাথ চক্রবর্ত্তি
সম্পাদক।

Dhaka University Institutional Repository

১১৬ক

(মূল দলিলের প্রতিলিপি)

শেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য-নির্বাহক সমিতির অধিবেশন অদ্য ১৮৯৬ সালের ২৪শে জানুয়ারী সন্ধ্যা ৫টার সময় হয়।

উপস্থিত :

শ্রীযুক্ত বাবু জগদীশ চক্রবর্ত্তী সম্পাদক
" " ব্রজ কিশোর মৈত্র
" " মুকুন্দ লাল মুন্সী
" " মুকুন্দ মোহন সান্যাল
" " কিশোরী মোহন মৈত্র
" " বিনোদ বিহারী সাহা

১। সর্ব্ব সম্মতিক্রমে স্থিরীকৃত হইল যে, শেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ে একজন ড্রইং মাষ্টার নিযুক্ত করার আবশ্যকতা সম্বন্ধে বিবেচনা করা [illegible] স্কুলের বর্ত্তমান আর্থিক অবস্থা অনুসারে ঐ ড্রইং মাষ্টার নিযুক্ত করা যাইবে না।

২। ইংরেজী ১৮৯৫-৯৬ সালের টেষ্ট পরীক্ষার [illegible] প্রমোশন সম্বন্ধে [illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সভার অধিবেশন অদ্য ১৮৯৬ সালের ১৪ই জানুয়ারী সন্ধ্যা ৫ টার পর হয়।

উপস্থিত

শ্রীযুক্ত বাবু ভবানী নাথ চক্রবর্ত্তী সম্পাদক
" " ব্রজ কিশোর মৈত্রেয়
" " মুকুন্দ নারায়ণ মুন্সী
" " মুকুন্দ মোহন সান্যাল
" " কিশোরী মোহন মৈত্রেয়
" " বিনোদ বিহারী সাহা

১। সর্ব্ব সম্মতিক্রমে স্থিরীকৃত হইল যে, সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ে একজন ড্রইং মাষ্টার নিয়োগ করার আবশ্যকতা সম্বন্ধে বিবেচনা করিয়া দেখা গেল যে স্কুলের বর্তমান আর্থিক অবস্থা অনুসারে ঐ ড্রইং মাষ্টার নিযুক্ত করা যাইতেছে না।

২। ইংরেজী ১৮৯৫-৯৬ সালের বার্ষিক পরীক্ষার ফল পরিদর্শন করিয়া দেখা গেল যে, ছাত্র প্রমোশন সম্বন্ধে কোন নিয়মের উপর লক্ষ রাখিয়া কার্য্য করা বিবেচিত হয়না। কোন নির্দিষ্ট নিয়মের উপর লক্ষ রাখিয়া এবং এক দিনে অথবা দুই দিনে ভর প্রমোশন হয় নাই। চতুর্থ শ্রেণীতে উত্তীর্ণ হওয়া (অপিচ বেশী নম্বর রাখিয়া ছাত্র উত্তীর্ণ হওয়া) স্বত্ত্বেও সকল ছাত্রকেই ইংরেজীতে ৪ চারি নম্বর অনুগ্রহ করিয়া বর্দ্ধিত করিয়া দেওয়া হইয়াছে এবং গত ১৮৯৪-৯৫ সনের প্রমোশনের ফলের সঙ্গে তুলনা করিরয়াও এবারের প্রমোশন অত্যন্ত শিথিল ভাবে দেওয়া অনুভব করা যায়। এন্টান্স পরীক্ষায় গত (১৮৯৪-৯৫) বর্ষের ফল ভাল হয় নাই তাহা বিবেচনা করিয়া কার্য্য করিলেও এবারে আরও বেশী বিবেচনা করিয়া প্রমোশন দেওয়া উচিত ছিল। গত বর্ষের প্রমোশনের ফলে একজন ছাত্র স্কুল ত্যাগ করিয়া স্থানান্তরে যাইয়া পড়িতেছে। এবারের প্রমোশনের নিয়ম অনুসারে প্রমোশন দিলে উক্ত ছাত্র অবশ্যই প্রমোশন পাইত। গবর্ণমেন্ট সাহায্যকৃত স্কুলে একটী নির্দিষ্ট নিয়ম মতে কার্য্য করাই সঙ্গত। বিশেষ মপস্বল স্কুলে স্থানীয় সর্ব্ব সাধারণের সন্তুষ্টতার উপর লক্ষ রাখিয়া কার্য্য করাও অতীব কর্ত্তব্য। অতএব দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর যে সকল ছাত্র গত বার্ষিক পরীক্ষায় রীতিমত সকল বিষয়ে উত্তীর্ণ হয় নাই অথচ কতক ছাত্র প্রমোশন পাইয়াছে এবং কতক ছাত্রে প্রমোশন পায় নাই এ সম্বন্ধে যে শিক্ষক ঐ ঐ যে যে শ্রেণীর যে যে বিষয় পড়াইতেন তাঁহাদের মতামত অর্থাৎ লিখিত মন্তব্য এবং চতুর্থ শ্রেণীর ইংরেজী পরীক্ষায় চারি নম্বর করিয়া অনুগ্রহ পূর্ব্বক বর্দ্ধিত করিয়া দেওয়ার বিষয় তৃতীয় শিক্ষক বাবু কৈলাস চন্দ্র

Dhaka University Institutional Repository

১১৬খ

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

১১৬ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

মৈত্রেয় মহাশয় লিখিত মন্তব্য প্রকাশ করেন। এ বিষয় অতি শীঘ্র পুনর্বিবেচনা করা কর্তব্য হওয়ায় শিক্ষক মহাশয়গণ যত শীঘ্র পারেন লিখিত মন্তব্য সম্পাদক মহাশয়ের সমীপে উপস্থিত করিবেন। এবং সম্পাদক মহাশয় ঐ মন্তব্য পাইয়াই পুনরায় সভাধিবেশন করিবেন গত বার্ষিক পরীক্ষার ফল গড়ে কোন্ শ্রেণীতে কিরূপ হইয়াছে প্রধান শিক্ষক মহাশয় আগামী কমিটীর দিনে তাহা উপস্থিত করেন এবং কোন্ শিক্ষক কোন্ শ্রেণীর কি বিষয় পড়াইয়াছেন তাহাও লিখিয়া জানাইবেন ইতি

শ্রীভবানী নাথ
চক্রবর্ত্তি

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Dhaka University Institutional Repository
(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুরের উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্বাহক সভার
অধিবেশন অদ্য ১৮৯৬ সালের .....ই জানুয়ারী
অপরাহ্ন ৫ ঘটিকার পর হয়।
উপস্থিত

শ্রীযুক্ত বাবু ভবানী নাথ চক্রবর্ত্তী সম্পাদক
" " ব্রজ কিশোর মৈত্রেয়
" " মুকুন্দ নারায়ণ মুন্সী
" " মুকুন্দ মোহন সান্যাল
" " কিশোরী মোহন মৈত্রেয়
" " বিনোদ বিহারী সাহা

। গত ১৪ই জানুয়ারী তারিখের স্কুল কমিটীর দ্বিতীয় মন্তব্য অনুসারে ক্ল্যাস মাষ্টর মহাশয়গণের মতামত সহ গত বার্ষিক পরীক্ষার ফল দৃষ্ট করতঃ বিবেচনা করা গেল শ্রীযুক্ত বাবু মুকুন্দ মোহন সান্যাল ও বাবু ব্রজ কিশোর মৈত্রেয় মহাশয় মত (মত*) প্রকাশ করিলেন যে, গত বার্ষিক পরীক্ষায় যে অনিয়মিত রূপে প্রমোশন দেওয়া হইয়াছে এমত তাঁহাদের বোধ হয় না। তৃতীয় শ্রেণীর শ্রীসুরেন্দ্র মোহন মৈত্রেয় এবং চতুর্থ শ্রেণীর শ্রীঅক্ষয় লাল সাহা এই দুই জন ছাত্র প্রমোশন পাওার প্রার্থিত হইয়াছে এক্ষণ প্রমোশন দেওয়াতে যদি কোন বাধা না থাকে তবে হেড মাষ্টার মহাশয় এই দুই ছাত্রকে উপরের শ্রেণীতে প্রমোশন দেন এ বিষয় তাঁহাকে অনুরোধ করা হয়। শ্রীযুত বাবু বিনোদ বিহারী সাহা এবং বাবু কিশোরী মোহন মৈত্রেয় ও বাবু মুকুন্দ নারায়ণ মুন্সী ও বাবু ভবানীনাথ চক্রবর্ত্তী সম্পাদক মহাশয় মত প্রকাশ করিলেন যে এবারের বার্ষিক পরীক্ষার ফল ভাল হয় নাই তদবস্থায় যে নিয়মে প্রমোশন দেওয়া হইয়াছে তাহাতে অবস্থা বিবেচনায় শ্রীসুরেন্দ্র মোহন মৈত্রেয়কে এবং শ্রীঅক্ষয়নাথ সাহাকে উপরের শ্রেণীতে প্রমোশন দেওয়া হয়। যখন চতুর্থ শ্রেণীতে ইংরেজীতে ৪ নম্বর করিয়া অনুগ্রহে বৃদ্ধি করিয়া দেওয়া হইয়াছে সেই রূপ তৃতীয় শ্রেণীতেও ধরিলে এবং অতি অল্প নম্বরের জন্য সুরেন্দ্র ইংরেজীতে ফেইল করিয়াছে এবং অক্ষয় লাল গত সনেও এই চতুর্থ শ্রেণীতেই ছিল গত সনের বার্ষিক পরীক্ষায় উক্ত ছাত্র যে নম্বর পাইয়াছিল এবারের নিয়মে প্রমোশন পাইলে সে প্রমোশন পাইত। এবার উক্ত ছাত্রের শরীর অত্যন্ত কাতর ছিল তাহার এবারের ফল খারাপ হইলেও যখন বেশী বিষয়ে অনুত্তীর্ণ ছাত্রকেও প্রমোশন দেওয়া হইয়াছে তখন তাহাকেও প্রমোশন দেওয়া তাঁহাদের মত। অতএব মফস্বল স্কুলে সামঞ্জস্য রক্ষার জন্য এই দুইজন ছাত্রকে প্রমোশন দেওয়া কর্ত্তব্য। অধিকাংশ মেম্বরের মতানুসারে স্থিরীকৃত হইল যে শ্রীসুরেন্দ্র মোহন মৈত্রেয়কে দ্বিতীয় শ্রেণীতে ও শ্রীঅক্ষয় লাল সাহকে তৃতীয় শ্রেণীতে প্রমোশন দেওয়া হয়। ইতি

শ্রীভবানী নাথ চক্রবর্ত্তি
সম্পাদক

[*প্রথমাবস্থায় ভুল হওয়াতে লিপিকর দ্বিতীয়বার 'মত' শব্দটি তোলাপাঠ দিয়ে উপরে লিখেছেন।]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Dhaka University Institutional Repository
(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক
সভার অধিবেশন অদ্য ১৮৯৭/২৮ শে মার্চ
অপরাহ্ণ ৬ ঘটিকার সময়।
উপস্থিত
শ্রীযুক্ত বাবু ভবানি নাথ চক্রবর্ত্তী সম্পাদক
" " কালী কিশোর মুনসী
" " মুকুন্দ নারায়ণ মুনসী
" " ব্রজ কিশোর মৈত্রেয়
" " ব্রজনাথ সান্যাল
" " বিনোদ বিহারী সাহা

১। স্কুলের ছাত্র সংখ্যা পর্য্যালোচনা করিয়া দেখা গেল
১৮৯২ সালের ফেব্রুয়ারি মাসে ছাত্র সংখ্যা ১৩২ জন
তম্মধ্যে হিন্দু ১১৭ মুসলমান ১৫ জন। ১৮৯৩ সালের ফ্রেব্রুয়ারি
১২৪ জন মধ্যে হিন্দু ১০৮ মুসলমান ১৬। ১৮৯৪ সালের
ফেব্রুয়ারী ১২২ জন মধ্যে হিন্দু ১০৬ জন মুসলমান ১৬।
১৮৯৬ সালের ফেব্রুয়ারী ১০৪ জন মধ্যে হিন্দু ৮৪ মুসলমান ২০।
১৮৯৭ সালের ফেব্রুয়ারী মাসে মোট সংখ্যা ৮৫ জন মধ্যে
হিন্দু ৭৯ ও মুসলমান ৬ জন। অতএব ছাত্র সংখ্যা
ক্রমেই হ্রাস হইয়াছে এবং মুসলমান ছাত্র সংখ্যা অনেক কমিয়াছে
দেখা যাইতেছে। ছাত্র সংখ্যা কম হইবার
কারণ সম্বন্ধে আলোচনা করিয়া বুঝা যায় যে
বিদেশীয় ও ভিন্নস্থানীয় ছাত্র এখানে থাকিবার সুবিধা
না থাকায় উচ্চ শ্রেণীর ছাত্র সংখ্যা কম হয়। ও
স্কুলের সংলগ্নে একটী পাঠশালা স্থাপিত হওয়ায়
ঐ পাঠশালায় ছাত্রসংখ্যা অনেক বেশী হওয়াতে অরতঙ্গ
স্কুলের নিম্ন শ্রেণীর ছাত্র পরিমাণ কম দেখা যাইতেছে
আর অধিকন্তু শ্রীযুক্ত সম্পাদক মহাশয় প্রকাশ করিলেন
যে শ্রীযুক্ত বাবু সতীশচন্দ্র সান্যাল দ্বিতীয় শিক্ষক মহাশয়ের
সঙ্গে গাড়িদহের শ্রীযুক্ত হরি মাধব পোদ্দার* ও শেরপুরের*
মধুসুদন দত্তের তাঁহার নিজ প্রাইভিট পড়ানোর বেতন
লইয়া গোলযোগ হওয়ায় ঐ বিষয় সম্পাদক মহাশয়ের
নিকট জানাইয়া গাড়িদহের ছাত্রগণকে হরি মাধব
পোদ্দার ছাড়াইয়াছে এবং মধুসুদন দত্ত তাহার
ছেলেকে স্কুলে ছাড়াইয়াছে ও অনেককে স্কুল
ছাড়াইয়াছিল পরে সম্পাদক মহাশয় অনেক ছাত্র
পুনঃ ভর্তি করাইয়াছেন এবং উপরোক্ত কারণে
স্কুলের ছাত্র সংখ্যা কম হইয়াছে তাহার উপরোক্ত
যে দুই কারণ লেখা হইয়াছে তাহা ছাত্র নূতন
ভর্তি না হওয়ার কারণ বটে। তদ্ভিন্নও আরও
[*ভুল সংশোধন করে সংশ্লিষ্ট লিপিকর স্বাক্ষর করেছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible] (half fee) [illegible]

২। [illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

ছাত্র স্কুল ছাড়িয়া স্থানান্তর গিয়াছে। উপরের লিখিত
বিষয়ের প্রতিবিধানের জন্য শ্রীযুক্ত বাবু সতীশ্চন্দ্র সান্যাল
দ্বিতীয় শিক্ষক মহাশয়কে জ্ঞাত করাইয়া তাঁহার সমক্ষে
সম্পাদক মহাশয়ের প্রস্তাবিত বিষয়ের অনুসন্ধানের জন্য
হরিমাধব পোদ্দার প্রভৃতিকে সংবাদ দিয়া সত্বরে একটী
কমিটি আহবান করিয়া ঐ বিষয়ের মিমাংসা করা হয়।
আর যে সকল ছাত্র স্কুল হইতে নাম কাটাইয়াছে তাহার
(এক বৎসরের) তালিকা প্রস্তুত করিয়া ঐ ছাত্রদের অভিভাবক
দিগকে বলিয়া ঐ ছাত্র দিগকে পুনঃভর্ত্তি করানের চেষ্টা
করা হয়। মুসলমান ছাত্র অনেক কম হইয়াছে অতএব
মুসলমান ছাত্র সংখ্যা বৃদ্ধির জন্য চেষ্টা করা হয়। এবং
আবশ্যক বোধে অবস্থা বিবেচনায় সম্পাদক মহাশয়
অর্দ্ধ বেতন (half fee) দিয়াও ছাত্র ভর্তি করিয়া ছাত্র
সংখ্যা বৃদ্ধি করার চেষ্টা করিবেন। ইতি
২। স্কুলের আয় কম হইয়াছে তাহার কারণ ছাত্র
সংখ্যা কম হওয়া এবং তজ্জন্য স্কুলিং ফিঃ কম হইতেছে
আর স্থানীয় চাঁন্দা উপযুক্ত রূপে ধার্য্য না থাকা ও
ধার্য্য চাঁন্দা রীতিমত আদায় না হওয়া ছাত্র সংখ্যা
বৃদ্ধি হইলেই স্কুলিং ফিঃ বৃদ্ধি হইয়া স্কুলের আয় বৃদ্ধি হইবেক
আর স্থানীয় চাঁন্দা উপযুক্ত রূপে নাই তাহার
কারণ অনুসন্ধান করিয়া প্রধানতঃ জানা যায় যে
সর্ব্ব সাধারণের স্কুলের প্রতি সহানুভূতি নাই তাহা
সংশোধন হওয়া আবশ্যক শ্রীযুক্ত বাবু কালীকিশোর
মুন্সী মহাশয় প্রস্তাব করিলেন যে সত্বরেই একটী
সাধারণ সভা হইয়া সর্ব্ব সম্মতিক্রমে স্কুল কমিটী
গঠিত হয় এবং ঐ সাধারণ সভা হইতেই স্কুল কমিটীর
প্রয়োজনীয় নিয়মাবলী অবধারিত হয় এবং মেম্বার
সংখ্যা ১৮ আঠার জন থাকা তাঁহার স্মরণ হয় অতএব
মেম্বার সংখ্যার পরিমান স্থির হয়। এইরূপ হইলে
স্কুলের চাঁদা বৃদ্ধি হইবে এবং সাধারণের সহানুভূতি
হইবে এবং স্কুলে নীতির প্রতি লক্ষ নারাখিলে স্কুলের
উন্নতি হইবার সম্ভাবনা কম ও সাধারণের শ্রদ্ধার
হ্রাস হইবেক। এই অনুসারে সর্ব্ব সম্মতিতে স্থীর হৈল
যে একমাস মধ্যে একটী সাধারণ সভা করা হইবেক
এবং ঐ সভা হইতে প্রয়োজনীয় নিয়মাবলী প্রস্তুত হয়
এবং ঐ সাধারণের সভা হইতে মেম্বারের সংখ্যা ধার্য্য
হইয়া * মেম্বার মনোনীত হইবেক*। ঐ সাধারণ সভা সেরপুর মিউনিসিপ্যাল
আপীষ গৃহে হইবেক ইতি

[*চিহ্নদ্বয়ের মধ্যবর্তী অংশের লেখা পাঠ সংশোধন চিহ্ন দিয়ে পরে সংযোজন করা হয়েছে]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

৩) [illegible]

৪) [illegible]

৫) [illegible] (Additional Teacher) [illegible]

৬) [illegible]

৭) [illegible]

শ্রী [illegible]

Dhaka University Institutional Repository

৩। শ্রীযুক্ত ডিরেকটর সাহেব বাহাদুরের বর্ত্তমান সই ৮ই জানুয়ারি তারিখের আপীষ মিমো যাহা ঐ তারিখে ৭ নং সারকিউলার সহ প্রেরিত হইয়াছে তাহা পাঠে স্থির হইল যে, স্কুলের তহবিলের উদ্বৃত্ত টাকা সেরপুর সেভিং ব্যাঙ্কে (পোষ্টাফিসে) ডিপোজিট রাখা হইবেক শ্রীযুক্ত বাবু ব্রজকিশোর মৈত্রের মেম্বার মহাশয়ের নামে থাকিবে তাঁহারা টাকা উঠাইয়া লইবেন ইতি

৪। সাধারণ সভা আহুত হওয়ার পূর্ব্বে এক দিন স্কুলের হিসাব পরিদর্শন করার জন্য একটী কমিটী আহবান করা হয়। ইতি

৫। শ্রীযুক্ত বাবু ব্রজকিশোর মৈত্রেয় মহাশয় প্রকাশ করিলেন যে, অতিরিক্ত শিক্ষকের (Additional teacher) যে একটী পদ আছে তাহাতে প্রথম শ্রেণী হইতে পড়াইতে পারেন এমত সক্ষম একটী লোক নিযুক্ত হয় নতুবা ঐ পদ উঠিয়া যাইয়া একজন সপ্তম শিক্ষক নিযুক্ত হয়। শ্রীযুক্ত বাবু ব্রজনাথ সান্যাল মহাশয় বলিলেন একটী পদ থাকা না থাকা সম্বন্ধেয় প্রস্তাব অদ্য মিমাংসিত না হইয়া সভার নোটীশে রীতিমত লিখিত হইয়া মিমাংসিত হওয়া উচিত অতএব সর্ব্ব সম্মতিতে ইহা আগামী কমিটীতে স্থির হওয়া বিবেচিত হইল ইতি

৬। শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুন্সী মহাশয় প্রস্তাব করিলেন যে, সংপ্রতি স্কুলের শিক্ষক ও ছাত্রগণের মধ্যে কাহার কাহার চরিত্র সম্বন্ধে বাজার গল্পে অত্যন্ত দুর্নাম শুনা যাইতেছে ইহা অলীক হওয়াই বাঞ্জনীয় কিন্তু সাধরণ শিক্ষার স্থানে অত্যল্পমাত্র দোষের কারণ থাকিলেও তাহা মার্জ্জনীয় নহে আগামী এক সপ্তাহ মধ্যে *স্কুল কমিটীর অধিবেশন হইয়া অন্যান্য কার্য্য সারিলে কিম্বা বিশেষ রূপে এই বিষয়ের তদন্ত জন্যেই সভা হইয়া উচিতরূপে তদন্ত করা হয় এবং যদ্যপী চরিত্র সম্বন্ধীয় কোনরূপ কাহারও দোষ সপ্রমাণ হয় তবে তাহার বিচার করতঃ উচিত প্রতিবিধান করা হইবেক ইহা সর্ব্ব সম্মতিতে স্থিরীকৃত হইল। ইতি

৭। শ্রীযুক্ত বাবু সতীশচন্দ্র সান্যাল সেকেন্ড মাষ্টার ও বাবু কৈলাস চন্দ্র মৈত্রেয় থার্ড মাষ্টার মহাশয়ের অদ্য তারিখে কমিটীতে দাখিলী দরখাস্ত পাঠ করা গেল সাধারণ সভা অধিবেশন পর এই দরখাস্ত সম্বন্ধে বিবেচনা করা * যাবেক। আয় বৃদ্ধির উপায় হওয়া দেখিয়া তৎসম্বন্ধে যেবিহিত করা হইবেক। ইতি

শ্রীভবানীনাথ চক্রবর্ত্তি

[*চিহ্নিত স্থানসমূহে ভুল সংশোধন করে সংশ্লিষ্ট লিপিকর স্বাক্ষর করেছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

[illegible]

২। [illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সভার অধিবেশন
অদ্য ১৮৯৭/২৩ শে এপ্রেল শুক্রবার অপরাহ্ন ৬ ঘটিকার সময়।

উপস্থিত

শ্রীযুক্ত বাবু ভবানি নাথ চক্রবর্ত্তী সেক্রেটরী
'' '' কালী কিশোর মুনসী মেম্বার
'' '' মুকুন্দ মোহন সান্যাল ''
'' '' ব্রজ কিশোর মৈত্রেয় ''
'' '' ব্রজনাথ সান্যাল
'' '' কিশোরী মোহন মৈত্রেয় ''
'' '' যজ্ঞেশ্বর কুণ্ড ''

১। গত কমিটীর নির্দ্ধারণ মত যে সকল ভদ্র লোককে অত্র স্কুলের অভাব পূরণের অনুরোধপত্র প্রেরণ করা হইয়াছিল তদুত্তরে যে সকল পত্র আগত হইয়াছে তাহা পাঠ করা গেল তম্মধ্যে দেখা গেল যে শ্রীযুক্ত বাবু রাধা রমন মুনসী ও শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী ও শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুনসী মহাশয়গণ উক্ত পত্রের উত্তর স্বরূপ, গভর্ণমেন্ট ও মিউনিসিপাল সাহায্য বহাল থাকিলে অন্যান্য অভাব পূরণ করিয়া স্কুলের ব্যয়ভার বহন করিয়া স্কুল স্থায়িত্ব রাখার সম্বন্ধে ১৮৯৭/ ১৫ই এপ্রেল তারিখে যেপত্র লিখিয়াছেন তাহা পাঠ করা হইল। এবং শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুনসী মহাশয় ইহাও প্রস্তাব করিলেন যে, পূর্ব্বোক্ত চিঠির মর্ম্মে স্কুলের ভবিষ্যত স্থায়িত্ব সম্বন্ধে যদি কাহারও কোন সন্দেহ উপস্থিত হয় তাহা হইলে গভর্ণমেন্ট সাহায্য ও মিউনিসপাল সাহায্য কোন কারণে না থাকিলেও সমস্ত ব্যয়ভার বহন করিয়া স্কুল চালাইতে প্রস্তুত আছেন। এবং উক্ত স্কুলের ম্যানেজমেন্ট ভার স্বয়ং গ্রহণ করিবেন ও শ্রীশ্রীমতী ভারতেশ্বরীর ৬০ ষাইট বৎসর রাজত্য পূরণ উপলক্ষে স্কুলের নাম ডায়মণ্ড জুবিলী স্কুল নামে অভিহিত হইবে।
এই প্রস্তাবে সর্ব্ব সাধারণের মত জানা আবশ্যক এজন্য সর্ব্ব সম্মতিক্রমে স্থিরিকৃত হইল যে উক্ত প্রস্তাবের মর্ম্ম সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে টাউনের নানা স্থানে নোটিশ দেওয়া হয় এবং কাহারও কোন আপত্য থাকিলে ৩ দিন অর্থাৎ (২৬ শে এপ্রেল) মধ্যে অত্র স্কুলের সেক্রেটারী মহাশয়ের নিকট লিখিত ভাবে জানান।

শ্রীভবানী নাথ চক্রবর্ত্তি
সেক্রেটরী
২৩/৪/৯৭

Dhaka University Institutional Repository

১২০ক

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Dhaka University Institutional Repository

১২০ ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সভার অধিবেশন
অদ্য ১৮৯৭/২৭ শে এপ্রেল মঙ্গলবার অপরাহ্ন ৫।। ঘটিকার সময়।

উপস্থিত

শ্রীযুক্ত	বাবু	ভবানি নাথ চক্রবর্ত্তী	সম্পাদক
"	"	কালী কিশোর মুনসী	মেম্বার
"	"	হেম চন্দ্র সান্যাল	"
"	"	ব্রজ কিশোর মৈত্রেয়	"
"	"	কিশোরী মোহন মৈত্রেয়	
"	"	যজ্ঞেশ্বর কুণ্ড	"
মুনসী		কোরবানালী খোন্দকার	"
শ্রীযুত		বাবু দীন নাথ সান্যাল	"

১। গত কমিটীর রিজলিউশন পাঠ করা গেল। এবং উক্ত রিজলিউশন মাজ সর্ব্ব সাধারণকে যে বিজ্ঞাপণ দেওয়া হইয়াছিল ঐ বিজ্ঞাপণ অনুসারে সর্ব্ব সাধারণের যে সকল আবেদন আগত হইয়াছে তাহা পাঠ করা হইল। সর্ব্ব সম্মতিক্রমে স্থিরিকৃত হইল যে, স্কুলের কার্য্য পরিচালনার ভার সম্পূর্নরূপে শ্রীযুক্ত বাবু রাধারমন মুনসী ও শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী ও শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুনসী মহাশয়গনের হস্তে * না জাইয়া (যেহেতু শ্রীযুত বাবু কালী কিশোর মুনসী মহাশয় এখানেও স্কুল কমিটীর মেম্বার আছেন তদ্ব্যতিত) শ্রীযুক্ত বাবু রাধারমন মুনসী ও শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী মহাশয়দ্বয় এবং তাহাদের নির্ধারিত আরও ৫ পাঁচজন স্কুল কমিটীর মেম্বার হন ইহা আমাদের ইচ্ছা। ভরসা করি সর্ব্ব সাধারনের উৎসাহ বর্দ্ধনার্থ উক্ত মহোদয়গণ আমাদের এই অনুরোধে সম্মত হইয়া তাঁহাদের প্রস্তাবিত *ধর্ম্মোদ্যেশে দান করিয়া অনুগৃহিত করিবেন। উক্ত ভাবে অর্থাৎ ২০ জন মেম্বার দ্বারা কমিটী গঠিত হইলে ৭ জন মেম্বারে কোরাম পুর্ন হইবে। (এই প্রস্তাবে শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুনসী মহাশয়ের স্বার্থ থাকায় কোন মত প্রমাণ করিলেননা)

২। গত কমিটীর রিজলিউশনে শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুনসী মহাশয় মৌখিক প্রস্তাব করিয়াছেন যে কোন কারণে যদি কালে গবর্ণমেন্ট

[*চিহ্নিত স্থান সমূহে ভুল সংশোধন করে সংশ্লিষ্ট লিপিকর স্বাক্ষর করেছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

৩। [illegible]

৪। [illegible]

[illegible]

২১/৪/৭১

Dhaka University Institutional Repository

১২০ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

ও মিউনিসিপাল সাহায্য উঠিয়া যায় তাহা হইলে তাঁহারা স্কুলে যাবদীয় ব্যয় সঙ্কুলন করিয়া স্কুল চালাইবেন। যখন তাঁহারা স্কুলের স্থায়িত্ব জন্য এতদূর অগ্রসর হইয়াছেন তখন তাঁহাদের প্রস্তাবিত "ডায়মণ্ড জুবিলী" নামে এই স্কুলের নামকরণ করিলে আমরা আহলাদ সহকারে সম্মত আছি এমনকি যদি তাঁহারা "জুবিলী রাধারমণ" নামকরণ করিতেন তাহা হইলেও বোধ হয় সর্ব্ব সাধারণের আপত্যের কোন কারণ হইত না।

৩। গভর্ণমেন্ট সাহায্য লওয়া বা....কারন শ্রীযুক্ত ইনস্পেক্টর সাহেব মহোদয়ের আপীশে যে বণ্ড দেওয়ার নিয়ম আছে তাহাতে ব্যক্তি বিশেষ স্কুলের সম্পূর্ন ব্যয়ভার বহন করিলে যদি আইনমত কেবল তাঁহার উক্ত বণ্ডে নাম দস্তখত করিবার নিয়ম থাকে তবে এই স্কুলের বণ্ডে তাঁহারা তিন জনে টাকার দায়িত্ব সম্বন্ধে দস্তখত করিবেন। কিন্তু স্কুলের অন্যান্য কার্য্যনির্বাহী সম্বন্ধে স্কুল কমিটীর মেম্বার দিগের দায়িত্ব ও ক্ষমতা তাঁহাদের সহিত সমভাবে থাকিবে।

৪। এই রিজলিউশনের অনুলিপি সহ শ্রীযুক্ত সম্পাদক মহাশয় শ্রীযুক্ত বাবু রাধামন মুনসী ও শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী ও শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুনসী মহাশয় দিগেক যথারীতি পত্র লিখিয়া তাহার উত্তর পাইলে সম্পাদক মহাশয় পুনরায় কমিটী আহবান করিয়া মিমাংশা করেন। ইতি

শ্রীভবানী নাথ চক্রবর্ত্তি
সম্পাদক
২৭/৪/৯৭

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সভার অধিবেশন
অদ্য ১৮৯৭/১ মে শনিবার অপরাহ্ন ৬ ঘটিকার সময়।

উপস্থিত

শ্রীযুক্ত বাবু ভবানি নাথ চক্রবর্ত্তী সম্পাদক
" " ব্রজ কিশোর মৈত্রেয় মেম্বার
" " ব্রজনাথ সান্যাল "
" " কিশোরী মোহন মৈত্রেয় "
" " মুকুন্দ মোহন সান্যাল "
" " যজ্ঞেশ্বর কুণ্ড "
মুনসী কোরবানালী খোন্দকার "

১। গত কমিটীর নির্ধারণ মতে শ্রীযুক্ত বাবু রাধারমন মুনসী ও শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী ও শ্রীযুক্ত বাবু কালী কিশোর মুনসী মহাশয়দিগকে যে চিঠি লিখা হইয়ছিল তদুত্তরে যে পত্র প্রেরণ করিয়াছে তাহা পাঠ করা হইল। ঐ কমিটীর প্রস্তাবিত বন্দোবস্তে তাঁহারা স্কুলের ব্যয়ভার গ্রহণ করিতে সম্মত হওয়ায় ধন্যবাদ সহকারে অদ্য হইতে স্কুলের ব্যয়ভার তাঁহাদের প্রতি অর্পণ করা গেল এবং তাহাদের প্রস্তাব মতে অদ্য হইতে স্কুলের নাম * শ্রীশ্রীমতী মহারানী ভারতেশ্বরীর বাইট বৎসর রাজত্ব পূর্ণ হওয়ার স্মরণার্থে "ডায়মণ্ড জুবিলী স্কুল।"

২। শারীরিক অসুস্থতা নিরপূণ শ্রীযুক্ত বাবু ভবানি নাথ চক্রবর্ত্তী মহাশয় সম্পাদকের পদ পরিত্যাগ করিবার প্রস্তাব করায় তাঁহার প্রস্তব গৃহিত হইল

৩। শ্রীযুক্ত বাবু কিশোরী মোহন মৈত্রেয় মহাশয়ের প্রস্তাব মতে এবং শ্রীযুক্ত বাবু মুকুন্দ মোহন সান্যাল মহাশয়ের অনুমোদন ও সর্ব্ব সম্মতিক্রমে শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী মহাশয় সম্পাদক নিযুক্ত হইলেন।

৪। অদ্যকার কমিটীর মন্তব্যের অনুলিপি সহ গত কমিটীতে শ্রীযুক্ত বাবু রাধারমন মুনসী ও শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী মহাশয় দ্বয় যে স্কুল কমিটীর মেম্বার নিযুক্ত হইয়াছেন ও সম্পাদক পরিবর্ত্তনের সংবাদ যথারীতি শ্রীযুক্ত ইনস্পেক্টর

[*লিপিকর 'ডায়মণ্ড জুবিলী' লিখে পুনরায় কেটে দিয়েছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

Dhaka University Institutional Repository

১২১ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সাহেব বাহাদূরের আপীসে প্রেরণ করা যায়।

শ্রীভবানী নাথ চক্রবর্ত্তি
সম্পাদক
১/৫/৯৭

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

৮ই [illegible] বিদ্যালয়ের কার্য্য নির্ব্বাহক সভার অধিবেশন হইল। ঐ দিন রবিবার অপরাহ্ন ৫ ঘটিকার সময়।

উপস্থিত -

শ্রীযুত বাবু রাধারমন মুন্সী   সভাপতি
" " কৃষ্ণলাল মজুমদার
" " জানকী কিশোর মুন্সী
" " পূর্ণ কিশোর মৈত্রেয় -
" " [illegible] মোহন [illegible] -
" " [illegible] -
" " শ্রীগোপী মোহন মৈত্র
" " হরিশ্চন্দ্র সান্যাল -
" " কেদার নাথ বাগচী
" " ভবানী নাথ চৌধুরী
" " প্রমথ নাথ চৌধুরী
মুন্সী [illegible] -
শ্রীযুত বাবু চন্দ্র কিশোর মুন্সী সম্পাদক

শ্রীযুত বাবু চন্দ্র কিশোর মুন্সী সম্পাদক মহাশয়ের প্রস্তাবানুসারে এবং শ্রীযুত বাবু কেদার নাথ বাগচী মহাশয়ের অনুমোদনানুসারে শ্রীযুত বাবু রাধারমন মুন্সী মহাশয় অদ্যকার সভার সভাপতি মনোনীত হইলেন।

বর্ত্তমান সময়ে ৪র্থ ও ৫ম শ্রেণীর মধ্যে উপযুক্ত [illegible] নিযুক্ত থাকায় ঐ অতিরিক্ত শিক্ষকের প্রয়োজন না হওয়ায় সর্ব্ব সম্মতি ক্রমে উক্ত পদ উঠাইয়া দেওয়া হইল।

[illegible] মাষ্টার একজন রাখা নিতান্ত আবশ্যক বোধ হওয়ায় সর্ব্ব সম্মতিক্রমে মাসিক ১২ বারটাকা বেতনে উক্ত পদের জন্য একজন [illegible] নিযুক্ত হইল, তিনি [illegible] শিক্ষার [illegible] সময় [illegible] অন্য সময় স্কুলের অন্যান্য শ্রেণীতে শিক্ষা দান করিবেন।

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

[সেরপুর] উচ্চ ইংরেজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সভার অধিবেসন
[অদ্য ১৮]৯৭/৯ ই মে রবিবার অপরাহ্ন ৫ ঘটিকার সময়।

উপস্থিত

শ্রীযুক্ত বাবু রাধারমন মুন্সী সভাপতি
" " কৃষ্ণলাল মজুমদার
" " কালীকিশোর মুন্সী
" " ব্রজকিশোর মৈত্রেয়
" " মুকুন্দমোহন সান্যাল
" " হরিশ্চন্দ্র তরফ্দার
" " কিশোরীমোহন মৈত্রেয়
" " হরিশ্চন্দ্র সান্যাল
" " কেদারনাথ বাগছী
" " ভবানীনাথ চক্রবর্ত্তী
" " প্রসন্ননাথ চৌধুরী
মুনসী কোরবানালী খোন্দকার
শ্রীযুত বাবু চন্দ্রকিশোর মুন্সী সম্পাদক

[১] শ্রীযুক্ত বাবু চন্দ্রকিশোর মুনসী সম্পাদক মহশয়ের প্রস্তাবানুসারে এবং শ্রী যুত বাবু কেদার নাথ বাগছী মহাশয়ের অনুমোদন অনুসারে শ্রীযুত বাবু রাধারমন মুনসী মহাশয় অদ্যকার সভার সভপতি মনোনীত হইলেন।

[২] বর্ত্তমান সময়ে ৪র্থ ও ৫ম শিক্ষকের পদে উপযুক্ত ব্যক্তি নিযুক্ত থাকায় আর অতিরিক্ত শিক্ষকের প্রয়োজন না হওয়ায় সর্ব্ব সম্মতিক্রমে উক্ত পদ উঠাইয়া দেওয়া হইল।

[৩] ড্রইং মাষ্টার একজন রাখা নিতান্ত আবশ্যক বোধ হওয়ায় সর্ব্ব সম্মতি ক্রমে মাসিক ১২ বার টাকা বেতনে উক্ত পদের জন্য একজন রাখা স্থিরিকৃত হইল। তিনি ড্রইং শিক্ষার নিরূপিত সময় ব্যতিত অন্য সময় স্কুলের অন্যান্য শ্রেণীর শিক্ষা দান করিবেন।

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

৪। [illegible]

৫। [illegible] জানুয়ারী [illegible] ১১১॥৵১ [illegible] ২০৪ [illegible] ইতি —

[illegible]

শ্রী [illegible]

Dhaka University Institutional Repository

১২২ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৪। স্কুল কমিটীর যে দুইটী মেম্বারের অভাব হইয়াছে তাহারা স্কুলের অধ্যক্ষ দিগের নিযুক্তিয় সুতরাং তাঁহরাই এ দুইজন মেম্বার নিযুক্ত করিবেন।

৫। স্কুলের হিসাবে পরীক্ষা করিয়া দেখা গেল যে, ডিসেম্বর মাস পর্য্যন্ত শিক্ষক মহাশয়দিগের বেতন শোধ হইয়াছে এবং ৩১শে জানুয়ারী তারিখে ১১২॥৴৯ পাই তহবিলে আছে। স্কুলের অধ্যক্ষ মহাশয়েরা নবেম্বর মাসে ২০৪, ডিসেম্বর মাসে ১০১৴৬ পাই এবং জানুয়ারী মাসে ১১২।৴ আনা নিজেরা সাহায্য করিয়াছেন ইতি

ইতি ৩রা ফেব্রুয়ারী ১৮৯৮ — শ্রীচন্দ্রকিশোর শর্ম্ম মুনসী, সম্পাদক

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible] ।

[illegible] ।

উপস্থিত—

শ্রীযুক্ত [illegible] ।

" " [illegible] ।

শ্রীযুক্ত [illegible] ।

শ্রীযুক্ত [illegible] ।

" " [illegible] ।

" " [illegible] ।

" " [illegible] ।

শ্রীযুক্ত [illegible] ।

Dhaka University Institutional Repository

১২৩ ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর ডায়মণ্ড জুবিলী হাইস্কুলের কার্য্যনিবর্বাহক সভার অধিবেশন
অদ্য ৬ই মে ১৮৯৮ শুক্রবার অপরাহ্ন ৫ ঘটিকার সময়।
উপস্থিত
শ্রীযুত বাবু রাধারমন মুন্সী মহাশয়।
" " চন্দ্রকিশোর মুনসী সম্পাদক মহাশয়।
শ্রীযুত রায় কালীকিশোর মুনসী বাহাদুর।
শ্রীযুত বাবু ব্রজকিশোর মৈত্র।
" " কেদারনাথ বাগছী।
" " হরিশচন্দ্র সান্যাল।
" " মুকুন্দমোহন সান্যাল।

১। শ্রীযুত ডিরেক্টার সাহেব বাহাদুরের ২৩ শে মার্চ্চের লিখিত ১৫০০ নং মেমো পাঠ এবং মাসিক ৩৫ পঁয়ত্রিশ টাকা সাহায্য যে মঞ্জুর হইয়াছে উক্ত সম্বন্ধে সাহায্য গ্রহণের দলিল সম্পাদন করিয়া উপস্থিত সভ্যদিগের দ্বারা স্বাক্ষর করাইয়া অবশিষ্ট মেম্বর দিগের স্বাক্ষরের জন্য তাঁহাদিগের নিকট পাঠান হয়।

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

২। [illegible]

৩। [illegible]

[illegible] ৬ই মে ১৮৯৮। [illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

১২৩ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

২। ফোর্থ মাষ্টার যে এক মাসের বিদায় চাহিয়াছেন উক্ত দরখাস্ত অগ্রাহ্য করা হয় এবং তাঁহাকে লেখা হয় যে সাত দিনের মধ্যে যদি তিনি কার্য্যে উপস্থিত না হন তাহা হইলে স্থায়ী ভাবে তাঁহার কার্য্যে দ্বিতীয় বন্দোবস্ত করা হইবে।

৩। ৫ম শিক্ষক শ্রীযুত আবদুল হায়েদ তরপদারের দরখাস্ত এবং ২য় পণ্ডিত শ্রীযুত দ্বারকানাথ চক্রবতীর দরখাস্ত পাঠ করা হইল। এবং সর্ব্ব সম্মতিক্রমে এই রূপ স্থির করা হইল যে শ্রীযুত গিরিধর সাহাকে সাত দিনের সময় দেওয়া গেল ৭ দিনের মধ্যে তিনি কার্য্যে প্রত্যাবর্ত্তন না করিলে শ্রীযুত আবদুল হায়েদ তরপদার কে এই কার্য্যে স্থায়ী ভাবে নিযুক্ত করা হইবে। কিন্তু তিনি কাতর প্রযুক্ত ডাক্তারের সার্টিফিকেট ভিন্ন এক বৎসরের মধ্যে ৭ দিনের অতিরিক্ত অনুপস্থিত হইলে তাঁহার এই কার্য্য থাকিবেক না। শ্রীযুত দ্বারকানাথ চক্রবর্ত্তীর নিজের অভি প্রায় মত উপরোক্ত মত সাত দিনের মধ্যে শ্রীযুত গিরিধর সাহা নিজ কার্য্যে প্রত্যাবর্ত্তন না করিলে ৫ম শিক্ষকের পদে স্থায়ীভাবে নিযুক্ত করা হইবে এবং দ্বিতীয় পণ্ডিতের পদে অপর এক ব্যক্তিকে নোটীশ দ্বারা নিযুক্ত করা হইবে। ইতি সন ১৮৯৮/ ৬ই মে

৬ই মে ১৮৯৮। }
সেরপুর }

শ্রীচন্দ্রকিশোর শর্ম্ম মুনশী
সম্পাদক

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

১। [illegible]

২। [illegible]

৩। [illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর ডায়মণ্ড জুবিলী হাইস্কুলের কার্য্যনির্ব্বাহক সভার অধিবেশন
অদ্য ১৮৯৮/ ৩রা ফেব্রুয়ারী বৃহস্পতিবার অপরাহ্ন ৫ ঘটিকার সময়।

উপস্থিত

শ্রীযুত বাবু চন্দ্র কিশোর মুনসী সম্পাদক
শ্রীযুত রায় কালী কিশোর মুনসী বাহাদুর
শ্রীযুত বাবু ব্রজ কিশোর মৈত্র।
" " কিশোরী মোহন মৈত্র।
" " কেদারনাথ বাগছী।
" " হরিশচন্দ্র সান্যাল।
" " যজ্ঞেশ্বর কুণ্ড।

১। স্কুলের গভর্ণমেন্টের সাহায্য ৩৫ টাকা (মাসিক) দ্বিতীয় আদেশ পর্যন্ত স্থির থাকা সম্বন্ধে ডিরেকটার সাহেব মাজিষ্ট্রেট সাহেবকে এক পত্র লিখিয়াছেন এবং মাজিষ্ট্রেট্ সাহেব ২৫শে জানুয়ারী তারিখের ৯০৪ জে নং মেমো দ্বারা উক্ত বিষয় যে সেক্রেটারী কে জানাইয়াছেন উক্ত পত্র পাঠ করা হইল।

২। পঞ্চম শিক্ষকের কার্য্যে অফিসিয়েটীং পঞ্চম শিক্ষক শ্রীযুত আবুল হায়েদ তরপদার কে স্থায়ী ভাবে এবং দ্বিতীয় পণ্ডিতের পদে শ্রীযুত দ্বারকা নাথ চক্রবর্ত্তীকে স্থায়ীভাবে নিযুক্ত করা যায়।

৩। শ্রীযুত বাবু চন্দ্র কিশোর মুনসী মহাশয় স্কুলের ছাত্র সংখ্যা বৃদ্ধি সম্বন্ধে তাহাদের এজমালী এষ্টেট হইতে অতি দরিদ্র ১৫ জন ছাত্রকে তাহাদের বেতনের অর্ধেক সাহায্য করিবেন এবং হিন্দু ছাত্র কয়েকজনকে থাকার উপযুক্ত বাসস্থান নির্দ্দেস করিয়া দিবেন। তাঁহার এই প্রস্তাব অনুসারে সাধারণকে এই বিষয় নোটীশ দিয়া জানানোর জন্য প্রকাশ্য কয়েক স্থানে নোটীশ দেওয়া হয়।

Dhaka University Institutional Repository

১২৪ব

(মূল দলিলের প্রতিলিপি)

৪। [illegible] মাসের হিসাব, [illegible] পণ্ডিত মহাশয়ের নিকট হইতে [illegible] ২০১৮ [illegible] এবং [illegible] ৭।৷ [illegible] টাকা [illegible] দেওয়া গেল।

৫। ইন্‌স্পেক্টার সাহেবের মন্তব্য অনুসারে স্কুলের বর্তমান সেকেণ্ড মাষ্টার বাবু [illegible] মাসিক বেতন ২, দুই টাকা এবং থার্ড মাষ্টার [illegible] মাসিক বেতন ২, দুই টাকা [illegible] হইল। এবং [illegible] স্কুলের [illegible] হইল। [illegible] মাসিক ৪০, চল্লিশ টাকা [illegible] দিবেন।

মাসিক খরচের তালিকা। [illegible] ১৮৯৭।

১। হেড মাষ্টার - ৫৫

২। সেকেণ্ড মাষ্টার - ৩৫

৩। থার্ড মাষ্টার - ৩০

৪। ফোর্থ মাষ্টার - ১৮

৫। ফিফ্থ মাষ্টার - ১৪

৬। সিক্সথ মাষ্টার - ১১

৭। ড্রইং মাষ্টার - ১২

৮। হেড পণ্ডিত - ২০

৯। সেকেণ্ড পণ্ডিত - ১৫

১০। [illegible] - ১

২১১

শ্রী [illegible]

শ্রী চন্দ্রকিশোর [illegible]

সম্পাদক

Dhaka University Institutional Repository

১২৪ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

৪। পূর্ব মাসের হিসাব দৃষ্টে পূর্বতন সেক্রেটরী শ্রীযুত বাবু ভবানী নাথ চক্রবর্তী মহাশয়ের নিকট হইতে স্কুল তহবিলের দরুন ২০১৸৫ দুইশত এক টাকা সোয়া বার আনা এবং লাইব্রেরীর মজুত তহবিল ৭।।৵১০ সাত টাকা সাড়ে দশ আনা বুঝিয়া পাওয়া গেল।

৫। ইনেস্পকটার সাহেবের মন্তব্য অনুসারে স্কুলের বর্ত্তমান সেকেন্ড মাষ্টার শ্রীযুত বাবু সতীস চন্দ্র সান্যাল মহাশয়ের মাসিক বেতন ২ দুই টাকা এবং বর্তমান থার্ড মাস্টার শ্রীযুত বাবু কৈলাশ চন্দ্র মৈত্রেয় মহাশয়ের মাসিক বেতন ২ দুই টাকা সর্ব্বসম্মতিক্রমে *বর্তমান মাস হইতে* বৃদ্ধি করা গেল। এবং গবর্ণমেন্টের সাহায্য গ্রহণের ফারম পুরণ করার জন্য শিক্ষক দিগের বেতন এবং স্কুলের অন্যান্য ব্যয় নিম্নলিখিত রূপে সর্ব্ব সম্মতিক্রমে অবধারিত হইল। সম্পাদক মহাশয় মাসিক ৪০ চল্লিশ টাকা গবর্ণমেন্ট সাহায্য পাওয়ার প্রার্থণায় রিতিমত ফারম পূরণ করিয়া দিলেন।

মাসিক ব্যয়ের তালিকা। তাং ৯ই মে, ১৮৯৭

১।	হেড় মাষ্টার	-	৫৫
২।	সেকেণ্ড মাষ্টার	-	৩৫
৩।	থার্ড মাষ্টার	-	৩০
৪।	ফোর্থ মাষ্টার	-	১৮
৫।	ফিপথ্ মাষ্টার	-	১৪
৬।	ছিকছ্থ মাষ্টার	-	১১
৭।	ড্রইং মাষ্টার	-	১২
৮।	হেড় পণ্ডিত	-	২০
৯।	সেকেণ্ড পণ্ডিত	-	১৫
১০।	লাইব্রেরী	-	১

২১১ মং দুইশত এগার টাকা মাত্র

ইতি

শ্রীচন্দ্রকিশোর শর্ম্ম মুনশী
সম্পাদক

[*চিহ্নিত মধ্যবর্তী স্থানের লেখা লিপিকর তোলাপাঠ দিয়ে উপরে লিখেছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible] ২২শে [illegible] [illegible]
[illegible] ১৯৩৮ [illegible] ২০শে [illegible]

উপস্থিত —
শ্রীযুক্ত [illegible]
" " [illegible]
শ্রীযুক্ত [illegible]
শ্রীযুক্ত [illegible]
" " [illegible]
" " [illegible]
" " [illegible]

১। [illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible] —

১। [illegible] — ৫৫
২। [illegible] — ৬৫
৩। [illegible] — ৬০
৪। [illegible] — ১৮
৫। [illegible] — ১৪
৬। [illegible] — ১১
৭। [illegible] — ১০
৮। [illegible] — ১৫
৯। [illegible] — ১

[illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর ডায়মণ্ড জুবিলী হাইস্কুলের কার্য্যনির্ব্বাহক সভার

অধিবেশন সন ১৮৯৮/ ২৫শে নবেম্বর শুত্রবার (শুক্রবার) বেলা ৫ ঘটিকা

উপস্থিত

শ্রীযুত বাবু রাধারমণ মুন্সী

" " চন্দ্রকিশোর মুনসী সম্পাদক

শ্রীযুত রায় কালীকিশোর (মুনসী) বাহাদুর

শ্রীযুক্ত বাবু হরিশচন্দ্র সান্যাল

" " দীননাথ সান্যাল

" " কেদারনাথ বাগছি

" " মুকুন্দমোহন সান্যাল

১। স্কুলের সাহায্য যে সময়ের মধ্যে মঞ্জুর হইয়াছিল তাহা প্রায় অতিবাহিত হওয়ায় পুনরায় সাহায্য প্রার্থনা করার নিমিত্ত শ্রীযুত আসিটান্ট ইনস্পেকটার সাহেব বাহাদুরকে লিখিত ৯ ই মবেম্বরের ৪৬১ নং পত্র পঠিত হইল এবং সর্ব্ব সম্মতিক্রমে ইস্কুলের শিক্ষকগণের বেতন ও অন্যান্য খরচ নিম্ন হিসাব মত অবধারণ করা হইল : -

১।	হেড্ মাষ্টার	-	৫৫
২।	সেকেন্ড মাষ্টার	-	৩৫
৩।	থার্ড মাষ্টার	-	৩০
৪।	ফোর্থ মাষ্টার	-	১৮
৫।	ফিপথ্ মাষ্টার	-	১৪
৬।	ছিকছথ মাষ্টার	-	১১
৭।	হেড পণ্ডিত	-	২০
৮।	সেকেণ্ড পণ্ডিত	-	১৫
৯।	লাইব্রেরী	-	১
			১৯৯

মং একশত নিরানব্বই টাকা মাত্র

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

২। [illegible]

৩। [illegible]

৪। [illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

১২৫ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

২। স্কুলের আর্থিক অবস্থা উন্নত হইয়াছে জন্য শিক্ষক মহাশয় গণ বেতন বৃদ্ধির প্রার্থনা করিয়াছেন। কিন্তু ১৮৯৬ সনের নবেম্বর মাস হইতে ১৮৯৮ সনের নবেম্বর মাস পর্যন্ত স্কুলের ছাত্র বেতনের আদায়ের অবস্থা দেখা গেল তাহাতে *আর্থিক উন্নতী হয় নাই। স্কুলের বর্ত্তমান ব্যয় নির্ব্বাহক মুনসী বাবুগণ যখন স্কুলের ভার গ্রহণ করেন তখন তাঁহাদিগকে যত টাকা দিতে হইত মিউনীসিপালীটীর মাসিক ৪০ চল্লিশ টাকা* সাহায্য এখন না থাকায় অনেক অধিক টাকা তাঁহাদিগকে দিতে হইতেছে জন্য এক্ষণে শিক্ষক মহাশয়দিগের বেতন বৃদ্ধি কি নূতন শিক্ষক নিযুক্ত করা *সম্প্রতি স্থগিত করা গেল।

৩। স্কুলের মেম্বরদিগের মধ্যে শ্রীযুত বাবু কৃষ্ণ নাথ মজুমদার ও শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র তরপদার ও শ্রীযুক্ত বাবু ব্রজনাথ সান্যাল মহাশয়দিগের অভাব হওয়ায় ও শ্রীযুত বাবু মুকুন্দ নারায়ণ মুনসী মহাশয় বহুদিন স্থানান্তর থাকায় তাঁহাদিগের স্থানে স্কুলের মেম্বার শ্রীযুত বাবু আনন্দ কিশোর তরপদার ও শ্রীযুত বাবু প্রমথ চন্দ্র মুনসী ও শ্রীযুত মুসী কোরবান উল্লা ও শ্রীযুত বাবু গোপাল চন্দ্র সান্যাল মহাশয়দিগকে মেম্বর নিযুক্ত করা হইল।

৪। মাসিক ৪০ চল্লিশ টাকা হিসাবে গভর্ণমেন্টের সাহায্য পাওয়ার প্রার্থনা করিয়া উপরোক্ত হারে ফারম পূরণ করিয়া দিয়া সেক্রেটারী মহাশয় সাহায্যের দরখাস্ত করিবেন।

২৫শে নবেম্ভর
১৮৯৮

শ্রীচন্দ্র কিশোর শর্ম্ম মুনশী
সম্পাদক

[*চিহ্নিত স্থান সমূহে ভুল সংশোধন করে সম্পাদক নিজে স্বাক্ষর করেছেন]

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

[illegible]

[illegible]

১। [illegible]

২। [illegible]

৩। [illegible]

Dhaka University Institutional Repository

১২৬ ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর ডায়মণ্ড জুবিলী স্কুলের কার্য্যনির্ব্বাহক সভার অধিবেশন
সন ১৮৯৯/ ১৯শে মে বেলা ৫ ঘটিকা-শুক্রবার।

উপস্থিত

শ্রীযুত বাবু রাধা রমণ মুন্সী
শ্রীযুত বাবু চন্দ্র কিশোর মুন্সী সম্পাদক
শ্রীযুত রায় কালী কিশোর (মুন্সী) বাহাদুর
শ্রীযুক্ত বাবু প্রমথ নাথ মুনসী
" " হরিশ চন্দ্র সান্যাল
" " ব্রজ কিশোর মৈত্র
" " কেদার নাথ বাগছি

১। বিগত ৭ই এপ্রেলের লিখিত ডিরেকটার আপিসের ২৭২৬নং চিঠি পাঠ করা হইল এবং স্কুলের অবস্থা কোন রূপেই খারাপ পরিলক্ষিত না হওয়ায় এবং পরিদর্শকদিগের দ্বারা স্কুলের অবস্থা মন্দ ঐরূপ মন্তব্য না লিখিত হওয়া স্বত্যেও স্কুলের সাহায্য ৫ পাঁচ টাকা কম করা বিষয়ে সমস্ত মেম্বরের দস্তখতি এক আবেদন ডিরেকটার সাহেবের নিকট প্রেরণ করার প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহিত হইল।

২। স্কুলের ভিন্ন ভিন্ন শ্রেণীর ছাত্র বেতনের হার পরিবর্ত্তর করার প্রস্তাব সম্প্রতিক স্থগিত রাখা হইল

৩। ১৮৯৭ সনের ৯ই মে তারিখের রিজলিউসন অনুসারে একজন ড্রইং মাষ্টার এতাবৎ কাল আবশ্যক বোধ না থাকায় নিযুক্ত করা হয় নাই। শ্রীযুত ডেপুটী ইনস্পেকটার সাহেব বিবেচনা করেন এখানে পার্শি শিক্ষার জন্য একজন মৌলবী আনিলে মুসলমান ছাত্র সংখ্যা বৃদ্ধি

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

৪। [illegible]

৫। [illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

১২৬ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

পাইতে পারে জন্য ড্রইং মাষ্টারের পরিবর্তে সম্প্রতিক
তিন মাসের জন্য ইংরেজী অথবা বাঙ্গালাও জানা একজন
মৌলবী মাসিক ১০ দশটাকা বেতনে নিযুক্ত হউক।
পার্শি শিক্ষা ব্যতিত উক্ত শিক্ষক দ্বারা নিম্ন শ্রেণীর
ইংরেজী অথবা বাঙ্গলা পড়ান চলিবেক। যদি পার্শি
পড়ার সুবন্দোবস্ত হওয়ার জন্য অন্ততঃ ১০ টি ছাত্র
বৃদ্ধি পায় তাহা হইলে উক্ত শিক্ষককে উক্ত পদে
স্থায়ী করা যাবেক।

৪। স্কুলের টুল টেবিল ম্যাপ প্রভৃতি সম্বন্ধে কোন
অভাব আছে কি না এবং ছাত্র সংখ্যা কিরূপে বৃদ্ধি
পাইতে পারে তাহা বিবেচনা করার জন্য শ্রীযুত বাবু
প্রথমনাথ মুন্সী মহাশয়ের উপর ভার দেওয়া হয়।
তাঁহার এ সম্বন্ধে রিপোর্ট সেক্রেটারীর নিকট পোহুঁছিলে
যে যে অভাব আছে তাহা পূরণ করিয়া দেওয়া হইবে স্থিরিকৃত
হয়।

৫। শ্রীযুত বাবু শ্যামাকিশোর চক্রবর্ত্তী হেড মাষ্টার মহাশয়
প্রতি মাসে অন্ততঃ একবার প্রত্যেক শ্রেণী পরিদর্শণ করিয়া
তাঁহার মন্তব্য প্রকাশ করেন এবং মধ্যে মধ্যে স্কুল
পরিদর্শন এবং স্কুলের উন্নতীকল্পে বিশেষ বিবেচনা
করার জন্য নিম্নলিখিত মেম্বরদিগের দ্বারা
একটী সাবকমিটী গঠিত হইল-
শ্রীযুত রায় কালীকিশোর মুন্সী বাহাদুর
শ্রীযুত বাবু প্রমথনাথ মুন্সী
" " বাবু কেদারনাথ বাগছি
শ্রীযুত মুন্সী কোরবানউল্লা

১৯শে মে
১৮৯৯

শ্রীচন্দ্রকিশোর শর্ম্ম
মুনশী
সম্পাদক

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]
[illegible]

উপস্থিত—

[illegible]
" " [illegible]
[illegible]
[illegible]
" " [illegible]
" " [illegible]
" " [illegible]
" " [illegible]

১। [illegible]

২। [illegible]

Dhaka University Institutional Repository

১২৭ ক

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর ডায়মণ্ড জুবিলী হাইস্কুলের অধিবেশন ১৬ই জুন/১৮৯৯
শুক্রবার অপরাহ্ন ৫ ঘটিকা ।

উপস্থিত

শ্রীযুত বাবু রাধারমণ মুন্সী
"   " চন্দ্রকিশোর মুন্সী সম্পাদক
শ্রীযুত রায় কালীকিশোর মুন্সী বাহাদুর
শ্রীযুত বাবু প্রমথনাথ মুন্সী
"   " হরিশচন্দ্র সান্যাল
"   " ব্রজকিশোর মৈত্র
"   " কেদারনাথ বাগছি

১। সেকেণ্ড মাষ্টার শ্রীযুত বাবু সতীশচন্দ্র সান্যাল মহাশয়ের বিদায়ের আবেদন পাঠ করা হইল এবং সর্ব্ব সম্মতিক্রমে বিনা বেতনে ৬ মাস ১২ দিনের বিদায় দেওয়া হইল। থার্ড মাষ্টার শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র মৈত্র মহাশয়কে ঐ পদে ঐ কালের জন্য নিযুক্ত করা হইল। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের একজন গ্রাজুয়েটকে তৃতীয় শিক্ষকের পদে ৩০ ত্রিশ টাকা মাসিক বেতনে *৬ মাসের জন্য নিযুক্ত করা সম্বন্ধে ষ্টেট্সম্যান ও এডুকেশন গেজেটে বিজ্ঞাপন দেওয়া হয়; ৩০শে জুন মধ্যে যাহাতে কর্ম্ম প্রার্থীগণের দরখাস্ত সেক্রেটরীর নিকট পোহুঁছে সেই মধ্যে নোটীশ দেওয়া হয়।

২। ডেপুটী ইনস্পেকটার সাহেবের গত ১৩ই জুন তারিখের স্কুল পরিদর্শনের মন্তব্য পাঠ করা হয় এবং কোন শিক্ষক কর্তৃক কোন ক্লাশের কোন বিষয়ের পড়া রীতিমত যদি পরিচালিত না হয় তবে হেডমাষ্টার মহাশয় তৎবিষয়ের একটি রিপোর্ট সেক্রেটারীর নিকট করার প্রস্তাব গৃহিত হয়।

[*লিপিকর '৬মাসের জন্য' তোলাপাঠ দিয়ে উপরে লিখেছেন]

Dhaka University Institutional Repository

১২৭খ

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

৩। [illegible]

৪। [illegible]

[illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

১২৭ খ

(প্রতিবর্ণীকৃত পাঠ)

গত ১৯শে মে তারিখের রিজোলিউসন এবং বর্ত্তমান রিজোলিউসন অনুযায়ী হেডমাষ্টার মহাশয়কে সেক্রেটারী একপত্র লিখিবেন। সেই পত্রে মার্ম্মানুসারে হেড্ মাষ্টার মহাশয়ের রিপোর্ট সেক্রেটরীর নিকট পৌহুঁছিলে শিক্ষকদিগের কার্য্যকারিতা সম্বন্ধে কমিটী বিবেচনা করিবেন।

৩। ডেপুটী ইনস্পেকটার সাহেবের বিবেচনা মত পার্শি শিক্ষার মৌলবীর বেতন মাসিক ১০ দশ টাকা স্থলে ১২ বার টাকা স্থির করা হয় এবং উক্ত মৌলবী মনোনীত করার জন্য ডেপুটী ইনস্পেকটার সাহেবকে একপত্র লেখা হয়।

৪। গত কমিটীর রিজোলিউসন অনুসারে শ্রীযুত মুন্সী কোরবান উল্লা সাবরেজেষ্টার সাহেবকে মাসের মধ্যে অন্ততঃ একদিন স্কুল পরিদর্শনের জন্য লেখা যায়। প্রাইজ বুক যাহা আসিয়াছে তাহা কোন্ কোন্ ক্লাশে কিরূপভাবে বিতরিত হইবে তাহা নির্দ্ধারণের ভার শ্রীযুত রায় কালী কিশোর মুন্সী বাহাদুর ও শ্রীযুত বাবু শ্যামা কিশোর চক্রবর্ত্তী হেডমাষ্টার মহাশয়ের উপর ভার দেওয়া হয় ইতি

১৬শে জুন
১৮৯৯

শ্রীচন্দ্র কিশোর শর্ম্ম মুনশী
সম্পাদক

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

শেরপুর ডায়মন্ড জুবিলী উচ্চ ইংরাজী স্কুল কমিটির অধিবেশন। তারিখ ৩রা অক্টোবর ৯৭ এর শনিবার। অপরাহ্নে
উপস্থিত।

শ্রীযুক্ত বাবু চন্দ্রকিশোর মজুমদার — সম্পাদক
” ” ব্রজকিশোর সেন
” রায় কালীকিশোর মজুমদার বাহাদুর
” বাবু দীননাথ সান্যাল
” ” প্রমথচন্দ্র মজুমদার
” ” হরিশ্চন্দ্র সান্যাল
” মুনসী কোরবান উদ্দীন তালুকদার
সভ্যগণ।

১। শ্রীযুক্ত ইন্সপেক্টর সাহেব বাহাদুর বিগত ১৮ই সেপ্টেম্বর তারিখে স্কুল পরিদর্শন করিয়া যে মন্তব্য লিপিবদ্ধ করিয়াছেন, তাহা পাঠ করা হইল। "ভূগোল, ইতিহাস, বীজগণিত শিক্ষা ভাল হয় নাই" তিনি লিখিয়াছেন। এবং ইংরাজী শিক্ষা সম্বন্ধেও তিনি অসন্তোষ প্রকাশ করিয়াছেন। শ্রীযুক্ত হেড মাষ্টার মহাশয়কে অনুরোধ করা যায় যে যে যে বিষয়ে শিক্ষার ত্রুটী থাকে তাহা সংশোধন করিতে তিনি চেষ্টা করিবেন, এবং আসিষ্টান্ট ইন্সপেক্টর মহোদয় যখন স্কুল পরিদর্শন করিবেন, তখন শিক্ষা সম্বন্ধে মন্তব্য সন্তোষজনক হওয়া বাঞ্ছনীয়। স্থির।

২। মৌলবী মহম্মদ উমর স্কুলে উপস্থিত হইতেছেন না। তাঁহাকে যে সময় দেওয়া হইয়াছিল তাহা অতীত হইয়াছে। অতএব পূজার বন্ধের পর, আবশ্যক বোধ হইলে, মৌলবী সম্বন্ধে নূতন বন্দোবস্ত করা হইবেক।

৩। হিসাব পরিদর্শন করা হইল। স্থির।

শ্রী চন্দ্রকিশোর মজুমদার

৬।১০।৯৭।

সম্পাদক।

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর ডায়মণ্ড জুবিলী উচ্চ ইংরাজী স্কুল কমিটীর অধিবেশন। তারিখ ৬ই অক্টোবর সন ১৮৯৯/অপরাহ্ন

উপস্থিত

শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী-সম্পাদক
" " ব্রজ কিশোর মৈত্র
" রায় কালী কিশোর মুনসী বাহাদুর
" বাবু দীন নাথ সান্যাল
" " প্রমথ চন্দ্র মুনসী
" " হরিশ্চন্দ্র সান্যাল
" মুন্সী কোর্বান উল্লা তালুকদার

সভ্যগণ।

১। শ্রীযুক্ত ইন্স্পেকটর সাহেব বাহাদুর বিগত ১৮ই সেপ্টেম্বর তরিখে স্কুল পরিদর্শন করিয়া যে মন্তব্য লিপিবদ্ধ করিয়াছেন, তাহা পাঠ করা হইল। "ভূগোল, ইতিহাস, বীজগণিত শিক্ষা ভাল হয় নাই"- তিনি লিখিয়াছেন। এবং ইংরাজী শিক্ষা সম্বন্ধেও তিনি অসন্তোষ প্রকাশ করিয়াছেন। শ্রীযুক্ত হেডমাষ্টার মহাশয়কে অনুরোধ করা যায় যে, যে যে বিষয়ে শিক্ষার ক্রটী থাকে তাহা সংশোধন করিতে তিনি চেষ্টা করিবেন। এবং আসিষ্টান্ট্ ইন্স্পেক্টর মহোদয় যখন স্কুল পরিদর্শন করিবেন, তখন, শিক্ষা সম্বন্ধে মন্তব্য সন্তোষজনক হওয়া বাঞ্ছনীয়। ইতি

২। মৌলবী মহম্মদ উল্লা স্কুলে উপস্থিত হইতেছেন না। তাঁহাকে যে সময় দেওয়া হইয়াছিল, তাহা অতীত হইয়াছে। অতএব পূজার বন্ধের পর আবশ্যক বোধ হইলে, মৌলবী সম্বন্ধে নূতন বন্দোবস্ত করা হবেক।

৩। হিসাব পরিদর্শন করা হইল ইতি

শ্রীচন্দ্র কিশোর শর্ম্ম মুনশী
সম্পাদক।

৬/১০/৯৯

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

[illegible]

১। [illegible]

২। [illegible]

৩। [illegible]

৪। [illegible]

৫। [illegible]

৬। [illegible]

৭। [illegible]

Dhaka University Institutional Repository

(প্রতিবর্ণীকৃত পাঠ)

সেরপুর ডায়মণ্ড জুবিলী উচ্চ ইংরেজী স্কুল কমিটির অধিবেশন
তারিখ ১৮ই জানুয়ারী ১৯০০ অপরাহ্ণ

উপস্থিত

শ্রীযুক্ত বাবু চন্দ্র কিশোর মুনসী — সম্পাদক
" " ব্রজ কিশোর মৈত্র
" রায় কালী কিশোর মুনসী বাহাদুর
" " গোপাল চন্দ্র সান্যাল
" " হরিশ চন্দ্র সান্যাল
" " যজ্ঞেশ্বর কুণ্ড

সভ্যগণ

১। শ্রীযুত সতীশ চন্দ্র সান্যাল হেকেণ্ড মাষ্টার মহাশয়ের বিদায়ের কাল পূর্ণ হওয়া স্বত্ত্বেও তিনি উপস্থিত না হওয়ায় তৎপদে শ্রীযুত কৈলাস চন্দ্র মৈত্র মহাশয় অস্থায়ী ভাবে নিযুক্ত আছেন। আগামী বার্ষিক পরীক্ষার ফল দৃষ্টে ঐ পদের স্থায়ী বন্দোবস্ত করা যাইবে। ইতি

২। শ্রীযুত লাল মোহন ভট্টাচার্য্য থার্ড মাষ্টার মহাশয় আগামী ১৪ই ফেব্রুয়ারী পর্য্যন্ত বিদায় আছেন। তিনি সম্প্রতি অস্থায়ী ভাবে নিযুক্ত থাকায় উক্ত পদে ও দ্বিতীয় শিক্ষকের পদের পাক বন্দোবস্ত একত্রে করা যাইবে। ইতি

৩। ১৯শে জানুয়ারী হইতে লাগায়েদ ১৪ই ফেব্রুয়ারী পর্যন্ত অথবা দ্বিতীয় আদেশ পর্য্যন্ত চতুর্থ শিক্ষক তৃতীয় শিক্ষকের পদে ও পঞ্চম শিক্ষক চতুর্থ শিক্ষকের পদে ও ষষ্ঠ শিক্ষক পঞ্চম শিক্ষকের পদের কার্য্য করিবেন। এবং ডেহমাষ্টার মহাশয় ষষ্ঠ শিক্ষকের পদে একজন উপযুক্ত লোক মনোনীত করিবেন ও সম্পাদককে জানাইবেন। ইতি

৪ আগামী প্রবেশিকা পরীক্ষার জন্য বাছনি পরীক্ষার ফলদৃষ্ট করা হইল। ৪ জন ছাত্র পরীক্ষা দিয়াছে। এবং তাহারা সকলেই উত্তীর্ণ হইয়াছে কিন্তু ফল তত সন্তোষজনক নহে। ইতি

৫। বিগত ডিসেম্বর মাস পর্য্যন্তের হিসাব পরিদর্শন করা হইল হিসাব রীতিমত পরিষ্কার আছে। ইতি

৬। ঝঞ্ঝাবাতের দিন আগত প্রায় স্কুলের দুই ঘরে খুঁটি সত্ত্বরে দেওয়া হয়। এবং স্কুলের ক্লক ও পেটা ঘড়ি ভাঙ্গিয়াছে। নূতন ঘড়ি দেওয়া উচিত। ইতি

৭। ছাত্র সংখ্যা মাত্র ৯০টী দেখা গেল শেশন আরম্ভ হইলে ছাত্র সংখ্যা বৃদ্ধির আশা করা যায়। ইতি

শ্রীচন্দ্র কিশোর শর্ম্ম মুনশী
সম্পাদক

Dhaka University Institutional Repository

(মূল দলিলের প্রতিলিপি)

পিয়ার মামুদ (৩৮ খ) : মেঘাগাছা গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৪৮ খিষ্টাব্দের একটি দরপত্তনি তালুকনামার সাক্ষী ছিলেন।

ফএজদ্দীন মুনসী (মোক্তার) (৯০ খ) : ইনি পেশায় সম্ভবত একজন মোক্তার ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

ফকিরচন্দ্র সরকার (৫৯ খ) : বানীয়াল গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে ইনি জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

ফজু মিস্ত্রী (২৯) : ইনি বগুড়া জেলার অন্তর্গত বারপুরের বাসিন্দা ছিলেন। আতি মিস্ত্রী, জবানী মিস্ত্রী ও কারু মিস্ত্রীর সহযোগে ইনি ১৮৬৫ খিষ্টাব্দে একটি রাস্তা সংস্কারের কন্‌টাক্ট নিয়েছিলেন।

ফতু চকিদার (৪৩) : আচলাই নিবাসী একজন দরিদ্র ব্যক্তি। সম্ভবত ইনি পেশায় চকিদার ছিলেন। ১৮৪৯ খ্রিষ্টাব্দের একটি করজখতপত্রে ইনি একজন সাক্ষী ছিলেন।

ফয়েজন্নেছা বিবি চৌধুরানী (শৈয়দানী) (৭৫ ক) : ইনি মৌলবি মনীরুদ্দীনের কন্যা ছিলেন। বগুড়ার অন্যতম মুসলিম জমিদার শৈয়দ জয়গমজ্জমা চৌধুরী ১২৫৭ সালের (১৮৫০ খ্রি:) ৭ শ্রাবণ ৩০ হাজার টাকা দেনমোহরে ফয়েজন্নেছাকে বিয়ে করেন।

ফরখন্দা বিবি (১৯,২৩) : ইনি বগুড়া জেলার মেহমানসাহী পরগনার একজন সম্ভ্রান্ত মুসলিম মহিলা ছিলেন। তিনি লাখেরাজ সম্পত্তির মালিক ছিলেন। তিনি ১৮৪৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

ফারু প্যাদা (৯০ খ) : ইনি বগুড়ায় মালতীনগরের বাসিন্দা ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি কিস্তীবন্দীপত্রের ইনি একজন সাক্ষী ছিলেন।

ফেলা পাইক (৮৪ খ) : বগুড়া জেলার শেরপুর থানার উলিপুর গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি একরারপত্রের সাক্ষী ছিলেন।

ফৌজদারিয়া পাইক (১০২) : বগুড়ার খাট্টা পরগনাধীন দুবচেছয়া (দুপচেচিয়া) গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি করজখতপত্রের একজন সাক্ষী ছিলেন।

বড়ু মোল্লা (৩,৭২) : ইনি বগুড়া জেলার শেরপুর নিবাসী একজন দলিল লেখক। বড়ু মোল্লা মধ্যবিত্ত শ্রেণীর লোক ছিলেন। তিনি ১৮৬১ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

বাকেরমামুদ সরকার (৭১ খ) : ইনি বগুড়া জেলার রায়মাজিড়া গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

বাদাম বেওা (৩) : অর্থলগ্নী করার (মহাজনী) ব্যবসায় নিয়জিত সম্ভ্রান্ত মহিলা। বগুড়া জেলার শেরপুরের অধিবাসী এই মহিলা ১৮৬১ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

বাদুল্ল চকীদার (৭) : ইনি গুপীনগঞ্জ গ্রামের অধিবাসী ছিলেন। ৪০ বছর বয়সী 'বাদুল্ল চকীদার' পেশায় চাকুরিজীবী ছিলেন। তিনি ১৮৪৭ খ্রিষ্টাব্দের একটি মোক্তারনামার সাক্ষী ছিলেন।

বেকু নষ্য (৩৮ খ) : চকরত্নেশ্বর গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি পত্তনী তালুকনামার সাক্ষী ছিলেন।

ভিকা সরদার (৬২) : ইনি বগুড়া জেলার শেলবর্ষ পরগনাধীন দেহড় গ্রামের অধিবাসী ছিলেন। তার পিতার নাম আরিব সরদার। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

মকম্বল সরকার (শেক) (৬৩) : ইনি হেয়াতপুর গ্রামে বাস করতেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি দরপত্তনীনামার ইনি একজন সাক্ষী ছিলেন।

মখমল সরদার (৬০) : একজন পত্তনি তালুকদার ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

মছল্য মণ্ডল (৭৮) : ইনি চালীতাবাড়ী গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

ময়মনন্নেছা চৌধুরানী (১০৮ ক) : বগুড়ার অন্যতম চৌধুরী পরিবারের সন্তান। বগুড়ার প্রতাপবাজু পরগনাধীন জাঙ্গীরাবাদ অঞ্চলে এনার জমিদারী ছিল। ১৮৫০ খ্রিষ্টাব্দে ইনি বেঁচে ছিলেন।

ময়না (৬৫) : বগুড়া জেলার শেরপুর শহরের ত্রিকুটটোলা নিবাসী খোদাবকস্ এর দ্বিতীয় স্ত্রী ছিলেন। খোদাবকস্ এই মহিলাকে তার কুচরিত্র দোষে তালাক দেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

মরু দপথরি (৫৫) : ইনি বগুড়া জেলার শেলবর্ষ পরগনাধীন সুতরাপুর গ্রামের বাসিন্দা ছিলেন। সম্ভবত 'দপ্তরীগিরি'এই লোকের পেশা ছিল।

Dhaka University Institutional Repository

মলাম পসারী (৯৬ খ) : ইনি পেশায় সম্ভবত একজন দোকানী ছিলেন। বগুড়া জেলার ঠনঠনিয়ায় তাঁর বসবাস ছিল। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দের একটি পত্তনি তালুক পট্টকের একজন সাক্ষী ছিলেন।

মহবুবন্নেছা চৌধুরানী (শৈয়দানী) (১০০) : বগুড়া জেলার শেলবর্ষ পরগনাধীন পাকৈড় গ্রামের সম্ভ্রান্ত মহিলা জমিদার ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে তার ভ্রাতা এবং কার্যকারক (তার অধীনে কর্মরত) শৈয়দ নুর আলী চৌধুরীর মারফত কৃষ্ণনাথ গুহ বক্শীর নিকট থেকে ৭০০ টাকা ধার নিয়ে ছিলেন।

মহম্মদ উল্লা (মৌলবী) (১২৮) : ইনি ১৮৯৯ খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে হাইস্কুলের ধর্ম শিক্ষক ছিলেন।

মির বক্স নস্য (৫৯ খ) : বানীয়াইল গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি জমি বিক্রয় খোসকবলাপত্রের একজন সাক্ষী ছিলেন।

মুনা বিবি (৬৫) : ইনি বগুড়া জেলার শেরপুর শহরের ত্রিকুটটোলা মহল্লা নিবাসী খোদাবক্স-এর প্রথম স্ত্রী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

রছুল মামুদ মন্ডল (৫০) : কুন্দেস গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি করজখতপত্রের ইনি একজন সাক্ষী ছিলেন।

রজবুল্যা সরদার (৩২) : ইনি বগুড়া জেলার শেরপুর থানার উলিপুরের বাসিন্দা ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

রহিম উদ্দীন আকন্দ (১১৩) : ইনি বগুড়া জেলার গাবতলী থানার মহিষাবান গ্রামের একজন সম্ভ্রান্ত মুসলমান। ১৮৮৭ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

রহিমুল্লা সাহা (মৃত) (৭৬) : ইনি বগুড়ার ঠনঠনিয়া নিবাসী পরিপা বিবির স্বামী ছিলেন।

রাহুল সরদার (৯৭) : ইনি বগুড়া জেলার চোপীনগর গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

Dhaka University Institutional Repository

রূপাই মন্ডল (৭০ খ) : বগুড়া জেলার ঢাকস্তা গ্রামের বাসিন্দা ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

রোমা খাঁ (৬৭ খ) : ইনি বেটখৈর গ্রামের বাসিন্দা ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দের একটি হেবানামায় ইনি একজন সাক্ষী ছিলেন।

লঙ্গ সরদার (৯২) : ইনি বগুড়া জেলার শেলবর্ষ পরগনার দসটীকা গ্রামের বাসিন্দা ছিলেন। ১৮৫০ খিষ্টাব্দে একটি করজখতপত্রের ইনি একজন সাক্ষী ছিলেন।

রজীয়ন্নেছা চৌধুরানী (১০৮ ক) : ইনি বগুড়া জেলার অন্যতম সম্ভ্রান্ত মুসলিম মহিলা জমিদার। বগুড়া জেলার প্রতাপবাজু পরগনাধীন ডিহি জাঙ্গীরাবাদ অঞ্চল এনার জমিদারীভুক্ত ছিল। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

লতিপ প্রাং (লতিফ প্রামানিক) (৫৪) : ইনি কাসুন্দা গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি ভূমীবিক্রয়কবলাপত্রে ইনি একজন সাক্ষী ছিলেন।

লতীফন বিবি চৌধুরানী (৫৫) : ইনি বগুড়া জেলার শেলবর্ষ পরগনার আটআনা হিস্যার একজন সম্ভ্রান্ত মুসলমান মহিলা জমিদার ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

রফিক খলীফা (৩৩, ৫৭) : ইনি আএড়া গ্রামের অধিবাসী ছিলেন। পেশায় একজন পোশাক প্রস্তুতকারী ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি মালজামিনীপত্রের সাক্ষী ছিলেন।

রমজান খাঁ (৩৪) ইনি বগুড়া জেলার শেরপুর থানার অন্তর্গত ভবানীপুর গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে একটি বায়নানামার সাক্ষী ছিলেন।

রহমতউল্যা সরকার (৫২, ৫৩) : ইনি কুমরৌল গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি মিরাস জোত পট্টকপত্রের সাক্ষী ছিলেন।

Dhaka University Institutional Repository

রোসনা প্যাদা (৪০) : ইনি বগুড়া জেলার শেরপুর থানাধীন উলীপুর গ্রামের অধিবাসী ছিলেন। উনার পূর্ব পুরুষ সম্ভবত পিয়াদা ছিল। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

লতীফ সরকার (৩৮ খ) : ইনি পেশায় মোক্তার ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

শফরদ্দি প্যাদা (৮৯) : ইনি বগুড়ার নন্দন গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি করজখতপত্রের একজন সাক্ষী ছিলেন।

শমজদি মণ্ডল (শামস্উদ্দীন) (৫০) : ইনি বগুড়া জেলার শেরপুর থানাধীন শিবপুর গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

শামশ প্রামানীক (৫) : ইনি লাট ইনাইতপুরের অন্তর্গত মিরপুর গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৭ খ্রিষ্টাব্দের একটি জমিদারী পত্তনী দলিলের সাক্ষী ছিলেন।

শাদি খানশামা (৭৫ খ) : ইনি বগুড়ার সুতরাপুরের বাসিন্দা ছিলেন। এই ব্যক্তি বগুড়ার সম্ভ্রান্ত জমিদার জয়গমজ্জমা চৌধুরীর একজন খানসামা ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি ডিক্রিবিক্রি কবলাপত্রের একজন সাক্ষী ছিলেন।

শাদী চৌকীদার (১৮) : বগুড়া জেলার শেরপুর থানার অধিবাসী ছিলেন। ইনি ১৮৩৬ সালের একটি ভূমি বেদখল অভিযোগনামার একজন সাক্ষী ছিলেন।

শুকুর মামুদ (৪৭) : বগুড়া জেলার বিন্দাবনপাড়ার অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি মালজামিনী পত্রের সাক্ষী ছিলেন।

সফরূ শেখ (৬১ খ) : পোড়াবাড়ী গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৪ খ্রিষ্টাব্দের একটি হেবানামায় ইনি একজন সাক্ষী ছিলেন।

সরিতুল্যা সরদার (শরিয়তুল্লাহ) (৪৮) : ইনি বগুড়া নিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি করজখত পত্রের সাক্ষী ছিলেন।

Dhaka University Institutional Repository

সরিতুল্যা নস্য (৪১, ৭৪) : বগুড়ার নিশিন্দারা গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

সাকাতুল্যা মণ্ডল (৭) : দিনাজপুর জেলার ঘোড়াঘাট পরগনার অন্তর্গত হোপ গ্রামে অধিবাসী 'সাকাতুল্যা' মণ্ডল একজন মধ্যবিত্ত ঋণগ্রস্ত মুসলমান ছিলেন। তিনি ১৯৪৭ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

সাতকড়ি মণ্ডল (৬) : একজন ঋণগ্রস্থ ব্যক্তি ছিলেন। ঋণের দায়ে তিনি তার পিতামহ কর্তৃক খননকৃত 'পুস্কর্ন্নী' (পুকুর) বিক্রি করে দেন। তিনি ১৮৪৭ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

সোনাউল্যা মণ্ডল (৬) : ইনি বগুড়া জেলার পরগনা আলিগাও এর অন্তর্ভুক্ত সিলিমপুর গ্রামের অধিবাসী ছিলেন এবং ১৮৪৭ খ্রিষ্টাব্দে একটি 'পুস্কর্নি' বিক্রির দলিলে সাক্ষী ছিলেন।

সোমতউল্যা বকসী (১) : ব্যাঙ্ক সেয়ারক্রেতা সম্পদশালী ব্যক্তি। এইব্যক্তি (১০১ সংখ্যক দলিল অনুযায়ী) ১৮৫০ খ্রিষ্টাব্দে 'উলিএমছ পেটর' নামের এক ইংরেজ মহাজনের আমলা হিসাবে কর্ম্মরত ছিলেন।

সোহাগাত সাবীদার (১০২) : বগুড়ার দুরচেছয়া (দুপচেঁচিয়া) গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

হযরত সাহা (৭৬) : ইনি বগুড়ার ঠনঠনিয়া নিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি ভূমিবিক্রয় পত্রের ইনি একজন সাক্ষী ছিলেন। .

হবু সরকার (১০৬) : বগুড়া জেলার শেরপুর থানায় অন্তর্গত শিবপুর গ্রামের বাসিন্দা ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি করজখতপত্রের একজন সাক্ষী ছিলেন।

Dhaka University Institutional Repository

হাএদর খাঁ সরদার (১০৪) : বগুড়ার দুবচেছয়ার (দুবচেচিয়া) অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

হাটু প্রামানিক (৩৯) : ইনি জগনাথপুর (জগন্নাথপুর) গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি খোশ কবলাপত্রের সাক্ষী ছিলেন।

হেয়াত মামুদ বরকন্দাজ (১০৩) : বগুড়া জেলার শেরপুর থানাধীন ফুলবাড়ি গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি করজখতপত্রের একজন সাক্ষী ছিলেন।

(খ) হিন্দু নাম :

অক্ষয়লাল সাহা (১১৭) : ১৮৯৬ খ্রিষ্টাব্দে শেরপুর (বগুড়া) ডি,জে হাইস্কুলের চতুর্থ শ্রেণীর (বর্তমান সপ্তম) ছাত্র ছিলেন। অসুস্থতার কারনে পরীক্ষায় খারাপ করায় তিনি একই শ্রেণীতে দু'বছর অধ্যয়ন করেছেন এবং পরবর্তীতে বিশেষ বিবেচনায় তাকে তৃতীয় শ্রেণীতে (বর্তমান অষ্টম) প্রমোশন দেওয়া হয়।

অজজুন সরদার (৫৮) : পরগনা ফতেজঙ্গপুরের শীমীলা গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি জমি জড়খরিদাপত্রের সাক্ষী ছিলেন।

আদিতরামশাহা পাইকাড় (৪৪) : ইনি বগুড়া জেলার শেলবর্ষ পরগনাধীন গওগ্রাম নিবাসী ছিলেন। পাইকাড়ি ব্যবসা করতেন। মহাজন 'প্রশন্নকুমার' ঠাকুরের নিকট হতে বাঁকিতে মালামাল নিতেন। তেমনি একটি বাকি পরিশোধ করতে ইনি ও এনার পুত্র রাধানাথ শাহা ১৮৪৮ খ্রিষ্টাব্দে একটি কিস্তিবন্দীপত্র লিখে দিয়েছেন এবং ৬ কিস্তিতে তার বকেয়া টাকা পরিশোধ করেছেন।

আনন্দ কিশোর তরপদার (১২৫) : শেরপুর ডি,জে হাইস্কুলের পরিচালনা পরিষদের একজন সদস্য ছিলেন। ১৮৯৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

আনন্দনাথচৌধুরী (১০৭) : সমাজের একজন বিত্তশালী লোক ছিলেন। এনার সম্ভবত মহাজনী কারবার ছিল। ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

আহ্লাদমুনী দাস্যা (৬১ক) : 'মুরশীদাবাদের' অন্তর্গত ঝাউবাড়ীয়া নিবাসী সম্ভ্রান্ত হিন্দু পরিবারের একমাত্র উত্তরাধিকারী ছিলেন। পিতা মৃত দেওয়ান সূর্য্যনারায়ণ মজুমদার। মাতা তারামুনী দাশ্যা অসুস্থতার কারনে স্থাবর অস্থাবর সমস্ত সম্পত্তি একমাত্র কন্যা আহ্লাদমুনীকে ১২৫১ সালে (১৮৪৪ খ্রিষ্টাব্দে) হেবা করে যান।

উম্বর (১১১) : ইনি একজন হতভাগ্য নরদাসী ছিলেন। ১৮০১ খ্রিষ্টাব্দে এই মহিলার বয়স ছিল ৩৫ বছর। উম্বর ও তার কন্যা নয় বছরের মহমাতকে সদারাম সম্মন নামের এক সম্ভ্রান্ত ব্যক্তি জীবন ভিত্তিক নরদাসী হিসাবে ক্রয় করেন।

কত্যায়নী দেব্যা (৪০) : একজন সম্ভ্রান্ত বিত্তশালী হিন্দু রমনী। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে তেগাছীর জমিদার শ্রীদুর্গাকান্তশর্ম্ম রায়কে ৪০০০ টাকা ধার দিয়েছিলেন।

কমলনারায়ণ তল্পাপাত্র (২৭) : ইনি পেশায় মোক্তার ছিলেন। ১৮৬৫ খ্রিষ্টাব্দের একটি করজখত পত্রে ইনি একজন সাক্ষী সনাক্তকারী ছিলেন।

করমচান্দ পাড়ে (৭৪) : ইনি 'মুরশিদাবাদ' (বর্তমানে কলকাতা, ভারত) জেলার আজীমগঞ্জ গ্রামের অধিবাসী ভবানী শঙ্কর পাড়ের একমাত্র জামাতা ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

কামনা জিউনী (১৮) : বগুড়া জেলার শেরপুর থানার গোপালপুর গ্রামবাসী একজন দরিদ্র জেলে ছিলেন। তিনি ১৮৩৬ খ্রিষ্টাব্দের একটি ভূমিবেদখল অভিযোগপত্রের সাক্ষী ছিলেন।

কালী কিশোর মুন্সী (১১৪, ১১৫, ১১৮, ১১৯, ১২০) : ইনি বগুড়া জেলার শেরপুরের একজন উদারমনা বিদ্যোৎসাহী জমিদার ছিলেন। ইনি বহু বছর শেরপুর পৌরসভার চেয়ারম্যান ছিলেন। ইনি ১৮৯৫, ৯৬, ৯৭ প্রভৃতি খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে হাইস্কুলের ম্যানেজিং কমিটির সদস্য ছিলেন। তিনি

Dhaka University Institutional Repository

স্কুলটির প্রতিষ্ঠাতাদের অন্যতম। তার নানাবিধ মহৎ কর্মের স্বীকৃতি স্বরূপ ইংরেজ সরকার তাঁকে 'রায় বাহাদুর' উপাধিতে ভূষিত করেন।

কালীচন্দ্র মৈত্র (২৭) : পেশায় মহাজন ছিলেন। সুদে অর্থলগ্নী করতেন, ইনি ১৮৬৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

কাসীশ্বরি দেব্যা (৪৯) : দিনাজপুর জেলার বিজাবগা পরগনাধীন রাজারামপুর গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ও সম্ভবত তার বোন শান্তমনী দেব্যা ১৮৪৮ খ্রিষ্টাব্দে 'চন্দ্র কীশোর' চৌধুরীর নিকট থেকে বার্ষিক আট আনা হারে সুদে ১৯০০ টাকা ধার নিয়েছিলেন।

কিশোরী মোহন মৈত্র (১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০) : বগুড়ার শেরপুরের একজন সম্ভ্রান্ত হিন্দু। ইনি ১৮৯৫ খ্রিষ্টাব্দ থেকে পরবর্তী বিভিন্ন সময়ে শেরপুর ডি,জে হাইস্কুলের পরিচালনা পর্ষদের সদস্য ছিলেন।

কেদারনাথ বাগছী (১২৫) : ইনি বগুড়া জেলার শেরপুরের একজন সম্ভ্রান্ত হিন্দু ছিলেন। বিদ্যানুরাগী ছিলেন। ১৮৯৮ খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে হাইস্কুলের পরিচালনা পরিষদের একজন সদস্য ছিলেন।

কুকুরা হাড়ি (১০১) : ইনি পরগনা আয়জলের পুরানা অপৈল গ্রামের একজন নিম্নবিত্ত অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি করজখত পত্রের একজন সাক্ষী ছিলেন।

কেশবানন্দ গোস্বামী (১৮) : ইনি বগুড়া জেলার শেরপুর থানার অন্তর্গত তেথুলিয়া মৌজার মদন মোহন ঠাকুরের দেবত্তোর সম্পত্তির একজন সেবাইত ছিলেন। তিনি ১৮৩৬ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন এবং ঐ খিষ্টাব্দেই জমিদার রঘুনাথগিরি গোসাঞী কর্তৃক উক্ত দেবত্তোর সম্পত্তি বেদখল হওয়ায় তিনি বগুড়া জেলার ডেপুটি কালেক্টর বরাবর একটি অভিযোগ পত্র দাখিল করেন।

কৈলাশচন্দ্র মৈত্রেয় (১১৬) : ইনি শেরপুর ডি,জে হাইস্কুলের (শেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়) ৩য় শিক্ষক ছিলেন। ১৮৯৬ খ্রিষ্টাব্দে তাঁর মাসিক বেতন ছিল ৩০ টাকা।

কৃষ্ণচন্দ্র গোস্বামী (৫৯ ক) : ইনি কলকাতার নদিয়া জেলার শান্তিপুর পরগনাধীন রামনগর পাড়ার অধিবাসী ছিলেন। পরবর্তীতে বর্তমান বাংলাদেশের দিনাজপুর জেলার কুঞ্জ গোড়াঘাট পরগনাধীন ময়দানহাটা গ্রামে বসতি স্থাপন করেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

কৃষ্ণনাথগুহ বকসী (৯০ ক) : একজন সম্ভ্রান্ত অর্থশালী ব্যক্তি ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত বেঁচে ছিলেন।

কৃষ্ণপ্রসাদ শীরোমনী (৩৪,৩৫) : ইনি একজন ভূমি ক্রেতা ছিলেন। আচলাই গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

কৃষ্ণসুন্দর শর্ম্মন ভাদুড়ী (৩৪,৩৫) : ইনি আচলাই গ্রামের একজন সম্ভ্রান্ত তালুকদার ছিলেন। স্ত্রীপুত্র কেউ ছিলনা এবং নিজে রক্তাপীত্তয়াদী রোগে ভুগছিলেন। ফলে তিনি তির্থবাসের সিদ্ধান্ত নেন এবং তাঁর তালুক সম্পত্তি বিক্রি করেদেন এবং তাঁর ভদ্রাশন বাটীতে ব্রাহ্মণ সংস্থাপন করেন এবং তাদের উপজীবিকার জন্য ১৮৪৮ খ্রিষ্টাব্দে তাঁর বাকি সম্পত্তিও হেবা করে যান।

কৃষ্ণেন্দ্রনারায়ণ রায় (৪৮) : ইনি বগুড়া জেলার লস্করপুর পরগনাধীন নওপাড়া প্রেমপুরের অধিবাসী ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে শ্রীচন্দ্রমোহন শাহার নিকট থেকে মাসিক ১ টাকা সুদে ৪০০০ টাকা ধার নিয়েছিলেন।

গওসী ডাক (৬৫) : বগুড়া জেলার শেরপুর শহরের রঙ্গরেজ টোলার অধিবাসী ছিলেন। সম্ভবত ডাক তথা যাদু-বিদ্যায় পারদর্শী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দের একটি হেবানামার সাক্ষী দিলেন। ইনি সম্ভবত রং-এর কাজও জানতেন।

গদাধর দাম (৮৪ক) : বগুড়ার কুষ্টীয়া নিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে ইনি জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

গিরিশচন্দ্র সান্যাল (২৮) : বগুড়া জেলার শেরপুরের একজন সম্ভ্রান্ত হিন্দু ছিলেন। ইনি ১৮৬৫ খ্রিষ্টাব্দে শ্রীবলরাম ময়ুমদারের নিকট হতে ৩০০০ টাকা ধার হিসাবে গ্রহণ করেছিল।

গুইয়া হকার (৩৬) : আচলাই গ্রামের অধিবাসী ছিলেন। সম্ভবত দরিদ্র ব্যক্তি ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে একটি করজউশুলপত্রের সাক্ষী ছিলেন।

গুরুদয়ালগীর গোশাঞী (১১, ১২, ১৭) : একজন সম্ভ্রান্ত হিন্দু জমিদার (সন্ন্যাসী) (দ্র: প্রভাসচন্দ্রসেন বি.এল. বগুড়ার ইতিহাস, পৃ:-১১৮)। ইনি মেহমানসাহী পরগনার অধিন ডিহি কচুয়াপাড়ার মহিপুর গ্রামের (বর্তমান বগুড়া জেলার শেরপুর) 'এজমালি' (যৌথ) জমিদার ছিলেন তার জমীদারি অংশীদার ছিলেন শ্রীরাজগীর গোশাঞী। তিনি ১৮৩১ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

গুরুপ্রসাদ চক্রবর্ত্তী (৫৪) : ইনি একজন সম্ভ্রান্ত হিন্দু তালুকদার ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে বগুড়া জেলার পরগনা আমরুলের অন্তর্গত ডিহি ব্রজপুর ও ডিহি ভাগসুন্দরের কাসুন্দা, গোবিন্দনটী ও জয়নাথবাটী মৌজা তাঁর স্ত্রী বিমলা দেব্যার নামে ক্রয় করেন।

গোবর্দ্ধনগীর গোশাঞী (৯, ১০, ২৪) : ইনি বগুড়া জেলার শেরপুরের অন্যতম 'গিরিগোশাঞী' (সন্ন্যাসী) জমিদার ছিলেন। কাস রোগে আক্রান্ত হয়ে ১২৪১ সালের ১২ মাঘ মৃত্যুবরণ করেন এবং মৃত্যুর পূর্বে তিনি তাঁর সকল সম্পত্তি ভাই জয়কৃষ্ণগীর গোশাঞীকে দান করেন।

গোবিন্দচন্দ্র তরফদার (৪৫, ৪৬) : বগুড়া জেলার শেরপুর থানার একজন সম্ভ্রান্ত পরিবারের সন্তান ছিলেন। ইনি ১৮৪৭ খ্রিষ্টাব্দে বগুড়া জেলার ডেপুটি কালেক্টরেট অফিসের খাজাঞ্চিগিরি কার্যে নিযুক্ত হন।

গোলোকেশ্বর অধিকারী (১৩৩) : ইনি ১৯০০ খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে হাইস্কুলের 'ছিকছথ' মাস্টারের পদে স্থায়ীভাবে নিযুক্তি লাভ করেন।

Dhaka University Institutional Repository

গৌর নারায়ণ (১৭) : ইনি একজন সরকারী আমিন ছিলেন। ১৮৩২ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

গোরাচান্দ সাহা (৭২) : ইনি একজন সম্ভ্রান্ত লোক ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে ইনি বেঁচে ছিলেন।

চন্দমনি চৌধুরানী (২০) : বগুড়া জেলার মেহমানসাহী পরগনার অন্তর্গত বিরইল মৌজার জমিদার ছিলেন। ইনি ১৮৪৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

চন্দ্রকিশোরশর্ম্ম মুনশী (১২১, ১২২, ১২৩, ১২৪) : বগুড়ার শেরপুরের প্রখ্যাত মুনশী জমিদার পরিবারের অন্যতম জমিদার। ইনি সমাজহিতৈশী ও শিক্ষানুরাগী ছিলেন। শেরপুর ডি,জে হাইস্কুলের প্রতিষ্ঠাতাদের মধ্যে ইনিও একজন। তিনি সর্বসম্মতিক্রমে ১৮৯৭ খ্রিষ্টাব্দের ১ মে উক্ত স্কুলের ম্যানেজিং কমিটির সম্পাদক নিযুক্ত হন। তাঁরই অর্থ সাহায্যে স্কুলের ইমারত নির্মিত হয়।

চন্দ্রমোহনশাহা (৪৭) : ইনি বগুড়া জেলার তপ্পা ইছাহাক নগরের অন্তর্গত শাঁখারি পাড়ার অধিবাসী একজন সম্ভ্রান্ত ব্যক্তি ছিলেন। এই ব্যক্তি ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি মালজামিনী পত্রের জামিন্দার ছিলেন।

চিন্তুমণ্ডল (৭৭) :'বার্ব্বকপুর ধর্ম্মপুর' পাড়া নিবসী একজন নিম্নবিত্ত গ্রামবাসী। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি ব্রহ্মত্তর ভূমিবিক্রয় কবলাপত্রের সাক্ষী ছিলেন।

চিমনলাল (চিন্ময়) (৬৮ক) : ইনি সম্ভবত বৃহত্তর রাজশাহী জেলার অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

ছিদাম হকার (৪৯) : ইনি খেতলাল থানার হজরতপুর গ্রামের একজন দরিদ্র অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি করজখত পত্রের সাক্ষী ছিলেন।

জগদম্বা দেব্যা (১০৫, ১০৬) : একজন সম্ভ্রান্ত হিন্দু মহিলা মহাজন ছিলেন। ইনি সুদে বড় অঙ্কের টাকা ধার দিতেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

জগদিশ্বরি দেব্যা (৬৭ক) : ইনি বগুড়া জেলার মেহমানসাহী পরগনাধীন খিয়াইল গ্রামে অধিবাসী ছিলেন। পতি ও পুত্রহীন ছিলেন এবং 'পিলাহাদি' (প্লিহা) রোগগ্রস্থ ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে ইনি তার সকল সম্পত্তি হেবা করে দেন।

জগন্যাথ মন্ডল (২৩) : ইনি পরগনা মেহমানসাহীর অন্তর্গত তিরাইল মৌজার একজন প্রজা ছিলেন। ইনি ১৮৪৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

জগদ্বন্ধু সাহা (১৩৩) : এনাকে ১৯০০ খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে হাইস্কুলের ফিফ্‌থ মাষ্টার পদে স্থায়ী ভাবে নিযুক্ত করা হয়।

জগমোহন দাস (৯৪) : ইনি বগুড়ার রাজাপুর গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি রেহেনি করজখত পত্রের একজন সাক্ষী ছিলেন।

জয়কৃষ্ণগীর গোশাঞ্জী (৯, ১৪) : বগুড়া জেলার শেরপুরের অন্যতম গোশাঞ্জীগীর জমিদার ছিলেন। ইনি ১৮৩৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

জয়দুর্গা দ্যাস্যা (৫০) : ইনি বগুড়া জেলার বড়বাজু পরগনাধীন অলয়াবাসী একজন সম্ভ্রান্ত জমিদার। এই মহিলা সম্ভবত বিধবা ছিলেন। স্বামীর নাম গুরুদাস গুহ। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

জিতু শাহা (৫১) : ইনি বগুড়ার 'এরুলীয়ার' অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি করজখত পত্রের সাক্ষী ছিলেন।

ডোমন সরদার (৬৬খ, ৬৮খ) : ইনি বোওালীয়া গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি ভুমিবিক্রয় কবলাপত্রের সাক্ষী ছিলেন।

তারাচান্দ মুখোপাধ্যায় (৮২) : ইনি 'বর্দ্ধমান' জেলার বুতীপুর পরগনাধীন জলকুল গ্রামের (বর্তমান কলকাতা, ভারত) একজন সম্ভ্রান্তব্যক্তি ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

Dhaka University Institutional Repository

তারিনীপ্রশাদ মুখয্যা (৩১) : ইনি একজন পত্তনি জমিদার ছিলেন। ইনি দানিশাব্দ ৯৭ সনে, (ইংরেজি ১৮৪৭ খ্রিষ্টাব্দে) বেঁচে ছিলেন।

ত্রিপুরসুন্দরি দের্বা (১০৯) : একজন সম্ভ্রান্ত বিত্তশালী হিন্দু রমনী। এনার মহাজনী ব্যবসা ছিল। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

দ্বারকানাথ ঘোষ (৩৮খ) : জমিদার বনয়ারী রাম চট্টোপাধ্যায়ের জমানবিশ (ক্যাশিয়ার) ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

দ্বারকানাথ চক্রবর্তী (১১৮) : ১৮৯৬ খ্রিষ্টাব্দে এক রেজলূশন্ অনুসারে এনাকে শেরপুর ডি,জে হাইস্কুলের একটিং দ্বিতীয় পণ্ডিতের পদে নিযুক্ত করা হয়।

দেওান সুর্য্যনারায়ণ মজুমদার (৬১ক) : ইনি 'মুরশিদাবাদের' ঝাউবাড়ীয়ার সম্ভ্রান্ত জমিদার ছিলেন। ১৮৪৪ খ্রিষ্টাব্দের পূর্বেই পরলোক প্রাপ্ত হয়েছিলেন।

নন্দগোপাল মজুমদার (৫২) : পরগনা কাটার অন্তর্গত হাটী গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

দিনবন্ধু তালুকদার (৮০) : বগুড়া জেলার কাটার মহাল্য পরগনাধীন ঘুবিল গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

দীনদয়াল মিত্র (২৬) : পেশায় একজন সেরেস্তাদার ছিলেন। ১৮৪৬ খ্রিষ্টাব্দে ইনি জীবিত ছিলেন।

দুর্গাকান্তশর্ম্ম রায় (৪০) : হিন্দু জমিদার ছিলেন। বর্তমান বগুড়া জেলার গাবতলী থানাধীন বালিয়াদিঘী (মহিষাবান) ও মালীয়ান ভাঙ্গা অঞ্চল তাঁর জমিদারীর অন্তর্ভুক্ত ছিল। তিনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

দুর্গাচরণ পোতদার (৮৩খ) : ইনি বগুড়ার অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

ধলা মাটীয়াল (৬৭ক) : বগুড়ার নিসন্দারা বর্তমান (নিশিন্দারা) গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

নওাই মাটীয়াল (৮) : ইনি কচুগাড়ি গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৫ সালের একটি সরেজমিন ভূমি বিরোধ নিষ্পত্তি প্রতিবেদনের সাক্ষী ছিলেন।

নন্দলাল মুখোপাধ্যায় (১৩২) : শেরপুর ডায়মণ্ড জুবিলী স্কুলের হেডমাস্টার মহাশয় শ্যামাকিশোর চক্রবর্ত্তীর অবসরের পর ১৯০০ খ্রিষ্টাব্দে এনাকে মাসিক ৫৫ টাকা বেতনে এক বৎসরের জন্য 'অফিসিয়ারী হেডমাস্টার' হিসাবে মনোনীত করা হয়।

নিতাই সিংহদার (৩৯) : আচলাই গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি খোশকবলাপত্রের সাক্ষী ছিলেন।

নেপূ মিস্ত্রী (৭৭) : ইনি একজন ভূমি ক্রয়কারী। ১৮৫০ খ্রিষ্টাব্দে ইনি বেঁচে ছিলেন।

প্রশন্নকুমার ঠাকুর (৪৪) : ইনি একজন সম্ভ্রান্ত কারবারী (ব্যবসায়ী) ছিলেন। বগুড়া জেলার নওদাপাড়ায় এনার কুঠী ছিল। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

বনওারিরাম চাটুয্যা/মহারাজা জগইন্দ্র বনয়ারী লাল বাহাদুর (৫, ৬০, ৬৩, ৬৪, ৯০) : একজন সম্ভ্রান্ত হিন্দু জমিদার ছিলেন। মহারাজা, জগইন্দ্র ও বাহাদুর সম্ভবত এনার উপাধি ছিল। পরগনা পোলাদশী ও রংপুর, দিনাজপুর এবং বগুড়া জেলার হিস্যা পরগনা লাট ইনাতপুরের জমিদার ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

বলরাম মযুমদার (২৮) : একজন হিন্দু মহাজন ছিলেন। ১৮৬৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

বলরাম সাহা (৭) : ঘোড়াঘাট নিবাসী বলরাম সাহা পেশায় একজন মুহরি ছিলেন। ইনি ১৮৪৭ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

বিনোদবিহারী সাহা (১১৬, ১১৭) : ইনি স্থানীয় সম্ভ্রান্ত ব্যক্তি। ইনি ১৮৯৬ খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে হাইস্কুলের পরিচালনা পরিষদের একজন সদস্য ছিলেন।

Dhaka University Institutional Repository

ব্রজকিশোর মৈত্র (১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০) : বগুড়া জেলার শেরপুরের অধিবাসী ছিলেন। বিদ্যোৎসাহী ছিলেন। ১৮৯৫ - ১৯০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত ইনি শেরপুর ডি,জে হাইস্কুলের ম্যানেজিং কমিটির সদস্য ছিলেন।

ব্রজমোহন রায় (বাবু) (৩৩) : ইনি ও এনার ভ্রাতা বাবু কৃষ্ণকিঙ্কর রায় বগুড়া জেলার 'বার্ব্বকপুর পরগনার' অধিন বোলখুরের জমিদার ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচেছিলেন।

বিশ্বনাথ ভাদুড়ি (৫৬) : ইনি দিনাজপুর জেলার ভাতোড়িয়া পরগনাধীন হালসা গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

বৈকুণ্ঠনাথ মৈত্রয় (৩৭) : ইনি একজন সদব্রাহ্মণ ছিলেন। আচলাই নিবাসী বিপত্মীক ও নিঃসন্তান সম্রান্ত শ্রীকৃষ্ণসুন্দর ভাদুড়ি এঁকে তার নিজের বাড়িতে সংস্থাপন করেন। পাকা বাড়িঘর ও আসবাপত্র দান করেন এবং জীবিকার জন্য নিজের বেশ কিছু বিষয় সম্পত্তি হেবা করে যান। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

বৈষ্টমচরণ কুণ্ড (৬৯খ) : ইনি ফরাসডাঙ্গা গ্রামের অধিবাসী। ১৮৫০ খ্রিষ্টাব্দের একটি একরার পত্রের সাক্ষী ছিলেন।

ভবানীনাথ চক্রবর্ত্তী (১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১) : ইনি বগুড়া জেলার শেরপুরের একজন সম্রান্ত বিদ্যোৎসাহী ব্যক্তি ছিলেন। ইনি দীর্ঘকাল স্থানীয় ঐতিহ্যবাহী শতাব্দী প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান শেরপুর উচ্চ ইংরেজি বিদ্যালয়ের (শেরপুর ডি,জে হাইস্কুল) ম্যানেজিং কমিটির সম্পাদক ছিলেন। ১৮৯৭ খ্রিষ্টাব্দের ১ মে শারীরিক অসুস্থতার কারনে তিনি সম্পাদক পদ হতে অব্যাহতি গ্রহণ করেন।

ভবানিনারায়ণ পাল (১১১) : ইনি একজন সম্রান্ত ব্যক্তি। ইনি ১৮০১ খ্রিষ্টাব্দে পৈত্রিক সূত্রে প্রাপ্ত নরদাসী উম্বর ও তার নয় বছর বয়সের কন্যা মছমাত কে সদারাম সম্মন নামক এক ব্যক্তির নিকট ৪০ টাকা মূল্যে বিক্রী করেন।

ভবানীশঙ্কর পাড়ে (৪১, ৪৭) : ইনি (বর্তমান ভারতের) 'মুরশীদাবাদ' জেলার আজিমগঞ্জের অধিবাসী ছিলেন। পরবর্তীতে (বর্তমান বাংলাদেশে) বগুড়া জেলার স্থায়ী ভাবে বসতি স্থাপন করেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে ইনি অসৃপ বিবি ও প্রাণ বিবির জমিদারী সম্পত্তি ক্রয় করে নব্য জমিদার হিসাবে আবির্ভূত হন।

ভাজন প্রামানিক (২৩) : ইনি পরগনা মেহমানসাহীর অন্তর্গত তিরাইল মৌজার একজন প্রজা ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি সরকারী তদন্ত প্রতিবেদনে তার জবানবন্দী গ্রহণ করা হয়।

ভাজনা হরকরা (৪৪) : ইনি রাজাপুর গ্রামের অধিবাসী ছিলেন। সম্ভবত পেশায় ডাক পিয়ন ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি কিস্তীবন্দীপত্রে একজন সাক্ষী ছিলেন।

ভিক্ষাকর শর্ম্ম তালুকদার (৭১ক) : ইনি বগুড়া জেলার মাঝিড়া অঞ্চলের তালুকদার ছিলেন। এনার প্রকৃত নাম 'জয় সঙ্কর', পিতার নাম 'রক্ষ্যাকর তালুকদার'। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

ভুলনমুনী দেব্যা (৪০) : ভবানীশঙ্কর পাড়ের স্ত্রী, ইনি পতিসহ মুরশিদাবাদ হতে বগুড়ায় বসতি স্থানান্তর করেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

ভুস্তুরা সরদার (৪০) : অত্যন্ত ধনবান শ্রীযুতা কত্যায়নী দেব্যার গৃহপরিচালক ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

মলুকচন্দ্র শাহা (৫৮) : ইনি সন্তোষ পরগনাধীন কাজিবাড়ি গ্রামের বাসিন্দা। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি জমীজড়খরিদ কওলাপত্রের একজন নবিশিন্দা ছিলেন।

মনেন্দ্রচন্দ্র দাস গুপ্ত (১১৪) : ইনি ১৮৯৫ খ্রিষ্টাব্দে বগুড়া জেলার শেরপুর ডি,জে হাইস্কুলের (শেরপুর উচ্চ ইংরেজী বিদ্যালয়) ৪র্থ শিক্ষক পদে মনোনয়ন পেয়েছিলেন।

মহেশনারায়ণ মুন্সী (১১৫) : ইনি বগুড়া জেলা শেরপুর থানার মুন্সী জমিদার পরিবারের অন্যতম শিক্ষানুরাগী ও দানশীল সদস্য ছিলেন। ১৮৯৫ খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে

Dhaka University Institutional Repository

হাইস্কুলের স্কুলঘর নির্মানের খরচ বাবদ তিনি আর্থিক সাহায্য দান করেছিলেন।

মীঠন সরদার (৬৮খ) : বোওালীয়া গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দের একটি ভূমিবিক্রয় কবলানামায় ইনি একজন সাক্ষী ছিলেন।

মুকুন্দ মোহন সান্যাল (১১৪ - ১৩৩) : ইনি বগুড়া জেলার শেরপুরের অধিবাসী ছিলেন। ১৮৯৫-১৯০০ খ্রিষ্টাব্দের বিভিন্ন সময়ে শেরপুর ডি,জে হাইস্কুলের ম্যানেজিং কমিটির সদস্য ছিলেন।

মোহন হকার (৭) : ইনি আটগাড়া গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৪৭ খ্রিষ্টাব্দে তিনি ৩০ বছরের যুবক ছিলেন। তিনি একটি মোক্তারনামার সাক্ষী ছিলেন।

যজ্ঞেশ্বর কুন্ড (১১৯) : ইনি বগুড়া জেলার শেরপুরের একজন সম্ভ্রান্ত হিন্দু ছিলেন। শেরপুর ডি,জে হাইস্কুলের ম্যানেজিং কমিটির একজন সদস্য ছিলেন। ১৮৯৭ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

রঘুনাথগীর গোশাঞী (১৩, ১৫, ১৬) : ইনি বগুড়া জেলার অন্তর্গত মেহমানসাহী পরগনার ডিহি কচুয়াপাড়ার (বর্তমান শেরপুর/বগুড়া) সন্ন্যাসী জমিদার ডোম্বরগীর গোশাঞীর চেলা (অনুসারী) ছিলেন জমিদারের মৃত্যুর পর তিনি ১৮১৬ খ্রিষ্টাব্দে সরকারি সেরেস্তায় জমিদার হিসাবে নিজের নাম জারি করেন।

রজক প্রামানীক (৭৩খ) : ইনি সাকপালা গ্রামের অধিবাসী ছিলেন ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

রসমুনী দাস্যা/দেব্যা (৩২) : বগুড়া জেলার শেরপুরের অধিবাসী ছিলেন। ইনি নিরক্ষর ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি ডিগরি আদায় রশিদে উক্ত রাসমুনী, হরসুন্দর ও ইন্দ্রমনী দেব্যার কালীর দ্বারা নেশানী করার (টিপসহি) প্রমান মেলে।

রাজগীর গোশাঞী (১২) : ইনি বগুড়া জেলার শেরপুরের গোশাঞী জমিদার গুরু ভুম্বরগীর গোশাঞীর একজন চেলা (অনুসারী) ছিলেন। ১১২-সংখ্যক পত্রে প্রাপ্ত তথ্যে জানা

Dhaka University Institutional Repository

যায়, তার স্বভাব চরিত্র ভাল না থাকায় গুরু মহাশয় তাকে তের্য্য ঘোষণা করেন। তিনি শেলবর্ষের জমিদার 'আমদজুমা' চৌধুরীর মোক্তার নিযুক্তথাকাকালীন মালামালসহ জমীদারপত্নীকে নিয়ে পলায়নরত অবস্থায় দারগা কর্তৃক ধৃত হন এবং ম্যাজিস্ট্রেট কর্তৃক সাজাপ্রাপ্ত হন।

রাধানাথশর্ম্ম চক্রবর্তী (৪২) : ইনি বগুড়া জেলার খাট্টা পরগনার অন্তর্গত কুসুম্বী গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ও এনার ভাই গোলকচন্দ্র শর্ম্ম চক্রবর্তী মহাজনের নিকট ঋণগ্রস্ত ছিলেন। ঋণ পরিশোধনিমিত্ত এঁরা পৈত্রিক ১০৬ বিঘা জমি ১৮৪৮ খ্রিষ্টাব্দে সিবানন্দ শর্ম্মন চৌধুরীর নিকট বিক্রি করেন।

রাধারমন মুনসী (১২১, ১২২, ১২৩, ১২৪) : ইনি বগুড়া জেলার শেরপুর থানার সুপ্রসিদ্ধ ও প্রতাপশালী মুনসী জমিদার পরিবারের একজন উদার, দানশীল ও বিদ্যানুরাগী জমিদার ছিলেন। ইনি শেরপুর ডি,জে হাইস্কুলের অন্যতম প্রতিষ্ঠাতা ও দীর্ঘ দিন এই স্কুলের পরিচালনা পরিষদের সদস্য ছিলেন।

রামকৃষ্ণ পোদ্দার (২৪) : বগুড়া জেলার শেরপুর থানার মহীপুর গ্রামের একজন অধিবাসী ছিলেন। ইনি ১৮৩৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

রামকৃষ্ণ মজুমদার (১৯) : ইনি মেহমানসাহী পরগনার তিরাইল মৌজার অধিবাসী ছিলেন। তিনি ১৮৪৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন। তিরাইল মৌজায় তার ও শ্রীনাথ মজুমদারের দেবোত্তর সম্পত্তি আছে বলে দাবী করেছিলেন, যদিও সরকারী তদন্তে তা প্রমাণিত হয়নি।

রামজয় শরকার (২২খ) : ইনি পরগনা মেহমানসাহীর অন্তর্গত কাশীমপুরের জমিদার রমানাথ চৌধুরী ও হরকান্ত চৌধুরীর কারপরদাজ ছিলেন। ১৮৪৫ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

রামজীবন বসু (১১) : ইনি পেশায় একজন মোক্তার ছিলেন। ১৮৩১ খ্রিষ্টাব্দে ইনি জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

রামতনু শাহা (১১০) ইনি বগুড়া জেলার শেরপুর থানা সদরের অধিবাসী ছিলেন। ইনি অপুত্রক ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে স্ত্রী ব্রজ কিশোরী দাস্যাকে দত্তক পুত্র রাখার জন্য একটি অনুমতিপত্র লিখে দেন।

রামবড়ু ভূইত (৮০) : কোদলা গ্রামের অধিবাসী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি পত্তনি তালুক কবলাপত্রে ইনি একজন সাক্ষী ছিলেন।

রামমোহন (মাঝী) (২৪) : ইনি আচলাই গ্রামের অধিবাসী ছিলেন। পেশায় একজন মাঝি ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে একটি বায়নানামার সাক্ষী ছিলেন।

রামরত্ন ভূমীক (৬৬ক) : বগুড়া জেলার খাট্টা পরগনাধীন দমদমা গ্রামে অধিবাসী ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

রামশ্বরণ প্রামানিক (২২ক) : ইনি পরগনা মেহমানসাহীধীন 'শাগরপুর' গ্রামের একজন সম্ভ্রান্ত বয়োবৃদ্ধ অধিবাসী ছিলেন। তিনি 'শাগরপুর' ও 'ঠাকুরশাহী' মৌজার অন্তর্ভুক্ত লাখেরাজ জমি সংক্রান্ত নানা তথ্য জানতেন। তাঁকে ১৮৪৫ খ্রিষ্টাব্দের একটি তদন্ত প্রতিবেদনে সাক্ষী করা হয়েছিল।

রামশীংহ শাহা (৪৩) : ইনি একজন হিন্দু মহাজন ছিলেন। সুদে টাকা ধার দিতেন। ১৮৪৯ খ্রিষ্টাব্দের একটি করজখতপত্রে রামকমলশর্ম্ম ভাদুড়িকে ইনি ৪০ টাকা ধার দিয়েছিলেন।

রামসুন্দর কাসারি (৭৯) : ইনি তেঘরি গ্রামের বাসীন্দা ছিলেন। পেশায় সম্ভবত কাসারি ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে একটি ব্রহ্মোত্তর ভূমিবিক্রয়কবলাপত্রের ইনি একজন সাক্ষী ছিলেন।

রামশ্রী তালুকদার (৫০) : ইনি জয়দুর্গা দাস্যা ও বরদেস্বরী দাস্যা এবং বরদেস্বরীর নাবালগপুত্র হরিহরগুহর কারপরদাজ (আমলা) ছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

রুদ্রকীশোর শর্ম্ম তালুকদার (২৭) : ইনি বগুড়া জেলার স্টেশন আদমদীঘির অন্তর্গত শেলবর্ষ পরগনাধীন বনীপুর গ্রামের অধিবাসী ছিলেন। ইনি এবং সম্ভবত এনার ভাই শ্রীনবকৃষ্ণ শর্ম্ম তালুকদার ১৮৬৫ খ্রিষ্টাব্দে শ্রীকালীচন্দ্র মৈত্রের নিকট হতে অর্থ ধার নিয়েছিলেন।

লালমোহন ভট্টাচার্য (১২৯) : ইনি ১৯০০ খ্রিষ্টাব্দে শেরপুর ডি,জে হাইস্কুলের থার্ড মাস্টার ছিলেন।

শ্যামাকিশোর চক্রবর্ত্তী (১৩২) : ইনি প্রায় দেড় শতাব্দী প্রাচীন শেরপুর ডি,জে হাইস্কুলের একজন প্রথিতযশা প্রধান শিক্ষক ছিলেন। ১৯০০ খ্রিষ্টাব্দে অবসর গ্রহণ করেন। তৎকালে তাঁর মাসিক বেতন ছিল ৫৫ টাকা।

শাতকৈড়ী শাহা (৩৪) : আচলাই গ্রামের অধিবাসী ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি বায়নানামার সাক্ষী ছিলেন।

শীবচন্দ্র নেওগী (১০২) : ইনি বগুড়া জেলার শেলবর্ষ পরগনাধীন দামাঞ্জী গ্রামের অধিবাসী ছিলেন। নেওগী পদবি দৃষ্টে অনুমেয় ইনি একজন রাজস্য আদায়কারী ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে ইনি বেঁচে ছিলেন।

শীবনারায়ণ শর্ম্ম মুনশী (৪৫, ৪৬) : ইনি বগুড়া জেলার শেরপুরের সুপ্রসিদ্ধ প্রতাপশালী জমিদার অনুপনারায়ণ মুনশীর জ্যেষ্ঠ পুত্র ছিলেন। ১৮৪৭ খ্রিষ্টাব্দে বগুড়া ডেপুটি কালেক্টরি অফিসের খাজাঞ্চী গোবিন্দচন্দ্র তরফদারের পক্ষে মালজামিনদার হন। দানশীল ও শিক্ষানুরাগী হিসাবেও তাঁর প্রসিদ্ধি ছিল।

শ্রীকান্তগুপ্ত কবিরাজ (৮৭) : ইনি ভারতের নদীয়া জেলার অগ্রদির্খানার অন্তর্গত পলাশী পরগনাধীন নুখুরিয়া গ্রামের অধিবাসী ছিলেন। পরবর্তীতে বগুড়া জেলার শেলবর্স পরগনার কানাড় গ্রামে বসতি স্থানান্তর করেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

শ্রীকান্ত রায় (৫৭) : ইনি একজন সম্ভ্রান্ত জমিদার ছিলেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

শ্রীকৃষ্ণকীঙ্কর (৮, ১৪, ২০, ২২, ২৩) : ইনি পেশায় একজন সরকারী আমীন ছিলেন। ১৮৪৫ খ্রিষ্টাব্দে মেহমানসাহী পরগনার অন্তর্গত 'খোর্দ্দসীমলা' গ্রামে একটি ব্রহ্মত্তর জমি নিয়ে বিরোধ সংক্রান্ত মামলাসহ বহু মামলার তদন্ত করেছিলেন।

শ্রীধরশর্ম্ম পণ্ডীত (৫৮) : ইনি সম্ভবত পেশায় শিক্ষক ছিলেন। মেহমানসাহী পরগনাধীন 'শীবপুর' গ্রামের বাসিন্দা শ্রীধর পণ্ডীত ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

সতীশচন্দ্র সান্যাল (১২৭ক) : ইনি ১৮৯৯ খ্রিষ্টাব্দে শেরপুর ডি জে হাইস্কুলের সেকেন্ড মাস্টার ছিলেন। সে সময়ে তাঁর মাসিক বেতন ছিল ৩৫ টাকা।

সুকটী চকিদার (২১খ) : পেশায় একজন চকিদার ছিলেন। তার কর্মস্থল ছিল বগুড়া জেলার চৌগাও পরগনার পাকুড়িয়া গ্রাম। ইনি ১৮৪৩ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

সুদেবী দাস্যা (৫৩) : ইনি পরগনা 'কাটারমল্লের' অধীন হাটী গ্রামের (বর্তমান হাটিকুমোরোল, সিরাজগঞ্জ) অধিবাসী ছিলেন। তীর্থ (গয়া) গমন উপলক্ষ্যে ইনি হেমলতা দাস্যা ও মাধবনাথ রায় তাদের তালুক সম্পত্তি কিসামত মথুরাপুরের অন্তর্গত গাঁড়াখোলার চড়ায় ও বারিয়াবাড়ির (বর্তমান বেড়েরবাড়ি) চড়ায় মোট ২০ বিঘা জমি ১৮৪৮ খ্রিষ্টাব্দে বিক্রী করে দেন। সুদেবী দাস্যা নিরক্ষর ছিলেন। ইনি দলিলে 'কালির নেশানী' (টিপসই) করেছিলেন।

সুরেন্দ্রমোহন মৈত্র (১১৭) : শেরপুর ডি, জে, হাইস্কুলের প্রাক্তন ছাত্র। ১৮৯৬ খ্রিষ্টাব্দে তৃতীয় শ্রেণীর (বর্তমান অষ্টম) ছাত্র ছিলেন এবং অল্প নম্বরের জন্য ইংরেজিতে ফেল করায় তাকে অনুগ্রহ নম্বর দিয়ে দ্বিতীয় শ্রেণীতে (বর্তমান নবম) প্রমোশন দেওয়া হয়।

হট্টু নাপীত (৭২) : ইনি পরগনা কাটার মহল্যের অন্তর্গত ধুবিল দক্ষিণ পাড়ার অধিবাসী ছিলেন। ইনি পেশায় একজন নরসুন্দর (নাপিত) ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

Dhaka University Institutional Repository

হরিশচন্দ্র সান্যাল (১২৬) : বগুড়ার শেরপুরের একজন সম্ভ্রান্ত ব্যক্তি ছিলেন। ১৮৯৯ খ্রিষ্টাব্দ সহ বিভিন্ন সময়ে ইনি শেরপুর ডি, জে, হাইস্কুলের কার্যনির্বাহক কমিটির সদস্য ছিলেন।

হরিহর গুহ (৫০) : ইনি একজন পিতৃহীন নাবালক জমিদার ছিলেন। পিতার নাম ব্রজনাথ গুহ এবং মাতা বরদেশ্বরি দাস্যা। বগুড়ার বড়বাজু পরগনাধীন অলয়া গ্রামের অধিবাসী ছিলেন এবং ১৮৪৮ খ্রিষ্টাব্দে বেঁচে ছিলেন।

হারানু প্রামানীক (৯৮) : ইনি বগুড়া জেলার খেহালী গ্রামের বাসিন্দা ছিলেন। ১৮৫০ খ্রিষ্টাব্দের একটি করজখতপত্রের ইনি একজন সাক্ষী ছিলেন।

হাড়িনস্য (১) : বগুড়া সদরের কাটনাহার গ্রামবাসী একজন দরিদ্র ব্যক্তি ছিলেন। ইনি ১৮৪৭ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

(গ) খ্রিষ্টান নাম :

মিং আর,পী, হারিসন (মিস্টার আর,পি, হ্যরিসন*) (৬৫) : একজন ইংরেজ অফিসার ছিলেন। ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে তিনি বগুড়ার জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা রেজিস্ট্রার ছিলেন (*দ্র: প্রভাসচন্দ্র সেন বি.এল. বগুড়ার ইতিহাস, পৃষ্ঠা-১৪৭, ৩৩৭)।

মিং একিল (মিস্টার একিল) (৬১খ) : ইনি 'মুরশিদাবাদের' (কলকাতা) জেলা রেজিস্ট্রার ছিলেন। ১৮৪৪ খ্রিষ্টাব্দে ইনি বেঁচে ছিলেন।

উলিএমছ পীটর (উইলিয়ামস্ প্রেটার*) (১, ৩৩, ৫৭, ১০১) : ইনি ইংরেজ নীলকর ছিলেন। ইনি ইউনিয়ন (ইওনিয়েন বেঙ্ক) ব্যাঙ্ক এর শেয়ার অংশীদার ছিলেন এবং ১৮৪৭ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন। উলিএমছ পীটরের মহাজনী কারবার ছিল, তিনি সুদে টাকা ধার দিতেন। ইনি ১৮৪৮ খ্রিষ্টাব্দের একটি কস্য মালজামানতিপত্রের পত্তনিদার তার ভ্রাতুস্পুত্র মিস্টার জর্জ রুবেল (জার্জ রুবেল পেটর) সাহেবের জামীনদার ছিলেন (*দ্র: প্রভাসচন্দ্র সেন বি.এল. বগুড়ার ইতিহাস, পৃ: ১৪৭, ৩৩৭)।

Dhaka University Institutional Repository

জান ক্র্যাফোর্ড ডজশন (জন কেপহুড ডগসন*) (৮৭) : ইনি একজন ইংরেজ অফিসার। ১৮৫০ খ্রিষ্টাব্দে ইনি বগুড়ার জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা রেজিস্ট্রার ছিলেন (*দ্র: প্রভাসচন্দ্র সেন বি.এল. বগুড়ার ইতিহাস, পৃ: ১৪৭, ৩৩৭)।

জার্জ আডলী ইউন (জর্জ আডলি ইউন) (১, ৩২, ৩৩, ৩৪, ৪৩, ৪৫, ৪৮) : ইনি একজন ইংরেজ অফিসার ছিলেন। ১৮৪৭ খ্রিষ্টাব্দে ইনি বগুড়া জেলা রেজিস্ট্রার ছিলেন।

মেস্তর জার্জ রূবেল পেটর (মিস্টার জর্জ রুবেল প্রেটার*) (৩৩, ৫৭) : জাতিতে ইংরেজ ছিলেন। ইনি জমিদার বাবু ব্রজমোহন রায় ও বাবু কৃষ্ণকিঙ্কর রায়ের পৈত্রিক জমীদারিভুক্ত বগুড়া জেলার বেলপুর মৌজায় অবস্থিত একটি কুঠী তের বছরের জন্য পত্তনি নিয়ে ছিলেন। এঁর চাচা উইলিয়ামস্ প্রেটার একজন নীলকর ছিলেন (*দ্র: প্রভাসচন্দ্র সেন বি.এল. বগুড়ার ইতিহাস, পৃ: ১৪৭, ৩৩৭)।

মস্তর তামষ টেলর (মিস্টার টেমস টেলর) (২৬ ক) : ইনি একটিং রেভিনিউ কমিশনার ছিলেন। ১৮৪৬ খ্রিষ্টাব্দে জীবিত ছিলেন।

বিবি বাটন (১) : ইংরেজ মহিলা। ইনি ইউনিয়ন (ইওনিয়েন) ব্যাঙ্কের (১৮৪৭খ্রি) একজন অংশীদার ছিলেন।

মেসীএল কিন্কীং (১) : একজন ইংরেজ। ১৮৪৭ খ্রিষ্টাব্দে তিনি ইউনিয়ন (ইওনিয়ন) ব্যাঙ্কে তাঁর শেয়ারের অংশ বিক্রি করে দেন।

লর্ড রর্বার্ট (১৩২) : ইনি ইংলন্ডের লর্ড ছিলেন। ১৯০০ খ্রিষ্টাব্দে ইনি দক্ষিণ আফ্রিকার ট্রান্সভাল-রাজ্যের রাজধানী প্রিটোরীয়া অধিকার করেন। এই বিজয়-আনন্দে ১৯০০ খ্রিষ্টাব্দের ১১ জুন শেরপুর ডি,জে, হাইস্কুল বন্ধ রাখা হয়।

হেনরী রোজ (৯৬খ) : ইনি ১৮৫০ খ্রিষ্টাব্দে বগুড়া জেলার একটিং রেজীস্ট্রার ছিলেন।

মি: হেণ্ডির এষ্টক (মিস্টার হেনরি স্টক) (২৯) : ১৮৬৫ খ্রিষ্টাব্দে ইনি বগুড়া ডিস্ট্রিক্ট বোর্ড-সুপারেন্টেন্ড ছিলেন।

Dhaka University Institutional Repository

পরিশিষ্ট - ৪

পত্রসমূহে প্রাপ্ত স্থাননামগুলোর বর্ণানুক্রমিক তালিকা

অরঙ্গনগর (তপ্পে) (৬৬) : বগুড়া জেলার খাট্টা পরগনাভুক্ত (১৮৫০ খ্রিষ্টাব্দে) অরঙ্গনগর একটি তপ্পা ছিল।

অলয়া (সাকিন) (৫০) : বগুড়া জেলার ধুনট থানাধীন মথুরাপুর ইউনিয়নের অন্তর্গত গ্রাম (আলোয়া)। আয়তন ৫৪৫ একর, লোকসংখ্যা ১৬০০ (প্রায়)। [দ্র: গ্রাম পরিসংখ্যান, পরিকল্পনা মন্ত্রণালয়, গ. প্র. বা. স. কর্তৃক প্রকাশিত, ৪১নং সিদ্বেশ্বরী, ঢাকা, ১৯৭৭।(এই পরিশিষ্টের সকল তথ্য উক্ত গ্রন্থ থেকে সংগৃহীত)।]

আএড়া (সাকিন) (৫৭) : দিনাজপুর জেলার ফুলবাড়ি থানাধীন বিনাইল ইউনিয়নভুক্ত একটি গ্রাম (আয়ড়া)। আয়তন ৪৬৫.৮০একর, লোকসংখ্যা ১৫০০ (প্রায়)।

আঁচলাই (সাকিন) : (৩৪, ৩৫, ৩৭, ৩৯) : বগুড়া জেলার শিবগঞ্জ থানার অন্তর্ভুক্ত রায়নগর ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ১৭৩.৫৬ একর, লোকসংখ্যা ৩০০০ (প্রায়)।

আদমদিঘি (ইষ্টেশন) (২৭) : বর্তমান বগুড়া জেলার একটি থানা/ উপজেলা।

আড়িয়া (সাকিন) (৭২) : বগুড়া জেলার শাজাহানপুর থানাধীন আড়িয়া ইউনিয়ন। বর্তমানে জায়গাটি আড়িয়াবাজার নামে সমধিক পরিচিত।

আলাদিপুর (সাকিন) (৯৫) : বগুড়া জেলার শিবগঞ্জ সদর থানার অন্তর্ভুক্ত একটি বর্ধিষ্ণু গ্রাম (আলাদীপুর)। গ্রামটির আয়তন ৬৭১.৪৮ একর, লোকসংখ্যা ৩৮০০ (প্রায়)।

আলিগাঁও (মৌজা) (৩৪, ৩৯) : সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া থানার অন্তর্ভুক্ত বড় পাঙ্গাশী ইউনিয়নভুক্ত একটি গ্রাম (আলী গাঁ)। আয়তন ৪৬৩ একর, লোকসংখ্যা ১৭০০ (প্রায়)। [উনিশ শতকে বগুড়া জেলার প্রতাপবাজ পরগনাধীন একটি মৌজা ছিল আলিগাঁও]

আশেকপুর (১) : বগুড়া সদর থানার অন্তর্ভুক্ত একটি ইউনিয়ন ও গ্রাম (আসেকপুর)। গ্রামটির আয়তন ৩৪৯.২০ একর, লোকসংখ্যা ২৮০০ (প্রায়)।

ইছাদহ (সাকিন) (৭৯) : সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ থানাধীন ভুবিল ইউনিয়নভুক্ত একটি গ্রাম (ইছিদহ) গ্রামটির আয়তন ১৬৭ একর, লোকসংখ্যা ৫০০ (প্রায়)।

ইছাহাক নগর (তপ্পে) (৪৭) : প্রতাপবাজু পরগনাধীন একটি তপ্পা ইছাহাক নগর। ১৮৪৮ খ্রিষ্টাব্দে তপ্পাটির অস্তিত্ব ছিল।

ইটিদহ (সাকিন) (১০৮) : প্রতাপবাজু পরগনার অন্তর্ভুক্ত ইটিদহ গ্রামটির উল্লেখ ১৮৫০ খ্রিষ্টাব্দে লিখিত ১০৮-সংখ্যক পত্রে পাওয়া যায়।

ইনাইতপুর (লাট) (৫) : উল্লাপাড়া (সিরাজগঞ্জ) থানাধীন উল্লাপাড়া ইউনিয়নভুক্ত একটি গ্রাম (এনায়েতপুর) আয়তন ১,০৫৪ একর, লোকসংখ্যা ৫০০০ (প্রায়)।

উদিসা (সাকিন) (৫৫) : চৌগাও পরগনাধীন উদিসা গ্রামটির উল্লেখ ১৮৪৮ খ্রিষ্টাব্দে লিখিত ৫৫ সংখ্যক পত্রে পাওয়া যায়।

উলীপুর (সাকিন) (২৮, ৩২, ৪০, ৮০) : বর্তমান বগুড়া জেলার শেরপুর পৌরসভার অন্তর্ভুক্ত একটি বর্ধিষ্ণু মহল্লা।

এরুলীয়া (গ্রাম) (৪৭, ৫১) : বগুড়া সদর থানার অন্তর্ভুক্ত একটি বর্ধিষ্ণু গ্রাম এবং ইউনিয়ন। গ্রামটির আয়তন ৯৩৯.৫২ একর, লোকসংখ্যা প্রায় ৩,৬০০ (প্রায়)।

কচুয়াপাড়া (ডিহি) (৯, ১০, ১১, ১২, ১৩, ২৪) : বর্তমান বগুড়া জেলার শেরপুর থানার বিসালপুর ইউনিয়নভুক্ত একটি বর্ধিষ্ণু গ্রাম। আয়তন ৪৭৬.৭৩ একর, জনসংখ্যা ২০০০ (প্রায়)।

কম্বলপুর (মৌজা) (৭২) : প্রতাপবাজু পরগনার অন্তর্ভুক্ত কম্বলপুর মৌজাটির উল্লেখ ১৮৫০ খ্রিষ্টাব্দে লিখিত ৭৮ সংখ্যক পত্রে রয়েছে।

কাটনাহার (১) : বগুড়া জেলার শিবগঞ্জ থানার নারহট্ট ইউনিয়নভুক্ত একটি বর্ধিষ্ণু গ্রাম। আয়তন ২৬৭.১৯ একর জনসংখ্যা ১২০০ (প্রায়)।

কামালপুর (সাকিন) (৮৫) : সারিয়াকান্দি (বগুড়া) থানার একটি ইউনিয়ন ও গ্রাম। ইউনিয়নটির আয়তন ১৬৭.৬৮ একর, লোকসংখ্যা ১২,০০০ (প্রায়)। [বর্তমান জয়পুরহাট জেলার ধলাহার ইউনিয়নভুক্ত একটি গ্রামের নামও কামালপুর।]

কাসুন্দা (সাকিন) (৫৪) : বগুড়া জেলার আমরুল পরগনাভুক্ত একটি প্রসিদ্ধ গ্রাম।

কাল্লীপশী (মোকাম) (৪) : বর্তমানে বগুড়া জেলার শেরপুর থানার কসুম্বী ইউনিয়নভুক্ত পাশাপাশি দু'টি গ্রাম কেল্লা ও পোশী। স্থান দু'টি অত্যন্ত প্রাচীন ও ঐতিহ্যবাহী;

বিশেষত মেলার জন্য প্রসিদ্ধ। কথিত আছে গাজিমিঞা নামক একজন ধর্মপ্রচারক (মাদারপীর) ১৬ শতকের পূর্বে কীল্লাপশী নামক স্থানে আস্তানা গাড়েন এবং মেলাভিত্তিক ধর্মমত প্রচার করেন। [দ্র: অধ্যক্ষ মুহাম্মদ রুস্তম আলী, শেরপুরের ইতিহাস, পৃ: ১৬]

কুতুবপুর (সাকিন) (১০৯) : বগুড়া জেলার সারিয়াকান্দি থানাধীন একটি গ্রাম ও ইউনিয়ন। গ্রামটির আয়তন ২৮৫৩.১০ একর, লোক সংখ্যা ৯০০০ (প্রায়)।

কুন্দগাও (সাকিন) (৯৬ক) : বগুড়া জেলার আদমদিঘি থানাধীন একটি ইউনিয়ন ও গ্রাম (কুন্দগ্রাম)। গ্রামটির আয়তন ২১৭৫.৮১ একর, লোকসংখ্যা ৬০০০ (প্রায়)।

কুমরৌল (সাকিন) (৫২খ, ৫৩) : বর্তমান সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ থানাধীন হাটীকুমরুল একটি ইউনিয়ন ও গ্রাম। (১৮৪৮ খ্রিষ্টাব্দের পূর্বে হাটী ও কুমরৌল দুটি ভিন্ন গ্রাম ছিল)।

কুমীরা (মৌজা) (৭৭) : বগুড়া জেলার নন্দীগ্রাম থানার অন্তর্ভুক্ত ভাতরা ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৪৩৭ একর, লোকসংখ্যা ৯০০ (প্রায়)।

কুসুম্বী (সাকিন) (৪২) : বগুড়া জেলার আদমদিঘি থানার অন্তর্ভুক্ত আদমদিঘি ইউনিয়নভুক্ত একটি গ্রাম (কুশুম্বী) গ্রামটির আয়তন ৩১৮.৪৮ একর, লোকসংখ্যা ১৪০০ (প্রায়)। (শেরপুর থানার একটি ইউনিয়নের নামও কুসুম্বী)।

কুষটীয়া (সাকিন) (৮৪) : বগুড়া সদর থানার (বর্তমান শাহজাহানপুর থানা) চোপীনগর ইউনিয়নের অন্তর্গত একটি গ্রাম (বৃ কুষ্টিয়া)।

কৈচড় (গ্রাম) (৭৬) : শেলবর্ষ পরগনাধীন একটি উল্লেখযোগ্য গ্রাম।

কোঙরপুর (সাকিন) (৫৭) : সিরাজগঞ্জ জেলার কজিপুর থানাধীন ধামাইনগর ইউনিয়নভুক্ত একটি গ্রাম (কোমরপুর)। আয়তন ২৬৯ একর, লোকসংখ্যা ৬০০ (প্রায়)।

কোলাবাড়ি (মৌজা) (৪৭) : ১৮৪৮ খ্রিষ্টাব্দে লিখিত ৪৭ সংখ্যক পত্রে কোলাবাড়ি মৌজাটির অস্তিত্ব পাওয়া যায়।

কৃষ্ণপুর (সাকিন) (৩৪, ৩৫) : বগুড়া জেলার শেরপুর থানার মির্জাপুর ইউনিয়নের অন্তর্গত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৪৩২.০২ একর। লোকসংখ্যা প্রায় ১২০০। (বগুড়া সদর থানার এরুলিয়া ইউনিয়নে ও সিরাজগঞ্জ জেলার কাজিপুর থানাধীন ধামাইনগর ইউনিয়নেও কৃষ্ণপুর নামক গ্রামের অস্তিত্ব রয়েছে)।

Dhaka University Institutional Repository

খান্দার (সাকিন) (১০১) : বর্তমানে বগুড়া শহরের অন্তর্গত একটি বর্ধিষ্ণু মহল্লা।

খাড়ুয়া (সাকিন) (৭১) : সিরাজগঞ্জ সদর থানাধীন মেছরা ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৩১৭ একর, লোকসংখ্যা ২৬০০ (প্রায়)।

খামারকান্দী (গ্রাম) ৪০, ১০৫) : বর্তমান বগুড়া জেলার শেরপুর থানাধীন একটি বর্ধিষ্ণু গ্রাম ও ইউনিয়ন।

খিয়াইল (মৌজা) (৬৭) : বর্তমান সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ থানার ধামাইনগর ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ২১৪ একর, লোকসংখ্যা ৮০০ (প্রায়)।

খোর্দ্দসীমলা (মৌজা) (৮) : বগুড়া জেলার নন্দীগ্রাম সদর থানার অন্তর্গত একটি গ্রাম (খোর্দ শিমলা)। আয়তন ১২৬ একর, লোকসংখ্যা ৪০০ (প্রায়)।

গণ্ডগ্রাম (সাকিন) (৪৪) : বগুড়া সদর থানাধীন সুলতানগঞ্জ ইউনিয়নের অন্তর্গত একটি বর্ধিষ্ণু গ্রাম। গ্রামটির আয়তন ৭৯১ একর, লোকসংখ্যা ৫০০০ (প্রায়)।

গাড়ামারা (মৌজা) (৬৩) : গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ থানাধীন শালমারা ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৩২৬ একর, লোকসংখ্যা ১২০০ (প্রায়)।

গোপালপুর (সাকিন) (১৮) : বগুড়া জেলাধীন শেরপুর থানার খানপুর ইউনিয়নভুক্ত একটি বর্ধিষ্ণু গ্রাম। গ্রামটির আয়তন ২৬০৭.২৪ একর, লোকসংখ্যা ১৫,০০০ (প্রায়)।

জাঙ্গীরাবাদ (ডিহি) (৩০) : বগুড়া শহরের শিবগঞ্জ সদর থানার অন্তর্ভুক্ত একটি গ্রাম (জাহাঙ্গিরাবাদ) গ্রামটির আয়তন ৬৪৩.৫৬ একর, লোকসংখ্যা ৩,০০০ (প্রায়)। (অপর একটি জাহাঙ্গীরাবাদ বগুড়া শহরের উপকণ্ঠে বনানীর পশ্চিম পাশের এলাকা)।

জোড়া (সাকিন) (৭৯ খ) : বগুড়া জেলার শাহাজানপুর থানার অন্তর্গত আসেকপুর ইউনিয়নভুক্ত একটি গ্রাম। এখানে একটি মাদ্রাসা ও দুটি হাইস্কুল রয়েছে। গ্রামটির আয়তন ১১৮২.৯৪ একর, লোকসংখ্যা ৫,০০০ (প্রায়)।

চক কাতুলী (মৌজা) (৪৭) : বগুড়া জেলার গাবতলী থানাধীন নাড়ুয়ামালা ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৫৩২.১৩ একর, লোকসংখ্যা ২,৬০০ (প্রায়)।

চক রত্নেশ্বর, চক রত্নেস্বর (সাকিন) (৩৯, ৯৯) : বগুড়া জেলার নন্দীগ্রাম থানার অন্তর্ভুক্ত বুরাইল ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৭৫ একর, লোকসংখ্যা ৪০০ (প্রায়)।

Dhaka University Institutional Repository

চকলোকমান (সাকিন) (৬২ খ) : বগুড়া শহরের একটি মহল্লা। মহল্লাটি সুলতানগঞ্জ ইউনিয়নের অন্তর্ভুক্ত। এর আয়তন ১২১.৭৬ একর, লোকসংখ্যা ২,০০০ (প্রায়)।

চলীতাবাড়ী (সাকিন) (৭৮) : বগুড়া জেলার প্রতাপবাজু পরগনাধীন চালীতাবাড়ী একটি গ্রাম।

চুপীনগর,চোপীনগর (সাকিন) (২৭, ৯৭) : বগুড়া জেলার বর্তমান শাহাজানপুর থানার অন্তর্ভুক্ত একটি গ্রাম ও ইউনিয়ন (চোপীনগর)। গ্রামটির আয়তন ৩৮৬.১৩ একর, লোকসংখ্যা ৩,০০০ (প্রায়)।

চেলোপাড়া (সাকিন) (৭৫খ) : বগুড়া শহরের পূর্বাংশে করেতোয়া নদীর পূর্বতীর ঘেষে চেলোপাড়ার অবস্থান। এর আয়তন ৫৮ একর, লোকসংখ্যা ৩,০০০ (প্রায়)। চেলোপাড়া সাবগ্রাম ইউনিয়নের অন্তর্ভুক্ত।

ছাতীন (গ্রাম) (৯৪) : বগুড়া জেলার ধুনট থানাধীন মথুরাপুর ইউনিয়নভুক্ত একটি গ্রাম (ছাতিয়ানী) আয়তন ৫১৩.৪৬ একর, লোকসংখ্যা ২,০০০ (প্রায়)।

ঠনঠনিএগ্রা (সাকিন) (৭৬) : বগুড়া শহরের দক্ষিণ অংশে অবস্থিত। এটি একটি সমৃদ্ধ মহল্লা (ঠনঠনিয়া)। মহল্লাটি সুলতানগঞ্জ ইউনিয়নের অন্তর্ভুক্ত। আয়তন ২০২.৫০ একর, লোকসংখ্যা ১৬০০ (প্রায়)।

ডালমরা (সাকিন) (৪২) : ১৮৪৮ খ্রিষ্টাব্দে লিখিত ৪২ সংখ্যক পত্রে ডালমরা গ্রামটির অস্তিত্ব লক্ষ্য করা যায়।

ঢাকস্তা (সাকিন) (৭০খ) : বগুড়া জেলার কাহালু থানাধীন মালঞ্চ ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৩৫৭.০৪ একর, লোকসংখ্যা ৮০০ (প্রায়)।

তালদিঘী (সাকিন) (১০৭) : ১৮৫০ খ্রিষ্টাব্দে লিখিত ১০৭ সংখ্যক পত্রে তালিদিঘী গ্রামটির উল্লেখ রয়েছে।

তালোড়া (সাকিন) (৯৬খ) : বগুড়া জেলার দুপচাঁচিয়া থানাধীন একটি ইউনিয়ন ও গ্রাম। গ্রামটির আয়তন ১২৯৮.১১ একর, লোকসংখ্যা ১০,০০০ (প্রায়)।

তিরাইল (মৌজা) ১৯, ২৩) : বগুড়া জেলার শেরপুর থানাধীন ভবানীপুর ইউনিয়নভুক্ত গ্রামটির বর্তমান নাম তিরইল। গ্রামটির আয়তন ৪০৮.৮৬ একর, লোক সংখ্যা ১,০০০ (প্রায়)।

তেথুলিয়া (মৌজা) (১৮) : বগুড়া জেলার শেরপুর থানার বিসালপুর ইউনিয়নভুক্ত একটি বর্ধিষ্ণু গ্রাম। গ্রামটির বর্তমান নাম তেঁতুলিয়া। গ্রামটির আয়তন ৫৩৬.৮১ একর, লোকসংখ্যা ৯০০ (প্রায়)।

Dhaka University Institutional Repository

ত্রিকুটটোলা (সাকিন) (৬৫) : বগুড়া জেলার প্রাচীন নগরী শেরপুরের একটি বিলুপ্তনাম মহল্লা। শেরপুরে বর্তমানে তিনটি টোলা নামের অস্তিত্ব আছে। মিঞাটোলা-বর্তমান আলিয়া মাদ্রাসা অঞ্চল, পাঠানটোলা-বর্তমান হাম্ছায়াপুর ও বর্তমান খন্দকারটোলা। ত্রিকুটটোলা সম্ভবত আশপাশেরই কোন মহল্লার নাম ছিল। ১৮৫০ খ্রিষ্টাব্দে লিখিত ৬৫-সংখ্যকপত্রে ত্রিকুটটোলার অস্তিত্ব লক্ষযোগ্য।

দমদমা (সাকিন) (৬৬, ৬৮) : বগুড়া জেলার নন্দীগ্রাম থানার অন্তর্ভুক্ত ভাতরা ইউনিয়নভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ২৮৯ একর, লোকসংখ্যা ৫০০ (প্রায়)।

দসটীকা (সাকিন) (৯২, ১০৩) : বগুড়া সদর জেলার অন্তর্ভুক্ত নুনগোলা ইউনিয়নভুক্ত একটি গ্রাম (দশটিকা)। গ্রামটির আয়তন ৫৫৬ একর, লোকসংখ্যা ২১০০ (প্রায়)।

দানিশনগর (চাকলে) (৫, ৩৮) : পোলাদশী পরগনাধীন এই গ্রামনামের উল্লেখ রয়েছে যথাক্রমে ১৮৪৭ ও ১৮৪৮ খিষ্টাব্দে লিখিত উল্লিখিত ৫ ও ৩৮-সংখ্যক পত্রদ্বয়ে।

দামাঞী (সাকিন) (১০২) : শেলবর্ষ পরগনাধীন একটি সমৃদ্ধ জনপদ দামাঞীর উল্লেখ ১৮৫০ খ্রিষ্টাব্দে লিখিত ১০২ সংখ্যক পত্রে রয়েছে।

দামুয়া (সাকিন) (৪০) : দামুয়া গ্রামনামটির উল্লেখ ১৮৪৮ খ্রিষ্টাব্দে লিখিত ৪০-সংখ্যক পত্রে পাওয়া যায়।

দিঘাপতিয়া (মোকাম) (১২) : নাটোর জেলায় অবস্থিত একটি ঐতিহাসিক স্থান। নাটোরের দিঘাপতিয়ায় রানী ভবানীর রাজপ্রাসাদ বর্তমানে উত্তরা গণভবন নামে খ্যাত।

দুবচেছয়া (সাকিন) (১০২, ১০৪) : বগুড়া জেলার বর্তমান দুপচাঁচিয়া থানাধীন দুবচাঁচিয়া ইউনিয়ন ও গ্রাম। গ্রামটির আয়তন ৬৯৪.২৫ একর, লোকসংখ্যা ৬,০০০ (প্রায়)।

দেহড় (গ্রাম) (৬২) : বগুড়া জেলার কাহালু থানাধীন মুরইল ইউনিয়নভুক্ত একটি গ্রাম (দেওড়)। গ্রামটির আয়তন ২০৭.১৯ একর, লোকসংখ্যা ১২০০(প্রায়)।

ধর্ম্মপুর (সাকিন) (৫৮) : সন্তোস পরগনাধীন ধর্ম্মপুর গ্রামটির অস্তিত্ব ১৮৪৮ খ্রিষ্টাব্দে লিখিত ৫৮-সংখ্যক পত্রে পাওয়া যায়।

ধিয়ার (সাকিন) (৫৬) : ১৮৪৮ খ্রিষ্টাব্দে লিখিত ৫৬-সংখ্যক পত্রে এই গ্রামটির উল্লেখ রয়েছে।

ধুবিল (সাকিন) (৭২) : রায়গঞ্জ (সিরাজগঞ্জ) থানার ভুবিল ইউনিয়নের অন্তর্ভুক্ত একটি গ্রাম। গ্রামটির আয়তন ৪৩৯ একর, লোকসংখ্যা ২৮০০ (প্রায়)।

Dhaka University Institutional Repository

নওয়াপাড়া প্রেমপুর (সাকিন) (৪৮) : বগুড়া জেলার লস্করপুর পরগনার অন্তর্ভুক্ত একটি গ্রাম।

